THE

LONDON PHARMACOPŒIA,

EDITION 1836.

TRANSLATED INTO BENGALI

BY

MADUSOODEN GUPTA,

SUPERINTENDENT AND LECTURER OF THE MILITARY CLASS OF THE MEDICAL COLLEGE, AND LATE A PROFESSOR OF MEDICINE OF THE GOVERNMENT SANSCRIT COLLEGE,

&c. &c.

Printed by Order of Government.

CALCUTTA:

W. H. HAYCOCK, BISHOP'S COLLEGE PRESS.

1849.

লণ্ডন ফার্মাকোপিয়া

অর্থাৎ

ইংলণ্ডীয় ঔষধ কল্পাবলী

শ্রীল শ্রীযুক্ত গবর্ণমেণ্টের অনুমত্যনুসারে কলিকাতার রাজকীয় চিকিৎসা
বিদ্যালয়ের

শ্রীমধুসূদন গুপ্ত কর্ত্তৃক অনুবাদিতা

বিসাপ্‌স্‌কালেজের যন্ত্রালয়ে মুদ্রিতা

কলিকাতা

ইং সন ১৮৪৯.

শ্রীযুক্ত গবর্ণমেণ্টের আজ্ঞানুসারে লাণ্ডন ফার্মাকোপিয়া অর্থাৎ ইংরাজী ঔষধ কল্পাবলী সাধু বঙ্গ ভাষাতে অনুবাদিতা ও মুদ্রিতা হইল। যে রূপ ঐ গ্রন্থ হিন্দীতে অনুবাদিত হইয়াছে সেইরূপ বঙ্গ ভাষাতে হইবেক এই আজ্ঞাহেতুক আমি সেই রীতিক্রমে এই গ্রন্থ প্রস্তুত করিয়াছি অর্থাৎ প্রত্যেক ঔষধের ইংরাজী ও লাটিন নাম অগ্রে লিখিয়াছি পশ্চাৎ ঐ সকলের নাম বঙ্গ ভাষাতেও লিখিয়াছি যে সকল ঔষধাদির নাম বঙ্গ ভাষাতে নাই তাহা কল্পিত করিয়া অনায়াসে বোধগম্য যাহাতে হয় তাহা করিয়াছি কিন্তু অনেক ইংরাজি দ্রব্যের নাম বঙ্গ ভাষায় প্রাপ্ত না হওয়াতে তাহাদিগের কেবল ইংরাজি নাম লিখিত হইয়াছে যেমন ইপিকাকুহ্লানা ইত্যাদি।—

চিকিৎসা গ্রন্থে ব্যবহৃত শব্দ সকল চলিত বঙ্গ ভাষায় প্রায় না থাকায় এই গ্রন্থে অনেক সংস্কৃত শব্দ প্রয়োগ করা গীয়াছে কিন্তু বঙ্গ ভাষাতে যাহা চলিত আছে তাহা সাধ্য মতে পরিত্যাগ করাজায়নাই।—

শ্রীমধুসূদন গুপ্ত।

। শুদ্ধাশুদ্ধিপত্র ।

অশুদ্ধ		শুদ্ধ		পৃষ্ঠা	পংক্তি
অসিডম্ ...	...	অসিটম্ ...	...	৭	৭
ঐ ...	...	ঐ ...	...	ঐ	১২
দ্রাবর্ক ...	...	দ্রাবক ...	...	১১	৬
সেস্কুই ...	...	সেস্কুই ...	...	২২	৭
মার্ফিয়া ...	...	মার্ফি ...	...	২৫	৫
কাটাল্পাজমাটা	...	কাটাপ্লাজমাটা	...	৪২	১০
কাটাল্পাজমা	...	কাটাপ্লাজমা	...	৪৩	২
কানফেকশন	...	সিরপ ...	...	৫৬	১৩
ডিকাক্শন মাল্লো	...	ডিকাক্সন আব মাল্লো		৬৪	১৪
প্লম্বে অসিটাটিস্	...	প্লম্বে ডৈ অসিটাটিস্		১৫২	৫
কাম্পাজিটম্	...	কাম্পাজিটম্	...	১৬৩	১৫
সোডিসম্...	...	সোডিয়ম্	...	১৬৪	১২
লৈক্কারী ...	...	লৈক্কার ...	...	১৬৭	১৭
৮-পৈণ্ট ...	...	৬ পৈণ্ট...	...	১৬২	১৬
ইলিমৈ ...	...	এলিমৈ ...	...	২৩৬	১০
অন্গুইটম্ টনগ্রি	...	অন্গুইণ্টম্ পৈসিস নৈগ্রি		২৪১	২০
লৈকার অম্মোনিয়ি সেস্কুই কার্বোনেটিস্		২৩ পত্রের উপরে হইবেক।		২৩	১৫
বাঙ্গালা সংস্কৃত	...	০ ...	...	৫২	৬

। নির্ঘণ্ট. ।

॥ অ ॥	মাত্রা	পৃষ্ঠ
অকানিটৈনা।		১৯
অঙ্গুইণ্টম্। মলমের প্রকরণ।		২৩৪
আণ্টিমোনিয়াই পোটাস্সিয়ো টার্ট্রেটিস্। ...		
——— কান্থারেডিস্।		
——— সিটাসিয়াই।		
——— ক্রিয়াসোটৈ।		২৩৬
——— এলিমৈ।		ঐ
——— গ্যাল্লী কাম্পাসিটম্।..		২৩৭
——— হৈড্রার্জিরৈ ফার্সিয়স্।		ঐ
——— হৈড্রার্জিরৈ মিসিয়স।		২৩৮
——— হৈড্রার্জিরৈ নৈট্রাটিস।		ঐ
——— হৈড্রার্জিরৈ নৈট্রিকো আক্সিডৈ।		২৩৯
——— হৈড্রার্জিরৈ ঐয়োডৈডৈ।		ঐ
——— হৈড্রার্জিরৈ বৈনৈয়োডৈডৈ।		২৪০
——— হৈড্রার্জিরৈ অম্মোনিয়ো ক্লোরিডৈ।		ঐ
——— ঐয়োডৈনৈ কম্পাসিটম্।		২৪১
——— পৈসিস্ লিকুডী।		ঐ
——— পৈসিস্ নৈগ্রী।		ঐ
——— প্লম্বৈ কাম্পাসিটম্।		২৪২
——— প্লম্বৈ ঐয়োডৈডৈ।		

।। এ ।।

॥ গ ॥

নির্ঘণ্ট.

॥ ফ ॥

॥ ব ॥

॥ স ॥

॥ হ ॥

। লাটিন্ ।	। ইংরাজী ।
। লৈক্কার পোটাস্সি এফার্বেসেন্স ।	। এফার্বেসিং সোল্যূশন্- আব্ পোটাস্ ।

বৈ কার্বোনেট্ আব্ পোটাস্	১	ড্রাম
পরিস্রুত জল	১	পৈণ্ট

উক্ত জলেতে বৈ কার্বোনেট্ আব্ পোটাস্ দ্রবীভূত করিয়া ইহাতে কার্বোনিক্ এসিড্ অতি বেগে এরূপ সংযোগ করাইবেক যাহাতে এই দ্রবের ক্ষারাস্বাদ না থাকে তদপেক্ষা ও অধিকাংশ কার্বোনিক এসিড্ প্রবেশ করাইবেক পরে কাচের ছিপীযুক্ত এক কাচের কূপীতে অর্থাৎ বোতলে রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। লৈক্কার পোটাস্সী ।	। সোল্যূশন্ আব্ পোটাস্ ।

কার্বোনেট্ আব্ পোটাস্	১৫	ঔন্স
চূন	৮	ঔন্স
অত্যুষ্ণ পরিস্রুত জল	৮	গ্যালন্

চার পৈণ্ট জলে কার্বোনেট্ আব্ পোটাস্ দ্রবীভূত করিবেক এবং এক মৃত্তিকার পাত্রে চূন রাখিয়া ইহাতে অল্প অল্প জল দিয়া প্রথমতঃ ফুটাইবেক পরে অবশিষ্ট জল তাহাতে ঢালিয়া মিশ্রিত করিয়া অতি শীঘ্র ঐ

দুই দ্রব মিলিত করিয়া এক পাত্রে রাখিয়া ঐ পাত্রের মুখ বন্ধ করিবেক এবং ইহা যেপর্য্যন্ত শীতল না হয় সেপর্য্যন্ত পুনঃ পুনঃ লাড়িবেক।

লাটিন্।	। ইংরাজী।
। পোটাসী হৈড্রাস্।	। হৈড্রেট্ আব্ পোটাস্।

অর্থাৎ

। সজল ক্ষার।

সোল্যুশন্ আব্ পোটাস্ ১ গ্যালন লইয়া এক পরিষ্কৃত লৌহ পাত্রে নিক্ষেপ করিয়া ঐ পাত্র অগ্নির উপর রাখিয়া ইহার জল শোষণ করিবেক এবং উৎথলন রহিত হইলে ও হৈড্রেট্ আব্ পোটাস্ গলিলে পর নামাইয়া ঐ দ্রব উপযুক্ত ছাঁচে ঢালিবেক এবং বর্ত্তিকাকৃতি হইলে বোতলে রাখিয়া কাচের ছিপি দ্বারা বন্ধ করিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। পোটাস্সা কম্ ক্যাল্সী।	। পোটাস্ বিথ লৈম্।
	কাষ্টিক্ পোটাস্।

। বাঙ্গালা।

। সচূর্ণক্ষার।

হৈড্রেট্ আব্ পোটাস্	...	...	...	১ ঔন্স
লৈম অর্থাৎ চুন	...	...	...	১ ঔন্স

এই দুই বস্তু একত্র খল করিয়া এক শিশীতে রাখিয়া তাহার মুখ উত্তমৰূপে কাচের ছিপী দ্বারা বন্ধ করিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। পোটাস্সি অসিটাস্। । অসিটেট্ আব্ পোটাস্।

কার্বোনেট্ আব্ পোটাস্	১	পৌণ্ড
অসিটিক্ অসিড্ অর্থাৎ পরিস্রুত সির্কা ভাণ্ডগৃহীত	২৬	ঔন্স
পরিস্রুত জল	১২	ঔন্স

প্রথমতঃ জলেতে এসিটিক্ এসিড্ মিশ্রিত করিবেক তদনন্তর ইহাতে কার্বোনেট্ আব্ পোটাস্ দিয়াতে যে উৎথলন হইবেক তাহা রহিত হইলে ছাঁকিয়া লইবেক পরে বালুকা যন্ত্রে রাখিয়া সাবধান হইয়া তাবৎ সন্তাপ প্রদান করিবেক যাবৎপর্য্যন্ত লবণবৎ প্রস্তুত না হয় লবণের ন্যায় হইলে নামাইয়া রাখিবেক।

। লটিন্। । ইংরাজী।

। পোটাস্সিসল্ফাস্। । সল্ফেট্ আব্ পোটাস্।

নৈট্রিক্ অসিড্ অর্থাৎ যবক্ষার দ্রাবক চুয়াইবার কালীন যে অবশিষ্ট ক্ষারলবণ যন্ত্রে লগ্ন হইয়া থাকে সেই ক্ষার ...	২	পৌণ্ড
উষ্ণ জল	২	গ্যালন

উক্ত ক্ষার এক ক্রুসিবল্ অর্থাৎ মূষাতে রাখিয়া তাবৎ পর্য্যন্ত দাহ করিবেক যাবৎ উহাতে সল্ফ্যুরিক্ অসিড্ থাকিবেক অর্থাৎ উহার অম্লতা যে পর্য্যন্ত সম্যক্প্রকারে দূরীভূতা না হয় সেইপর্য্যন্ত দাহ করিবেক পরে দুই গ্যালন জলেতে উহা সেইপর্য্যন্ত অগ্নিতে পাক করিবেক যেপর্য্যন্ত উহার উপর সর না পড়ে সর পড়িলে পর ছাঁকিয়া লইয়া নির্জনে রাখিলে দানা বান্ধিবেক তৎপরে উপরিস্থ জল ঢালিয়া ফেলিয়া দানা সকল শুষ্ক করিয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। পোটাস্সি বৈ সল্ফাস্। । বৈ সল্ফেট্ আব্ পোটাস্।

নৈট্রিক্ অসিড্ অর্থাৎ যবক্ষার দ্রাবক চুয়াইবার কালীন যে অবশিষ্ট ক্ষার লবণ যন্ত্রে লগ্ন হইয়া থাকে সেই ক্ষার ... ২ পৌণ্ড

সল্ফ্যুরিক্ অসিড্ .. .. ১ পৌণ্ড

উষ্ণ জল .. .. ২ গ্যালন্

উক্ত জলে ঐ ক্ষার দ্রবীভূত করিয়া ইহাতে গন্ধক দ্রাবক মিশ্রিত করিয়া পাক করিবেক পরে নির্জনে রাখিলে ইহা যে দানা বান্ধিবেক তাহা লইবেক।

।লাটিন্।	।ইংরাজী।
।পোটাস্সী টার্ট্রাস্।	।টার্ট্রেট্ আব্ পোটাস্।

বৈটার্ট্রেট্ আব্ পোটাস্ চূর্ণীকৃত ...	৩	পৌণ্ড
কার্বোনেট আব্ পোটাস্ অর্থাৎ শোধিতক্ষার অথবা ইহা যত আবশ্যক হইবেক তত লইবেক	১৬	ঔন্স
অত্যুষ্ণ জল	৬	পৈণ্ট

উষ্ণজলে কার্বোনেট্ আব্ পোটাস্ দ্রবীভূত করিবেক এই দ্রবের সহিত বৈটার্ট্রেট্ আব্ পোটাস্ মিশ্রিত করিয়া পাক করিয়া দ্রবাংশ ছাঁকিয়া লইয়া পুনর্ব্বার পাক করিবেক এবং উহার উপর সর পড়িলে পর নামাইয়া নির্জনে রাখিলে ইহাতে যে দানা সমস্ত বান্ধিবেক তাহার উপরিস্থ দ্রব ঢালিয়া ঐ দানা শুষ্ক করিবেক, এবং জলীয়ভাগকে পুনর্ব্বার এমত সন্তাপে শোষণ করিবেক যে ইহাতেও দানা উৎপন্ন হইবেক।

।লাটিন্।	।ইংরাজী।
।পোটাস্সিয়াই ব্রোমিডম্।	।ব্রোমৈড্ আব্ পোটাস্সিয়ম্।

ব্রোমৈন্	২	ঔন্স	
কার্বোনেট্ আব্ পোটাস্ অর্থাৎ শোধিতক্ষার	২	ঔন্স	১ ড্রাম
ঐরন্ ফৈলিঙ্স অর্থাৎ লৌহচূর্ণ ...	১	ঔন্স	
পরিস্রুত জল	৩	পৈণ্ট	

ডের পৈণ্ট জলে প্রথমতঃ লৌহচূর্ণ নিক্ষেপ করিবেক পরে ইহাতে ব্রোমৈন্ প্রক্ষেপ করিয়া অর্দ্ধঘণ্টাপর্য্যন্ত লোহার খুন্তী দ্বারা পুনঃ পুনঃ নাড়িবেক তাহার পর মৃদু অগ্নিতে পাক করিবেক, পাক কালীন ইহাতে শাক বর্ণ উৎপন্ন হইলে অবশিষ্ট জলেতে কার্বোনেট্ আব্ পোটাস্ মিশ্রিত করিয়া ইহাতে প্রক্ষেপ করিয়া নামাইয়া ছাঁকিয়া লইবেক এবং ছাঁকিবার পর যাহা অবশিষ্ট থাকিবেক তাহাও দুই পৈণ্ট অত্যুষ্ণ পরিস্রুত জল দ্বারা ধৌত করিয়া ছাঁকিয়া লইবেক তদনন্তর উক্ত দুই দ্রব মিলিত করিয়া এমত শোষণ করিবেক যে তাহাতে দানা বান্ধিতে পারিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পোটাস্সিয়াই ঐয়োডৈডম্ ।	। ঐয়োডৈড্ আব্পোটাস্সিয়ম্ ।

ঐয়োডৈন্	৬	ঔন্স
কার্বোনেট্ আব্ পোটাস্ (শোধিত ক্ষার) ..	৪	ঔন্স
ঐরন্ ফৈলিঙ্স (লৌহচূর্ণ)...	২	ঔন্স
পরিস্রুত জল	৮	পৈণ্ট

চার পৈণ্ট জলেতে ঐয়োডৈন্ মিশ্রিত করিয়া ইহাতে লৌহচূর্ণ নিক্ষেপ করিয়া অর্দ্ধঘণ্টাপর্য্যন্ত পুনঃ পুনঃ লৌহখুন্তী দ্বারা নাড়িবেক পরে এই মিশ্রিত দ্রবকে মৃদু সন্তাপে পাক করিবেক এবং ইহাতে যখন শাক বর্ণ উৎপন্ন হইবেক তৎকালীন দুই পৈণ্ট পরিস্রুত জলেতে মিশ্রিত কার্বোনেট্ পোটাস্ উহাতে প্রক্ষেপ করিবেক পরে নামাইয়া ছাঁকিয়া লইবেক, ছাঁকিবার পর যাহা অবশিষ্ট থাকিবেক তাহাও দুই পৈণ্ট অত্যুষ্ণ পরিস্রুত জলে ধৌত করিয়া ঐ ধৌত জল পুনর্ব্বার ছাঁকিয়া প্রথম দ্রবের সহিত মিলিত করিয়া এমত শোষণ করিবেক যে তাহাতে দানা বান্ধিতে পারিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। লৈক্কার পোটাস্সিয়াই- ঐয়োডৈডৈ কাম্পাসিটম্।	। কম্পৌণ্ড সোল্যুশন্ আব্- ঐয়োডৈড্ আব্ পোটাস্সিয়ম্।

ঐয়োডৈড্ আব্ পোটাস্সিয়ম্	...	...		১০	গ্রেন্
ঐয়োডৈন্	...	...	... ...	৫	গ্রেন
পরিস্রুত জল	...	...	...	১	পৈণ্ট

এই সকল দ্রব্য মিশ্রিত করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পোটাস্সিয়াই সল্ফ্যুরীটম্ ।	। সল্ফ্যুরেট্ আব্ পোটাস্সিয়ম্ ।

। গন্ধক মিশ্র শোধিতক্ষার ।

গন্ধক	১	ঔন্স
কার্বোনেট্ আব্ পোটাস্	৪	ঔন্স

এই দুই দ্রব্য এক খলেতে মর্দ্দিত করিয়া এক ক্রুসিবল অর্থাৎ মূষাতে রাখিয়া উহার মুখে ঢাকা দিয়া অগ্নির উপরি রাখিবেক মিশ্রিত হইলে নামাইয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। প্রিপেরাটা ই সোডিয়ো ।	। প্রিপেরেসন্স আব্-সোডিসম্ ।

। অর্থাৎ ।

। সর্জ্জিকা ধাতু হইতে যে ঔষধ প্রস্তুত হয় তাহার প্রকরণ ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। সোডি কার্বোনাস্ ।	। কার্বোনেট্ আব্ সোডা ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। শোধিত সর্জ্জিকাক্ষার ।	। শোধিতসাজীমাটী ।

ইম্প্যুর কার্বোনেট্ আব সোডা অর্থাৎ সার্জ্জামাটী ইহার চূর্ণ	২	পৌণ্ড
পরিস্রুত জল	৪	পৈণ্ট

উক্ত জলেতে সাজীমাটী মিশ্রিত করিয়া পাক করিয়া উষ্ণ থাকিতে ছাঁকিয়া লইবেক এবং নির্জ্জনে রাখিলে যে দানা বান্ধিবেক তাহা লইবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। সোডী কার্ব্বোনাস্ এক্স-সিক্কাটা।	। ড্রায়ড্ কার্ব্বোনেট্ আব্-সোডা।
। সংস্কৃত।	। বাঙ্গালা।
। অতি শুষ্ক সর্জ্জিকা ক্ষার।	। অতি শুষ্ক সাজীমাটী।

কার্ব্বোনেট্ আব্ সোডা ... .. ১ পৌণ্ড

লইয়া এক পরিষ্কৃত লোহার পাত্রে রাখিয়া সন্তাপ দ্বারা শুষ্ক করিবেক শুষ্ক হইলে পর এমত জ্বাল দিবেক যে ঐ কার্ব্বোনেট্ আব্ সোডা অরুণ বর্ণ হইবেক তৎপরে নামাইয়া চূর্ণ করিয়া রাখিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। সোডী সেস্কুই কার্ব্বোনাস্।	। সেস্কুই কার্ব্বোনেট্ আব্-সোডা।

কার্ব্বোনেট্ আব্ সোডা (শোধিত সাজীমাটী) ৭ পৌণ্ড

পরিস্রুত জল ... ... ১ গ্যালন্

জলেতে কার্বোনেট্ আব্ সোডা মিশ্রিত করিয়া ছাঁকিয়া লইবেক এবং ইহাতে এত কার্বোনিক্ অসিড্ প্রবেশ করাইবেক যে সেস্কুই কার্বোনেট্ আব্ সোডা হইয়া নীচে পতিত হইবেক ঐ অধঃপতিত লবণ বস্ত্রে নিষ্পীড়িত করিয়া মৃদু সন্তাপে শুষ্ক করিয়া রাখিবেক।

লাটিন্	ইংরাজী
সোডী সল্ফাস্	সল্ফেট্ আব্ সোডা

হাইড্রোক্লোরিক্ অসিড্ অর্থাৎ লবণ দ্রাবক চুয়াইবার পর যে লবণ যন্ত্রে সংলগ্ন হইয়া থাকে তাহার	...	২ পৌণ্ড
অত্যুষ্ণ জল	...	২ পৈণ্ট
কার্বোনেট্ আব্ সোডা অর্থাৎ শোধিত সাজী মাটী যত প্রয়োজন হইবেক তত লইবেক।		

জলেতে উক্ত লবণ গলাইয়া ইহাতে এমত পরিমাণে কার্বোনেট্ আব্ সোডা মিশ্রিত করিবেক যে ঐ দ্রবের অম্লতা দূরীভূতা হয়, তদনন্তর ঐ দ্রব পাক করিবেক ইহার উপর সর পড়িলে নামাইয়া ছাঁকিয়া লইয়া নির্জ্জনে রাখিবেক, ইহাতে যে দানা সমস্ত বান্ধিবেক তাহার উপরিস্থ জলাংশ ঢালিয়া ফেলিয়া দানা সকল শুষ্ক করিয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। সোডী পোটাস্লিয়ো টার্ট্রাস্। । পোটাস্লীয়ো টার্ট্রেট্-আব্ সোডা।

বৈটার্ট্রেট্ আব্ পোটাস্ (ক্রিম্ টার্টর) ...	১৬	ঔন্স
কার্বোনেট্ আব্ সোডা অর্থাৎ শোধিত সাজি মাটী	১২	ঔন্স
অত্যুষ্ণ জল	৪	পৈণ্ট

জলেতে কার্বোনেট্ আব্ সোডা দ্রবীভূত করিয়া ঐ দ্রবেতে বৈটার্ট্রেট্ আব্ পোটাস্ অল্প অল্প নিক্ষেপ করিয়া মিলাইবেক তদনন্তর ঐ দ্রব ছাঁকিয়া লইয়া মৃদু সন্তাপে পাক করিবেক, ইহার উপর সর পড়িলে নামাইয়া নির্জনে রাখিবেক. ইহাতে দানা বান্ধিলে পর উপরিস্থ দ্রবাংশ ঢালিয়া রাখিয়া দানা সকল শুষ্ক করিয়া লইবেক এবং যে দ্রব ঢালিয়া লইবেক তাহাও পূর্ব্ববৎ সন্তাপে শোষণ করিবেক কারণ তদ্দ্বারা ইহাতেও যে দানা বান্ধিবেক তাহাও লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। লৈক্বারী সোডী এফর্বেসেন্স। । এফর্বেসিঙ্গ সোলূশন্ আব-সোডা।

। শোধিত সাজীমাটীর সোগ্থলন দ্রব।

সেস্কুয়ি কার্বোনেট্ আব্ সোডা	১	ড্রাম্
পরিস্রুত জল	১	পৈণ্ট

জলেতে সেস্কুয়ি কার্বোনেট্ আব্ সোডা দ্রবীভূত করিয়া ইহাতে এত অধিক কার্বোনিক্ অসিড্ প্রবেশ করাইবেক যে উহার যে পরিমাণ উক্ত দ্রবের সহিত মিলিত হইতে পারিবেক তাহার অপেক্ষাও অধিক হইবেক তদনন্তর ঐ দ্রব এক বোতলে রাখিয়া তাহার মুখ অতি দৃঢ় রূপে কাচের ছিপী দ্বারা বন্ধ করিয়া রখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। লৈক্কার সোডী ক্লোরিনাটী। । সোল্যুশন্ আব্ ক্লোরিনেটেড্ সোডা।

। হরিদ্বায়ুযুক্ত সর্জ্জিকার দ্রব।

কার্বোনেট্ আব্ সোডা (শোধিত সর্জ্জিকাক্ষার)	১	পৌণ্ড
লবণ	৪	ঔন্স
বৈনাক্সৈড্ আব্ ম্যাঙ্গেনিজ	৩	ঔন্স
সল্ফ্যুরিক্ অসিড্ অর্থাৎ গন্ধক দ্রাবক ...	৪	ঔন্স
পরিস্রুত জল	৪৮	ঔন্স

দুই পৈণ্ট জলেতে কার্বোনেট্ আব্ সোডা দ্রবীভূত করিবেক, বৈনাক্সৈড্ আব্ ম্যাঙ্গেনিজ্ ও লবণ চূর্ণ

করিয়া এক গ্লাসরিটার্ট অর্থাৎ কাচের বকযন্ত্রে নিক্ষেপ করিয়া ইহাতে গন্ধকদ্রাবক তিন ঔন্স জলেতে মিশ্রিত করিয়া শীতল হইলে পর প্রক্ষেপ করিবেক পরে ঐ যন্ত্রে সন্তাপ প্রদান করত যে ক্লোরৈন্ গ্যাস্ অর্থাৎ হরিদ্বায়ু নির্গত হইবেক তাহা প্রথমতঃ পাঁচ ঔন্স জলেতে প্রবেশ করাইবেক পরে ঐ জল ত্যাগ করিয়া উক্ত কার্বোনেট্ আব্ সোডার দ্রবেতে প্রবেশ করাই-বেক।

। লাটিন্।	। ইংরাজী।
। প্রিপেরাটা ই জিঙ্কো।	। প্রিপেরেসন্স আব্ জিঙ্ক।

। দস্তা হইতে যে ঔষধ প্রস্তুত হয় তাহার প্রকরণ।

। লাটিন্।	। ইংরাজী।
। জিঙ্কৈ সল্ফাস্।	। সল্ফেট্ আব্ জিঙ্ক।
। সংস্কৃত।	। বাঙ্গালা।
। শুভ্র কাসীশ।	। সাদা তুতীয়া।

দস্তার টুকরা	৫	ঔন্স
ডৈল্যুটিড্ সল্ফ্যুরিক্ অসিড্ অর্থাৎ সজল গন্ধক দ্রাবক	২	পৈণ্ট

দস্তার টুকরাতে সজলগন্ধক দ্রাবক ক্রমে ক্রমে অল্প করিয়া নিক্ষেপ করিবেক উত্থলন রহিত হইলে বস্ত্রে ছাঁকিয়া মৃদু সন্তাপে রাখিবেক; ইহার উপর সর পড়িলে পর নামাইয়া নির্জনে রাখিবেক পরে ইহাতে যে দানা বান্ধিবেক তাহা লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। জিঙ্কৈ আক্সিডম্। । আক্সৈড্ আব্ জিঙ্ক।

। বাঙ্গালা।

। দস্তাভস্ম।

সল্ফেট আব্ জিঙ্ক	১	পৌণ্ড
সেস্কুই কার্বোনেট আব্ এম্মোনিয়া ...	৬।।০	ঔন্স
পরিস্রুত জল	৩	গ্যালন

দ্বাদশ পৈণ্ট জলেতে সল্ফেট্ আব্ জিঙ্ক এবং আর দ্বাদশ পৈণ্ট জলেতে সেস্কুই কার্বোনেট্ আব্ এম্মোনিয়া পৃথক্ পৃথক্ দ্রবীভূত করিবেক, এই দুই দ্রব মিলিত করিয়া ছাঁকিয়া রাখিবেক, ঐ দ্রবের নীচে যাহা পতিত হইবেক তাহা বারম্বার পরিস্রুত জল দ্বারা ধৌত করিয়া দুইঘণ্টা পর্য্যন্ত তীক্ষ্ণ অগ্নিতে রাখিয়া দগ্ধ করিয়া লইবেক।

। লাটিন্।	। ইংরাজী ।
। কলামিনা প্রিপেরেটা ।	। প্রিপেরেড্ কলামিন্।

। বাঙ্গালা ।

। পীতবর্ণ দস্তা ভস্ম ।

কলামিন্ দগ্ধ করিয়া সূক্ষ্ম চূর্ণ করিবেক এবং যে প্রকারে খড়ীর শোধন লিখিত হইয়াছে ঐ রীত্যনুসারে কলামিন্ শোধিত করিয়া লইবেক।

। লাটিন্।	। ইংরাজী ।
। মিষ্টুরা ।	। মিক্সটুর্স ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। মন্থঃ । পানীয় ।	। পানা ।পানীয় ।

কোন ঔষধদ্রব্য জলের সহিত মিশ্রিত করিলে ঐ ঔষধের নাম ইংরাজীতে মিক্সটুর্ কহে এবং সংস্কৃততে মন্থ বা পানীয় ও বঙ্গ ভাষাতে যোগ অথবা পানা কহা জায়।

। লাটিন্।	। ইংরাজী ।
। মিষ্টুরা একাসিয়ি ।	। মিক্সটুর আব্ একেসিয়া ।

। অর্থাৎ ।

। আরেবিক বব্বুলগোঁদের পানীয় ।

গম একোসিয়া অর্থাৎ গম আরেবিকের চূর্ণ ...	১০	ঔংস
অবুপ্প জল	১	পৈণ্ট

ঐ চূর্ণ জলেতে অল্প অল্প নিক্ষেপ করিয়া এমত খল করিবেক যে জলের সহিত মিলিত হইবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। মিষ্ট্যুরা এম্মোনৈসৈ।	। মিক্সট্যুর আব্ এম্মোনৈয়েকম্।

। অর্থাৎ।

। উসকের পানীয়।

গম এম্মোনিয়েকম্ অর্থাৎ উসক	... ..	৫ ড্রাম
জল	... ...	১ পৈণ্ট

উসক খলে রাখিয়া ইহাতে অল্প অল্প জল দিয়া উত্তম রূপে এমত মর্দন করিবেক যে জলের সহিত ইহা সুন্দর রূপে মিশ্রিত হইবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। মিষ্ট্যুরা এমিগ্ডালী।	। মিক্সট্যুর আব্ আমন্।

। বাঙ্গালা।

। বাদামের পানীয়।

কান্‌ফেকসন্ আব্ আমন অর্থাৎ বাদামের খণ্ড	... ...	২।।০ ঔন্স
পরিস্রুত জল	.. . .	১ পৈণ্ট

কান্সেক্সন্ আব্ আমন্ খলে রাখিয়া ইহাতে পৃথমতঃ অল্প অল্প জল দিয়া মর্দন করিবেক পরে সমস্ত জলের সহিত মিশ্রিত হইলে ছাঁকিয়া লইবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। মিষ্টুরা অস্লাফেটিডী।	। মিক্সটুর আব্ আসাফেটেডা।
। সংস্কৃত।	। বাঙ্গালা।
। হিঙ্গুমন্থ।	। হিঙ্গের পানীয়।

হিঙ্গু	৫	ড্রাম
জল	১	পৈণ্ট

হিঙ্গেতে জল অল্প অল্প দিয়া খল করিবেক পরে অবশিষ্ট জলের সহিত হিঙ্গু মিশ্রিত করিয়া লইবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। মিষ্টুরা ক্যাম্ফোরী।	। ক্যাম্ফোর মিক্সটুর।
। সংস্কৃত।	। বাঙ্গালা।
। কর্পূর মন্থ।	। কর্পূরের পানীয়।

কর্পূর	॥০	ড্রাম
রিক্টীফৈড্ স্পিরিট অর্থাৎ অল্প জলস্থরা ...	১০	বিন্দু
জল	১	পৈণ্ট

কর্পূরের সহিত সুরা মিলিত করিয়া খল করিবেক পরে ইহাতে অল্প অল্প জল নিক্ষেপ করিয়া মর্দন

করত অবশিষ্ট জলের সহিত মিশ্রিত করিয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। মিষ্টুরা ক্যাস্কেরেল্লী-কাম্পাসিটা। । কম্পৌণ্ড মিষ্টুর আব্-ক্যাস্কেরিল্লা।

। অর্থাৎ।

। ক্যাস্কেরেল্লাদির পানীয়।

ইন্‌ফুজন আব ক্যাস্কেরিল্লা (ক্যাস্কেরিল্লার ফাণ্ট)	১৭	ঔন্স
বিনিগর আব স্কুইল অর্থাৎ সিকা মিশ্র কন্দরা	১	ঔন্স
কম্পৌণ্ড টিঙ্কচুর আব ক্যাম্ফর	২	ঔন্স

এই তিন দ্রব্য একত্র মিশ্রিত করিয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। মিষ্টুরা ক্রিটী। । মিক্সচুর আব্ চাক্।

। বাঙ্গালা।

। খটিকাদির পানীয়।

শোধিত খড়ী অর্থাৎ খড়িমাটী	।।৹	ঔন্স
মিস্রি	৩	ড্রাম
মিষ্টুর আব্ একেসিয়া অর্থাৎ আরেবিক গোঁদের পানীয়	১।।৹	ঔন্স
ওয়াটর আব সিনেমন্ অর্থাৎ দারচিনীর আরক	১৮	ঔন্স

এই সকল মিলিত করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। মিষ্টুরা ফর্রৈ কাম্পাসিটা ।	। কম্পৌণ্ড মিক্সটুর আব্-ঐরন্ ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। কাসীসাদির মন্থ ।	। হিরাকসাদির পানীয় ।

গন্ধবোল চূর্ণ	২	ড্রাম
কার্বোনেট আব্ পোটাস্ অর্থাৎ শোধিত ক্ষার	১	ড্রাম
গোলাপজল	১৮	ঔন্স
হিরাকস	৫০	গ্রেন্
স্পিরিট্ আব নটমেগ্ অর্থাৎ জায়ফলের আরক	১	ঔন্স
মিস্রি	২	ড্রাম

গন্ধবোল স্পিরিট্ আব্ নটমেগ্ ও কার্বোনেট্ আব্ পোটাস্ এই সকল খলে একত্র করিয়া মর্দন করিবার কালীন প্রথমতঃ গোলাপজলের সহিত মিস্রি নিক্ষেপ করিয়া মিশ্রিত করিবে তদনন্তর হিরাকস ইহাতে মিশ্রিত করিয়া ঐ সমস্ত দ্রবীভূত হইলে শীঘ্র এক শিশীতে রাখিয়া তাহার মুখ বন্ধ করিয়া রাখিবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। মিষ্ট্যুরা জিন্সিয়ানী । । কম্পৌণ্ড মিক্সট্যুর আব্-জেন্সন্ ।

। অর্থাৎ ।

। জেন্সনের পানীয় ।

কম্পৌণ্ড ইন্ফ্যুজন আব জেন্সন্	...	...	১২	ঔন্স
কম্পৌণ্ড ইনফ্যুজন আব্ সেন্না (সোনামুখ্যাদির মন্থ)			৬	ঔন্স
কম্পৌণ্ড টিঙ্কট্যুর্ আব্ কার্ডেমম্	...	.	২	ঔন্স

এই তিন বস্তু মিশ্রিত করিয়া রাখিবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। মিষ্ট্যুরা গ্বায়েয়সৈ । । মিক্সট্যুর আব্ গ্বৈয়েকম্ ।

। গ্বেয়েকমের পানীয় ।

গ্বেয়েকম্ রেজিন্	...	...	...	৩	ড্রাম
মিস্রি	...	..	. .	... ৪	ড্রাম
মিক্সট্যুর আব একেসিয়া	...	..	. .	৪	ড্রাম
ৱাটর্ আব্ সিনেমন্ অর্থাৎ দারচিনির আরক ...				১৯	ঔন্স

প্রথমতঃ গ্বৈয়েকম্ গোঁদ এবং মিস্রি মিলিত করিয়া খলে মর্দন করত ইহাতে মিক্সট্যুর আব্ একেসিয়া নিক্ষেপ করিয়া দারচিনির আরক অল্প অল্প দিয়া মিশ্রিত করিবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। মিষ্টুযরা মস্কৈ । । মিক্সটুযর আব্ মস্ক ।

। বাঙ্গালা ।

। মৃগনাভির পানীয় ।

মৃগনাভি … … … …	৩	ড্রাম
একেসিয়া অর্থাৎ আরেবিক গোঁদ তচ্চূর্ণ ..	৩	ড্রাম
মিস্রি … … … …	৩	ড্রাম
গোলাপজল … … … …	১	পৈণ্ট

মিস্রির সহিত মৃগনাভি খলে মর্দন করিয়া উহার সহিত আরেবিক গোঁদ মর্দন করিবেক এবং ইহাতে অল্প অল্প গোলাপ্জল সেচন করিবেক সমস্ত মিলিত হইলে ঔষধ প্রস্তুত হইবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। মিষ্টুযরা স্পিরিটস্ বৈনৈ-গ্যাল্লিসৈ । । মিক্সটুযর আব্ স্পিরিট-আব্ ফ্রেঞ্চ বৈন ।

। অর্থাৎ ।

। ফ্রেন্সদেশীয় সুরার পানীয় ।

ব্রাণ্ডী (সুরা) … … … …	৪	ঔন্স
দারচিনীর আরক … … …	৪	ঔন্স
দুই অণ্ডের লালাংশ … … …		
শোধিত মিস্রি … … … …	৪	ড্রাম
দারচিনীর তৈল … … …	২	বিন্দু

এই সকল দ্রব্য একত্র মিলিত করিয়া লইবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ওলিয়া ডিষ্টিল্লাটা ।	। ডিষ্টিল্লিড্ আইল্জ্ ।

। পরিস্রুত তৈল অর্থাৎ চুয়ান তৈল্ সকলের প্রকরণ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ওলিয়ম্ অনিসৈ ।	। আইল্ আব্ এনিস্ ।

। বিলাতী মহুরীর তৈল ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ওলিয়ম্ আন্থেমিডিস্ ।	। আইল্ আব্ কেমো-মাইল ।

। চামিলীর তৈল ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ওলিয়ম্ কারুয়াই ।	। আইল্ আব্ কেরাবৈ ।

। বিলাতী জীরার তৈল ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ওলিয়ম্ জুনেপিরৈ ।	। আইল্ আব্ জুনিপর্ ।

। জুনীপরের তৈল ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ওলিয়ম্ লেবেণ্ডুলী ।	। আইল্ আব্ লেবেণ্ডর ।

। লেবেণ্ডরের তৈল ।

। লাটিন্। । ইংরাজী।

। ওলিয়ম্ মেন্থি পিপি-রিটী। । আইল্ আব্ পিপ্পর্মেণ্ট।

। পিপ্পর্মেণ্টের তৈল।

। লাটিন্। । ইংরাজী।

। ওলিয়ম্ মেন্থি প্যুলিজিয়াই। । আইল্ আব্ পেনী-রায়ল।

। পেনীরায়েলের তৈল।

। লটিন্। । ইংরাজী।

। ওলিয়ম্ মেন্থি বিরিডীস্। । আইল্ আব্ স্পির্মেণ্ট।

। স্পির্মেণ্টের তৈল।

। লাটিন্। । ইংরাজী।

ওলিয়ম্ ওরিগানৈ। । আইল্ আব্ মার্জেরম্।

। লাটিন্। । ইংরাজী।

। ওলিয়ম্ পিমেণ্টী। । আইল্ আব্ পৈমেণ্টা।

। পৈমেণ্টার তৈল।

। লাটিন্। । ইংরাজী।

। ওলিয়ম্ রোজ্মারীনৈ। । আইল্ আব্ রোজ্মেরী।

। রোজমেরীর তৈল।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ওলিয়ম্ সাম্ব্যুসৈ ।	। আইল্ আব্ এল্ডুরফ্লোর্স ।

। এণ্ডুর ফ্লোর্সের (এণ্ডুর পুষ্পের তৈল) ।

উক্ত চোয়ান তৈল সকলের প্রস্তুত করণার্থ উপরি লিখিত বনজ সকলের যে যে অংশ আবশ্যক হয় তাহার নিয়ম এই এনিস্ ও কেরাবৈ ও জুনিপর ইহাদিগের ফল এবং ক্যামোমৈল্ ও লেবেণ্ডুর ও এণ্ডুর ইহাদিগের পুষ্প এবং পৈমেণ্টার ফল এবং রোজমেরীর কুঁড়ী এবং অবশিষ্ট উক্ত দ্রব্য সমুদয়ের অভিনব সামুদায়িক ভাগ গ্রহণ করিয়া তৈল চুয়াইবেক ।

যখন ঐ উক্ত বস্তু সকলের মধ্যে কোন এক বস্তু হইতে তৈল চুয়াইবেক তখন ঐ বস্তু এক এলেম্বিক অর্থাৎ বারুণীযন্ত্রের ডেকের মধ্যে রাখিয়া জল এতাদৃশ পরিমাণে দিবেক যে ঐ দ্রব্যের উপরিভাগ পর্য্যন্ত ঐ জলদ্বারা বুড়িত হইবেক পরে চুয়ানের নিয়মানুসারে তৈল চুয়াইয়া এক বৃহৎ ও শীতল পাত্রে ঐ তৈল চুয়াইয়া পড়ে এমত করিবেক অর্থাৎ তৈল চুয়িয়া যে পাত্রে পতিত হইবেক সেই পাত্র জলদ্বারা শীতল রাখিবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। ওলিয়ম্ সক্সিনৈ । । আইল্ আব্ আম্বর ।

। কারুবার তৈল ।

এলেম্বিক অর্থাৎ বারুণীযন্ত্রের ডেকেতে আম্বর নিক্ষেপ করিয়া ঐ ডেক্ বালুকাযন্ত্রোপরি রাখিবেক জ্বাল ক্রমশঃ বৃদ্ধি করিবেক যে তৈল চুয়াইয়া প্রথমতঃ ধারকভাণ্ডে পড়িবেক তাহা জলের নীচে পতিত হইবেক এবং অম্ল ও লবণরস সংযুক্ত হইবেক তন্নিমিত্তে ঐ প্রথমাগত তৈলকে আর দুই বার চুয়াইয়া লইবেক তাহাতে ঐ তৈল শোধিত হওত ঔষধ যোগ্য হইবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। ওলিয়ম্ টেরিবিন্থিনী-প্যুরীফিকেটম্ । । প্যুরিফৈড্ আইল্ আব্-টর্পেণ্টৈন্ ।

। শোধিত টার্পিন তৈল ।

টার্পিন তৈল	১	পৈণ্ট
জল	৪	পৈণ্ট

এই দুই বস্তু মিলিত করিয়া সাবধানে চুয়াইয়া তৈল লইবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। পিলুলী । । পিল্স ।

। বাঙ্গালা ।

। বটিকা ।

। লাটিন্ । । ইংরাজী ।

। পিলুলী অলোইজ্-কাম্পাসিটী । । কম্পৌণ্ড পীল্স আব্ এলোজ্ ।

। বাঙ্গালা ।

। মুসব্বরাদির বটিকা ।

মুসব্বর চূর্ণ	১	ওন্স
এক্সট্রাক্ট আব্ জেন্সিয়ন্ (জেন্সিয়নের সার) ...	।।০	ওন্স
আইল্ আব্ কেরাবে অর্থাৎ বিলাতি জীরার তৈল	৪০	বিন্দু
মিস্রির রসের যত প্রয়োজন হইবেক তত লইবেক ...		

উক্ত তিন দ্রব্য এক খলে মর্দন করিয়া মিস্রির রসের সহিত এমত কোমল করিবেক যে তাহাতে বটিকা হইতে পারিবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। পিলুলী এলোজ্ কম্‌মিরা । পিল্স আব্ এলোজ্ বিথ্‌মর্ ।

। বাঙ্গালা ।

। বোল-যুক্ত মুসব্বর বটিকা ।

এলোজ্ অর্থাৎ মুসব্বর	২	ঔন্স

কুঙ্কুম	১ ঔন্স
মর অর্থাৎ গন্ধবোল	১ ঔন্স
মিস্রির রস যত আবশ্যক হইবেক তত লইবেক ...	

মুসব্বর ও গন্ধবোল পৃথক্ পৃথক্ চূর্ণ করিয়া মিলিত করিবেক এই চূর্ণের সহিত কুঙ্কুম ও মিস্রির রস মিলিত করিয়া খলে এমত মর্দন করিবেক যে বটিকা করণের উপযুক্ত হইবেক।

। লাটিন্। পিলুলী কাম্বোজিয়ী-কাম্পাসিটী।

। ইংরাজী। কম্পৌণ্ড পিল্স আব্-গাম্বোজ্।

। গাম্বোজাদির বটিকা।

গাম্বোজ্ চূর্ণ	১ ড্রাম
মুসব্বর চূর্ণ	১॥০ ড্রাম
শুণ্ঠী চূর্ণ	॥০ ড্রাম
সাবান	২ ড্রাম

উক্ত তিন চূর্ণ মিলিত করিয়া ইহাতে সাবান দিয়া খলে এরূপ মর্দন করিবেক যে সমস্ত মিলিত হইয়া বটিকা করণোপযুক্ত হইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পিলুলী কোনিয়াই-কম্পাসিটী ।	। কম্পৌণ্ড পিল্স আব্-হেমলাক্ ।

। অর্থাৎ ।

। হেমলকাদির বটিকা ।

এক্সট্রাক্ট আব হেমলাক	৫	ড্রাম
ইপীকাকুয়ন্হা চূর্ণ	১	ড্রাম

মিক্স্‌চ্যুর আব্ একেসিয়া অর্থাৎ আরেবিক গোঁদের পানীয় যত আবশ্যক হইবেক তত লইবেক ।

উক্ত দ্রব্য সকল একত্র খলে মর্দন করিয়া এরূপ মিলিত করিবেক যে বটিকোপযুক্ত হইবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পিলুলী ফের্রৈ কাম্পাসিটী ।	। কম্পৌণ্ড পিল্স আব্-ঐরন্ ।

। বাঙ্গালা ।

। লৌহাদির বটিকা ।

গন্ধবোল চূর্ণ	২	ড্রাম
কার্বোনেট্ আব্ সোডা অর্থাৎ শোধিত সাজীমাটী	১	ড্রাম
টিরাকস্	১	ড্রাম
পরিষ্কৃত গুড়	১	ড্রাম

কার্ব্বোনেট্ আব্ সোডার সহিত গন্ধবোল পিষ্ট করিয়া ইহাতে হিরাকস নিক্ষেপ করিয়া পুনর্ব্বার পেষণ করিবেক তদনন্তর গুড়ের সহিত মিশ্রিত করিয়া সমস্ত বস্তু এক উষ্ণপাত্রে মর্দন করিবেক এবং মিলিত হইয়া বটিকার উপযুক্ত হইলে রাখিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। পিলুলী গ্যাল্বানৈ-কাম্পাসিটী।	। কম্পৌণ্ড পিল্স আব্-গ্যাল্বানম্।

। গাল্বানমাদির বটিকা।

গ্যাল্বানম	১ ঔন্স
গন্ধবোল	১৷৷০ ঔন্স
সাগাপীনম্	১৷৷০ ঔন্স
হিঙ্গু	৷৷০ ঔন্স
মিস্রির পাকের যত আবশ্যক হইবেক তত লইবেক ...	

মিস্রির পাকের সহিত উক্ত বস্তু সকল মিলিত করিয়া খলে মর্দন করিবেক বটিকার উপযুক্ত কোমল হইলে পাত্রান্তর করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পিলুলী হৈদ্রার্জিরৈ ।	। পিল্স আব্ মর্কুরী । (ব্লুপিল্)

। বাঙ্গালা ।

। পারদের বটিকা ।

পারদ	২	ড্রাম
কানফেকসন আব রেড় রোজেজ্ অর্থাৎ গুলকন্দ	৩	ড্রাম
যষ্টিমধু চূর্ণ	১	ড্রাম

পারদ ও গুলকন্দ এক খলে মর্দন করিবেক পারদ নিশ্চন্দ্র হইলে অর্থাৎ গুলকন্দের সহিত মিশ্রিত হইলে যষ্টিমধুর চূর্ণ ইহার সহিত মিলিত করিবেক এবং মর্দন দ্বারা পিণ্ডাকার করিয়া রাখিবেক।

লাটিন্ ।	। ইংরাজী ।
। পিলুলী হৈদ্রার্জিরৈ-ক্লোরিডৈ কম্পাসিটী ।	। কম্পৌণ্ড পিল্স আব্ ক্লোরৈড্-আব্ মর্কুরী ।

। পারদ ভস্মাদির বটিকা ।

কেলোমেল অর্থাৎ পারদভস্ম	২	ড্রাম
আক্সি সল্ফ্যুরেট্ আব্ এণ্টিমোনী অর্থাৎ রসাঞ্জন ভস্ম	২	ড্রাম
গোয়েকম রেজিন্ অর্থাৎ গোয়েকম বৃক্ষনির্যাস তচ্চূর্ণ	৷৷০	ঔন্স
পরিষ্কৃত গুড়	২	ড্রাম

কেলোমেল্ ও আক্সি সল্ফ্যুরেট্ আব্ এণ্টিমোনী এক খলে মর্দন করিয়া মিশ্রিত করিবেক, ইহাতে গ্বোয়েকম চূর্ণ ও গুড় দিয়া মিলিত করিয়া বটিকার উপযুক্ত পিণ্ড করিয়া রাখিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। পিল্যুলী হৈড্রার্জিরৈ এয়োডৈডৈ।	। পিল্স আব্ ঐয়োডৈড্-আব্ মর্ক্যুরী।

। ঐয়োডৈন্যুক্ত পারদের বটিকা।

ঐয়োডৈড্ আব্ মর্ক্যুরী	১	ড্রাম
কানফেক্সন আব্ ডাগরোজ্ অর্থাৎ শুভ্র গোলাপের খণ্ড	৩	ড্রাম
শুণ্ঠী চূর্ণ	১	ড্রাম

উক্ত তিন বস্তুকে এক খলে মর্দন করিবেক মিশ্রিত হইলে পিণ্ডাকৃতি করিয়া রাখিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। পিল্যুলী ইপিকাকুয়াহ্লী-কাম্পাসিটী।	। কম্পৌণ্ড পিল্স আব্-ইপিকাকুয়াহ্লা।

। ইপিকাকুয়াহ্লাদির বটিকা।

কম্পৌণ্ড পৌডর্ আব্ ইপিকাকুয়হ্না (ইপিকাকুহাহ্নাদির চূর্ণ)	৩	ড্রাম
স্কুয়িল অর্থৎ অভিনব শুষ্ক কন্দরা	১	ড্রাম
অম্মোনৈয়াকম	১	ড্রাম
মিক্সট্যুর আব্ একেসিয়া ... ইহা যত আবশ্যক হইবেক তত লইবেক		

এই সমস্ত দ্রব্য একত্র মর্দন করিয়া বটিকোপযুক্ত কোমল হইলে পিণ্ডাকৃতি করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পিলুলী রিয়াই কাম্পাসিটী।	। কম্পৌণ্ড পিল্স আব্‌-রুবার্ব।

। বাঙ্গালা ।

। রেয়ুচিন্যাদির বটিকা।

রুবার্ব অর্থাৎ রেয়ুচিনি ইহার চূর্ণ	১ ঔন্স
মুসব্বরচূর্ণ	৬ ড্রাম
গন্ধবোল চূর্ণ	॥০ ঔন্স
সাবান	১ ড্রাম
আইল আব্ ক্যারবে অর্থাৎ বিলাতি জীরার তৈল	॥০ ড্রাম
মিস্রির পাক ... যত আবশ্যক হইবেক তত লইবেক।	

চূর্ণ সমস্ত মিলিত করিয়া অন্যদ্রব্য সকল ইহাতে নিক্ষেপ করিয়া খলে মর্দন করিবেক বটিকার উপযুক্ত কোমল হইলে রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পিলুলী সাগাপীনৈ কাম্পাসিটী।	। কম্পৌণ্ড পিল্স আব্‌-সাগাপীনম্।

। সক্‌বীনজাদির বটিকা।

সাগাপীনম্ অর্থাৎ সক্‌বীনজ্	১ ঔন্স
মুসব্বর	॥০ ড্রাম

সারপ্ আব্ জিঞ্জর অর্থাৎ শুণ্ঠীখণ্ড ইহা যত আবশ্যক হইবেক তত লইবেক ...

এই তিন বস্তু মিলিত করিয়া খলে মর্দন করিবেক বটিকার উপযুক্ত হইলে পিণ্ড করিয়া রাখিবেক।

লাটিন্।	ইংরাজী।
পিলুলী সাপোনিস্-কাম্পাসিটী।	কম্পৌণ্ড পিল্স আব্ সোপ্।

। বাঙ্গালা।

। সাবানাদির বটিকা।

আফিঙ্গ চূর্ণ	।।০	ঔন্স
সাবান	২	ঔন্স

এই দুই বস্তু মিলিত করিয়া খলে মর্দন করিবেক এবং বটিকার উপযুক্ত হইলে পিণ্ড করিয়া রাখিবেক।

লাটিন্।	ইংরাজী।
পিলুলী সিল্লী কাম্পাসিটী।	কম্পৌণ্ড পিল্স আব্-স্কুয়িল্।

। কন্দরাদির বটিকা।

স্কুয়িলের অর্থাৎ কন্দরার অভিনব চূর্ণ ...	১	ড্রাম
শুণ্ঠী চূর্ণ	২	ড্রাম
সাবান	৩	ড্রাম
অম্মোনৈয়াকম্ অর্থাৎ উসকচূর্ণ	২	ড্রাম
মিশ্রির রস যত আবশ্যক তত লইবেক ...		

চূর্ণ দ্রব্য সমস্ত মিশ্রিত করিয়া ইহাতে সাবান দিয়া খলে মর্দন করিবেক পরে ইহাতে রস দিয়া মর্দন করত বটিকার উপযুক্ত গাঢ় হইলে পিণ্ডাকৃতি করিয়া রাখিবেক।

। লটিন্ ।	। ইংরাজী ।
। পিল্যুলী ষ্টৈরাসিস্ কম্পাসিটী ।	। কম্পৌণ্ড পিল্স আব্ষ্টৌরাক্স ।

। বাঙ্গালা ।

। শিলারসাদির বটিকা ।

বস্ত্রপূত ষ্টৌরাক্স অর্থাৎ নির্ম্মল শিলারস	...	৩ ড্রাম
আফিঙ্গ চূর্ণ	... ...	১ ড্রাম
কুঙ্কুম	... ...	১ ড্রাম

এই তিন বস্তু এক খলে মর্দন করিবেক এবং মিশ্রিত হইলে পিণ্ডাকার করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পল্বরীজ্ ।	। পৌডর্স ।

। বাঙ্গালা ।

। চূর্ণৌষধী ।

।লাটিন্।	।ইংরাজী।
।পল্বিস অলোয়িজ্ কাম্পা-সিটস্।	।কম্পৌণ্ড পৌডর আব্-এলোজ্।

।বাঙ্গালা।

।মুসব্বরাদির চূর্ণ।

মুসব্বর	১॥০	ঔন্স
গ্বোয়েকম রেজীন	১	ঔন্স
কম্পৌণ্ড পৌডর আব্ সিনামন্ অর্থাৎ দারচিন্যাদির চূর্ণ	॥০	ঔন্স

মুসব্বর ও গ্বোয়েকম্ রেজিন্ পৃথক্ চূর্ণ করিয়া কম্পৌণ্ড পৌডর আব্ সিনেমন্ সহিত মিলিত করিয়া লইবেক।

।লাটিন্।	।ইংরাজী।
।পল্বিস সিন্নামোমৈ কম্পা-সিটম্।	।কম্পৌণ্ড পৌডর্ আব্-সিনামন্।

।বাঙ্গালা।

।দারচিন্যাদি চূর্ণ।

দারচিনী	২	ঔন্স
এলাচী	১॥০	ঔন্স
শুণ্ঠী	১	ঔন্স
পিপ্পলী	॥০	ঔন্স

এই সকল বস্তু একত্র পেষণ করিয়া সূক্ষ্ম চূর্ণ করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পিল্বিস ক্রিটী কাম্পাসিটস্ ।	। কম্পৌণ্ড পৌডর্ আব্‌চাক্ ।

। বাঙ্গালা ।

। খটিকাদি চূর্ণ ।

শোধিত খড়ী	।।০	পৌণ্ড
দারচিনী	৪	ঔন্স
টার্মিণ্টিল	৩	ঔন্স
গম একেসীয়া অর্থাৎ আরেবিক গোঁদ ...	৩	ঔন্স
পিপ্পলী	।।০	ঔন্স

এই সকল দ্রব্য পৃথক্ পৃথক্ সূক্ষ্ম চূর্ণ করিয়া পশ্চাৎ মিলিত করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পল্বিস্ ক্রিটী কম্পাসিটস্ কম ওপিয়ো ।	। কম্পৌণ্ড পৌডর্ আব্‌চাক্ বিত্ ওপিয়ম্ ।

। বাঙ্গালা ।

। আফিঙ্গযুক্ত খটিকাদি চূর্ণ ।

কম্পৌণ্ড পৌডর্ আব্ চাক্ অর্থাৎ খটিকাদি চূর্ণ	৬।।০	ঔন্স
আফিঙ্গ চূর্ণ	৪	স্ক্রুপল

এই দুই দ্রব্য মিলিত করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পল্বিস জালাপী কাম্পা-সিটস্ ।	। কম্পৌণ্ড পৌডর আব্-জালপ্ ।

। জোলাফাদি চূর্ণ ।

জালপ	৩	ঔন্স
বৈটাট্রেট্ আব্ পোটাস্ (ক্রিম আব্ টার্টর) ...	৬	ঔন্স
শুণ্ঠী	২	ড্রাম

এই সকল বস্তু পৃথক্ চূর্ণ করিবেক পরে মিলিত করিয়া রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পল্বিস ইপিকাকুয়াহ্নী-কাম্পাসিটস্ ।	। কম্পৌণ্ড পৌডর্ আব্-ইপীকাকুয়াহ্না ।

।ইপিকাকুয়াহ্নাদি চূর্ণ। (ডোবর্সপৌডর)

ইপিকাকুয়াহ্না চূর্ণ	১	ড্রাম
আফিঙ্গ চূর্ণ	১	ড্রাম
সল্ফেট্ আব্ পোটাস্ চূর্ণ	১	ঔন্স

এই তিন দ্রব্য উত্তম মিলিত করিয়া রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পল্বিস্ কিনো কম্পাসিটস্ ।	। কম্পৌণ্ড পৌডর্ আব-কৈনো ।

। কৈনাদি চূর্ণ ।

কিনো	১৫	ড্রাম
দারচিনী	।।০	ঔন্স
শুষ্ক আফিঙ্গ	১	ড্রাম

এই দ্রব্য সকল পৃথক্ পৃথক্ চূর্ণ করিয়া মিলিত করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পল্বিস্ স্ক্যাম্মোনীয়াই-কাম্পাসিটস্ ।	। কম্পৌণ্ড পৌডর্ আব্-স্ক্যামোনী ।

। সাক্মোনিয়াদি চূর্ণ ।

স্ক্যামোনী অর্থাৎ সাক্মোনিয়া	২	ঔন্স
ট্রেএকট্রাক্ট আব জালপ্ অর্থাৎ জোলাফার শুষ্ক সার	২	ঔন্স
শুণ্ঠী	।।০	ঔন্স

এই তিন দ্রব্য পৃথক্ চূর্ণ করিয়া মিলিত করিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
পল্বিস ট্রাগাক্যান্থি কাম্পা-সিটস্ ।	। কম্পৌণ্ড পৌডর্ আব্-ট্রাগাক্যান্থা ।

। ট্রাগাক্যান্থাদি চূর্ণ ।

ট্রাগাক্যান্থা চূর্ণ … … ..	১৷৷০	ঔন্স
একেসীয়া অর্থাৎ আরেবিক গোঁদ তচ্চূর্ণ …	১৷৷০	ঔন্স
ষ্টাচ অর্থাৎ গমের পালো … …	১৷৷০	ঔন্স
মিস্রি … … … …	৩	ঔন্স

ষ্টার্চ এবং মিস্রি একত্র পেষণ করিয়া ইহাতে ট্রাগা-ক্যান্থা চূর্ণ ও একেসীয়া চূর্ণ মিলিত করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। স্পিরিটস্ ।	। স্পিরিট্স্ ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। সুরা ।	। মদ্য ।

ঔষধার্থ তিন প্রকার স্পিরিট্ আব্ বৈন্ অর্থাৎ সুরা ব্যবহৃতা হয় যখন ঐ স্পিরিট্ আব্ বৈন্ ঘন এবং মিশ্রিত থাকে তখন উহাকে অল্কোহোল কহাজায় এবং ইহা কিঞ্চিৎ জল মিশ্রিত হইলে রিক্টিফৈড্

স্পিরিট্ অর্থাৎ অল্পজল সুরা কহাজায় এবং অধিকাংশ জল মিশ্র হইলে প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা কহেন।

। লাটিন্। । ইংরাজী।

। অল্কোহল। । অল্কোহল।

। তীক্ষ্ণসুরা।

রিক্টিফৈড্ স্পিরিট আব্ বৈন্ অর্থাৎ অল্পজল সুরা	৮	পৈণ্ট
ক্লোরৈড্ আব্ ক্যালসিয়ম্	১	পৌণ্ড

ক্লোরৈড্ আব্ ক্যাল্সিয়মকে রিক্টিফৈড্ স্পিরিট্-আব্ বৈন্‌তে দ্রবীভূত করিয়া ইহা হইতে সাত পৈণ্ট অল্কোহল চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। স্পিরিটস্ অম্মোনিয়ি। । স্পিরিট্ আব্ অম্মোনিয়া।

রিক্টিফৈড্ স্পিরিট্	৩	পৈণ্ট
হৈড্রোক্লোরেট্ আব্ অম্মোনিয়া অর্থাৎ নিশাদল	১০	ঔন্স
কার্বোনেট্ আব্ পোটাস্ শোধিত ক্ষার ...	১৬	ঔন্স
জল	৩	পৈণ্ট

এই সমস্ত দ্রব্য মিলিত করিয়া বারুণী যন্ত্রের হণ্ডীতে রাখিয়া তিন পৈণ্ট স্পিরিট্ আব্ অম্মোনিয়া চুয়াইয়া লইবেক।

লাটিন্ ।	ইংরাজী ।
। স্পিরিটস্ অম্মোনিয়ি-অরোমাটিকস্ ।	। অরোমাটিক্ স্পিরিট্ আব-অম্মোনিয়া ।

।নিশাদলের সুগন্ধি সুরা।

নিশাদল	৫	ঔন্স
কার্বোনেট্ আব্ পোটাস্ অর্থাৎ শোধিত ক্ষার ...	৮	ঔন্স
দারচিনী কুট্টিতা	২	ড্রাম
লবঙ্গ কুট্টিত	২	ড্রাম
লেবুর খোষা	৪	ঔন্স
রিক্টিফেড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজল সুরা ...	৪	পৈণ্ট
জল	৪	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া ছয় পৈণ্ট সুরা চুয়াইয়া লইবেক।

লাটিন্ ।	ইংরাজী ।
। স্পিরিটস্ অম্মোনিয়ি ফিটিডস্ ।	। ফেটিড্ স্পিরিট্ আব্-অম্মোনিয়া ।

।নিশাদলের দুর্গন্ধি সুরা।

নিশাদল	১০	ঔন্স
কার্বোনেট্ আব পোটাস্ অর্থাৎ শোধিত ক্ষার ...	১৬	ঔন্স
রিক্টিফেড্ স্পিরিট্ অথাৎ অল্পজল সুরা ...	৩	পৈণ্ট
হিঙ্গ	৫	ঔন্স
জল	৩	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু সন্তাপ দ্বারা তিন পৈণ্ট সুরা চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। স্পিরিটস্ অনিসৈ। । স্পিরিট্ আব্ অনীস্।

। বাঙ্গালা।

। মধুরিকার সুরা।

অনীস অর্থাৎ বিলায়তী মহুরী গুড়িতা	...	১০	ঔন্স
প্রুফস্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা ...	...	১	গেলান্
জল	...	২	পৈণ্ট

উক্ত দ্রব্য সকল মিলিত করিয়া মৃদু সন্তাপ দ্বারা এক গেলান চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। স্পিরিটস্ আর্মোরাসিই-কাম্পাসিটস্। । কম্পৌণ্ড স্পিরিট্ আব্-হার্সরেডিস্।

। বিলাতী মূলার সুরা।

হার্সরেডিস্ অর্থাৎ বিলায়তী মূলকবিশেষঃ ইহার খণ্ড		২০	ঔন্স
শুষ্ক কমলা লেবুর খোষা	...	২০	ঔন্স
জায়ফল গুড়িত	...	৫	ড্রাম
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা ...	...	১	গেলান
জল	...	২	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু সন্তাপ দ্বারা এক গ্যালন্ চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। স্পিরিটস্ কেরুয়াই। । স্পিরিট্ আব্ কেরোবে।

। বাঙ্গালা।

। বিলায়তী জীরার সুরা।

কেরোবে অর্থাৎ বিলায়তী জীরা গুড়িতা	...	২২	ঔন্স
প্রুফস্পিরিট অর্থাৎ বহুজল সুরা	... ..	৮	পৈণ্ট
জল	... ...	২	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু জ্বাল দ্বারা এক গেলেন চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। স্পিরিটস্ সিন্নামোমৈ। । স্পিরিট্ আব্ সিনামন।

। বাঙ্গালা।

। দারচিনীর সুরা।

আইল আব্ সিনামন্ অর্থাৎ দারচিনীর তৈল		২	ড্রাম
প্রুফস্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	... ...	৮	পৈণ্ট
জল	... ...	১	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু সন্তাপদ্বারা এক গেলেন চুয়াইয়া লইবেক।

লাটিন্	ইংরাজী
স্পিরিটস্ জ্যুনিপিরৈ-কম্পাসিটস্	কম্পৌণ্ড স্পিরিট্ আব্-জ্যুনিপর

। জ্যুনিপরাদির সুরা ।

জ্যুনিপর ফল ঈষ্টুত	...	...	১৫	ঔন্স
কেরাবে অর্থাৎ বিলাতি জীরা ঈষ্টুতা		...	২	ঔন্স
ফেনিল অর্থাৎ বিলাতী মহুরী ঈষ্টুতা		..	২	ঔন্স
প্রুফস্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা		...	১	গেলেন
জল	...	...	২	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু সন্তাপ দ্বারা এক গেলেন চুয়াইয়া লইবেক ।

লাটিন্	ইংরাজী
স্পিরিটস্ লাবেণ্ডুলী	স্পিরিট্ আব্ লেবেণ্ডর্

। লেবেণ্ডরের সুরা ।

অভিনব লাবিণ্ডর	...	...	...	২৷৷০	পৌণ্ড
রিক্টিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজল সুরা			...	৮	পৈণ্ট
জল	...	. .	...	২০	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু সন্তাপ দ্বারা এক গেলেন চুয়াইয়া লইবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। স্পিরিটস্ মেন্থী পিপিরিটী ।	স্পিরিট্ আব্ পিপ্পর্মিণ্ট ।

। পিপ্পর্মিণ্টের সুরা ।

আইল আব্ পিপ্পার্মিণ্ট অর্থাৎ পিপ্পার্মিণ্টের তৈল	৩	ড্রাম
প্রুফ্স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	৮	পৈণ্ট
জল	১	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু সন্তাপদ্বারা এক গ্যালন চুয়াইয়া লইবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। স্পিরিটস্ মেন্থী বিরিডিস্ ।	। স্পিরিট্ আব্ স্পিয়র্মিণ্ট ।

। স্পিয়র্মিণ্টের সুরা ।

আইল আব্ স্পিয়র্মিণ্ট অর্থাৎ স্পিয়র্মিণ্টের তৈল	৩	ড্রাম
প্রুফস্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা ...	৮	পৈণ্ট
জল	১	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু সন্তাপ দ্বারা এক গ্যালন চুয়াইয়া লইবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। স্পিরিটস্ মেন্থী প্যুলিজিয়াই ।	। স্পিরিট্ আব্ পেনীরায়ল্ ।

। পিনীরায়লের সুরা ।

আইল আব্ পেনীরায়ল অর্থাৎ পেনীরায়লের তৈল	৩	ড্রাম
প্রুফ্স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	৮	পৈণ্ট
জল	১	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু সন্তাপ দ্বারা এক গ্যালন চুয়াইয়া লইবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। স্পিরিটস্ মৈরিষ্টিসী ।	। স্পিরিট্ আব্ নট্মেগ্ ।

। জায়ফলের সুরা ।

জায়ফল কুট্টিত	২॥০	ঔন্স
প্রুফ্স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা... ...	৮	পৈণ্ট
জল...	১	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু সন্তাপ দ্বারা এক গ্যালন চুয়াইয়া লইবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। স্পিরিটস্ পৈপেমিণ্টা ।	। স্পিরিট্ আব্ পৈপেমিণ্টা ।

। পৈপেমাণ্টার সুরা ।

পৈপেমিণ্টা কুট্টিতা	২৷৷০	ঔন্স
প্রুফস্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা ...	৮	পৈণ্ট
জল	১	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু সন্তাপ দ্বারা এক গ্যালন চুয়াইয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। স্পিরিটস্ রোজমারীনৈ ।	। স্পিরিট্ আব্ রোজমেরী ।

আইল্ আব্ রোজমেরী অর্থাৎ রোজমেরীর তৈল	২	ড্রাম
রিক্টিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজল সুরা ...	৮	পৈণ্ট
জল	১	পৈণ্ট

এই সকল দ্রব্য মিলিত করিয়া মৃদু সন্তাপ দ্বারা এক গ্যালন চুয়াইয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। সৈরুপৈ ।	। সৈরুপস্ ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। অবলেহ ।	। মিস্রি অথবা চিনির পাক বা রস ।

শর্করাপাক সাধিত ঔষধ সমস্ত শীতল স্থানে রাখিবেক উষ্ণ স্থানে রাখিলে অম্লরস হইয়া নষ্ট হইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। সৈরুপস্ ।	। সৈরুপস্ ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। শর্করাবলেহ ।	। মিস্রিরপাক ।

মিস্রি	১০ পৌণ্ড
জল	৩ পৈণ্ট

মৃদু অগ্নিতে উক্ত জলেতে মিস্রি গলাইয়া পাক প্রস্তুত করিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। সৈরুপস্ অথীই ।	। সিরপ অব্ মার্সমাল্লো ।

। খত্মীর অবলেহ ।

মার্সমাল্লোরুট্ অর্থাৎ খত্মীর মূল ...	৮ ঔন্স
মিস্রি	২॥০ পৌণ্ড
জল	৪ পৈণ্ট

মার্সমাল্লোর মূল কুট্টিত করিয়া জলেতে পাক করিবেক জল অর্দ্ধাবশেষ হইলে নামাইবেক শীতল হইলে-পর ছাঁকিয়া লইবেক ঐ কাথ চব্বিশ ঘণ্টা পর্য্যন্ত নির্জনে রাখিবেক এবং নীচে মল পতিত হইলে উপরিস্থ স্বচ্ছাংশ ঢালিয়া লইয়া ইহাতে মিস্রি নিক্ষেপ করিবেক এবং মৃদু অগ্নিতে পাক করিয়া কিঞ্চিৎ গাঢ় করিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। সৈরুপস্ আরান্সিয়াই ।	। সিরপ্ আব্ আরঞ্জ (পীল) ।

। বাঙ্গালা ।

। কমলার খোষার পাক ।

কমলা লেবুর খোষা	...	...	...	২॥০ ঔন্স
অত্যুষ্ণজল	...	...	...	১ পৈণ্ট
মিস্রি	...	...	...	৩ পৌণ্ড

অত্যুষ্ণজলে লেবুরখোষা নিক্ষেপ করিয়া পাত্রমুখ শ্লথরূপে ঢাকা দিয়া দ্বাদশ ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া রাখিবেক তদনন্তর দ্রবভাগ ঢালিয়া ইহাতে মিস্রি নিক্ষেপ করিবেক ঐ রূপ করিলেই উক্ত ঔষধ প্রস্তুত হইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। সৈরুপস্ ক্রোসৈ ।	। সিরপ্ আব্ সাফরন্ ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। কুঙ্কুমাবলেহ ।	। কুঙ্কুমের পাক ।

কুঙ্কুম	...	...	...	১০ ড্রাম
অত্যুষ্ণজল	...	...	...	১ পৈণ্ট
মিস্রি	...	...	...	৩ পৌণ্ড

অত্যুষ্ণজলে কুঙ্কুম প্রক্ষেপ করিয়া পাত্রমুখ শ্লথ-রূপে ঢাকিয়া দ্বাদশ ঘণ্টাপর্য্যন্ত ভিজাইয়া রাখিবেক

তদনন্তর স্বচ্ছাংশ ঢালিয়া ইহাতে মিস্রি দ্রবীভূত করিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। সৈরুপস্ লৈমোনম্। । সিরপ্ আব্ লিমন্স।

। বাঙ্গালা।

। লেবুরপাক।

বস্ত্রপূত পাতিলেবুর রস	...	...		১	পৈণ্ট
মিস্রি	... ...	...	...	২॥০	পৌণ্ড

মৃদু সন্তাপ দ্বারা লেবুর রসে মিস্রি দ্রবীভূত করিয়া চব্বিশ ঘণ্টা নির্জনে রাখিবেক এবং তাহাতে যে ফেণোদ্গম হইবেক তাহা ত্যাগ করিয়া স্বচ্ছাংশ ঢালিয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। সৈরুপস্ মোরৈ। । সিরপ্ আব্ মলবেরী।

। মলবেরীফলের পাক।

মলবেরী ফলের রস	...	...	...	১	পৈণ্ট
মিস্রি	...	...	... ...	২॥০	পৌণ্ড

মলবেরীর রসে মিস্রি মৃদু সন্তাপ দ্বারা গলাইয়া দ্বাদশ ঘণ্টা নির্জনে রাখিবেক তদনন্তর ফেণভাগ ত্যাগ করিয়া নির্ম্মলরস গ্রহণ করিয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। সৈরূপস্ পেপাবিরিস। । সিরপ্ আব্ পাপ্পী।

। বাঙ্গালা।

। আফিঙ্গের ঢেঢ়ীর পাক।

আফিঙ্গের ঢেঢ়ী	...	...	...	৩	পৌণ্ড
মিস্রি	...	...	...	...	৫ পৌণ্ড
অত্যুষ্ণজল	...	...	...	...	৫ গ্যালন

আফিঙ্গের ঢেঢ়ী সকল পাঁচ গ্যালন জলেতে নিক্ষেপ করিয়া পাক করিবেক দুই গ্যালন জল অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক এবং ঐ ক্বাথ দ্বিতীয়বার অগ্নিতে শোষণ করিবেক ও চার পৈণ্ট জলাবশেষ হইলে নামাইয়া উষ্ণ থাকিতে ছাঁকিয়া দ্বাদশ ঘণ্টা পর্য্যন্ত নির্জনে রাখিবেক এবং মলভাগ নীচে পতিত হইলে উপরিস্থ স্বচ্ছ দ্রবাংশ পুনর্ব্বার পাক করিয়া দুই পৈণ্ট অবশিষ্ট থাকিতে নামাইয়া ইহাতে মিস্রি নিক্ষেপ করিয়া গলাইবেক তদনন্তর বোতলে রাখিবেক

। লাটিন্। । ইংরাজী।

। সৈরূপস্ রাম্নৈ। । সিরপ্ আব্ বক্থার্ন।

। বক্থার্নের পাক।

বক্ থার্নের নূতন রস	...	...	...	৪	পৈণ্ট
শুণ্ঠীর টুকরা	...	...	...	...	৬ ড্রাম

পৈমেণ্টা চূর্ণ	৬	ড্রাম
মিস্রি	৪	পৌণ্ড

বকথার্নের রস তিন দিবস নির্জ্জনে রাখিবেক এবং মল অধঃপতিত হইলে ছাঁকিয়া এক পৈণ্ট রসে শুণ্ঠী ও পৈমেণ্টা নিক্ষেপ করিয়া চার ঘণ্টাপর্য্যন্ত অগ্নির নিকটে ভিজাইয়া রাখিয়া ছাঁকিয়া লইবেক এবং অবশিষ্ট যে তিন পৈণ্ট রস তাহা অগ্নিতে পাক করিয়া অর্দ্ধাবশেষ করিয়া নামাইয়া প্রথমের মিশ্রিত এক পৈণ্ট রসের সহিত মিলিত করিয়া ইহাতে মিস্রি প্রক্ষেপ করিবেক এবং গলাইয়া পাক প্রস্তুত করিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। সৈরূপস্ রীয়াডস্। । সিরপ্ আব্ রেড্ পাপ্পী।

। বাঙ্গালা।

। রক্ত পুষ্প আফিঙ্গের পুষ্পপাক।

রক্ত পুষ্প আফিঙ্গের পুষ্পদল অর্থাৎ পাথড়ী	১	পৌণ্ড
অত্যুষ্ণ জল	১	পৈণ্ট
মিস্রি	২॥০	পৌণ্ড

উক্ত দ্রব্য সকল উষ্ণজলের জলস্বেদনযন্ত্রের উপরি রাখিয়া ঐ জল যাহাতে উষ্ণ থাকে এমত জ্বাল দিবেক এবং ঐ উষ্ণজলে ক্রমে ক্রমে আফিঙ্গের

পাকড়ী নিক্ষেপ করত পুনঃ পুনঃ লাড়িবেক সন্তাপ হইতে নামাইয়া দ্বাদশ ঘণ্টা পর্য্যন্ত ঐ পাক্‌ড়ী সকল ভিজান থাকিবেক তৎপরে বস্ত্রে ছাঁকিয়া ক্বাথ লইয়া নির্জনে রাখিবেক এবং মলাংশ অধঃপতিত হইলে নির্ম্মলক্বাথ ঢালিয়া ইহাতে মিস্রি নিক্ষেপ করিয়া গলাইয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। সৈরুপস্ রোজী। । সিরপ্ আব্ রোজ্।

। বাঙ্গালা।

। গুলাপ পুষ্পের পাক।

গুলাপ পুষ্পের শুষ্ক দল অর্থাৎ পাকড়ী	...	৭	ঔন্স
মিস্রি	...	৬	পৌণ্ড
অত্যুষ্ণজল	...	৩	পৈণ্ট

উক্ত জলে গুলাপের পাকড়ী সমস্ত দ্বাদশ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবেক ঐ কষায় পুনর্ব্বার জলস্বেদন যন্ত্রোপরি রাখিয়া পাক করিবেক এবং দুই পৈণ্ট জল শুষ্ক হইলে ইহাতে মিস্রি নিক্ষেপ করিয়া গলাইয়া পাক প্রস্তুত করিবেক।

। লাটিন্ । । ইংরাজী ।

।.সৈরুপস্ সার্জী । । সিরপ্ আব্ সার্সাপারিল্লা ।

। বাঙ্গালা ।

। সালসার পাক ।

সালসার টুকরা	১৫ ঔন্স
অনুষ্ণজল	৮ পৈণ্ট
মিস্রি	১৫ ঔন্স

উক্ত জলে সালসা চব্বিশ ঘণ্টা ভিজাইয়া পাক করিবেক জল অর্দ্ধাবশিষ্ট হইলে নামাইয়া উষ্ণ থাকিতে ছাঁকিয়া লইয়া ইহাতে মিস্রি প্রক্ষেপ করিয়া সন্তাপদ্বারা যথোপযুক্ত গাঢ় করিলে পাক প্রস্তুত হইবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। সৈরুপস্ সেন্নী । । সিরপ্ আব্ সেন্না ।

। বাঙ্গালা ।

। সোনামুখীর পাক ।

সোনামুখী	২॥০ ঔন্স
ফেনিল অর্থাৎ বিলাতী মহুরী	১০ ড্রাম
ম্যান্না (শীরখিস্ত)	৩ ঔন্স
মিস্রি	১৫ ঔন্স
জল	১ পৈণ্ট

সোনামুখী ও মহুরী জলেতে প্রক্ষেপ করিয়া মৃদু অগ্নিতে এক ঘণ্টা পাক করিয়া ছাঁকিয়া লইবেক এবং

ইহাতে মিস্রি ও ম্যান্না দিয়া সন্তাপদ্বারা যথোচিত ঘনত্ব প্রাপ্ত হইলে পাক নামাইয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। সৈরুপস্ টোলুটেনস্। । সিরপ্ আব্ টোলূ।

। অর্থাৎ।

। টোলূনির্যাসের পাক।

বালসম আব্ টোলু	...	...	...	১০	ড্রাম
অন্মুষ্ণজল	...	...	...	১	পৈণ্ট
মিস্রি	...	...	...	২॥০	পৌণ্ড

এক পাত্রে জল রাখিয়া টোলূ গঁদ্ নিক্ষেপ করিবেক পাত্রমুখ শৈথিল্যরূপে ঢাকিয়া অর্দ্ধঘণ্টা পাক করিবেক, পাক কালীন দণ্ড দ্বারা পুনঃ পুনঃ লাড়িবেক শীতল হইলে ছাঁকিয়া লইবেক এবং ইহাতে মিস্রি নিক্ষেপ করিয়া গলাইয়া পাক পুস্তুত করিবেক।

। লাটিন্। । ইরাজী।

সৈরুপস্ জিঞ্জিবিরিস্। । সিরপ্ আব্ জিঞ্জর।

। বাঙ্গালা।

। শুণ্ঠীর পাক।

শুণ্ঠীর টুকরা	...	...	...	২॥০	ঔন্স
অন্মুষ্ণজল	...	...	...	১	পৈণ্ট
মিস্রি	...	...	...	২॥০	পৌণ্ড

উক্ত জলে শুণ্ঠীখণ্ড সমস্ত চারঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবেক এবং ইহাতে মিস্রি প্রক্ষেপ করিয়া পাক প্রস্তুত করিবেক।

।লাটিন্।	।ইংরাজী।
।টিঙ্কটুরী।	।টিঙ্কটুর্স।

।সংস্কৃত।

।অরিষ্ট।

সুরাতে কোন দ্রব্য বাসিত করিয়া অর্থাৎ ভিজাইয়া রাখিলে উহার নাম ইংরাজিতে টিঙ্কটুর কহে এবং বাঙ্গালাতে সুরাবাসিত কহে।

।লাটিন্।	।ইংরাজী।
।টিঙ্কটুরা অলোইজ্।	।টিঙ্কটুর্ আব্ অলোজ্।

।বাঙ্গালা।

।মুসব্বরারিষ্ট।

মুসব্বর চূর্ণ	১	ঔন্স
এক্স্ট্রাক্ট আব্ লিকারিস্ অর্থাৎ যষ্টিমধুর সার	৩	ঔন্স
রিক্টিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজল সুরা ...	।।০	পৈণ্ট
জল	১।।০	পৈণ্ট

। লাটিন্। । ইংরাজী।

টিঙ্কটুরা অলোজ্ কম্পাজিটা। । কম্পৌণ্ড টিঙ্কটুর আব্ অলোজ্।

। বাঙ্গালা।

। মুসব্বরাদ্যরিষ্ট।

মুসব্বর চূর্ণ	৪	ঔন্স
কুঙ্কুম	২	ঔন্স
টিঙ্কটুর আব্ মর	২	পৈণ্ট

। লাটিন্। । ইংরাজী।

। টিঙ্কটুরা আসাফেটিডী। । টিঙ্কটুর আব্ আসাফেটিডা।

। বাঙ্গালা।

। হিঙ্গ্বরিষ্ট।

হিঙ্গ	৫	ঔন্স
রিকটিফৈড্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা ...	২	পৈণ্ট

। লাটিন্। । ইংরাজী।

। টিঙ্কটুরা ওরান্সিয়াই। । টিঙ্কটুর আব্ আরঞ্জ। (পিল)

। বাঙ্গালা।

। কমলারিষ্ট।

কমলা লেবুর শুষ্ক খোষা	৩।।০	ঔন্স
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	২	পৈণ্ট

। লাটিন্ ।	। ইংরাজী ।
। টিঙ্কট্যুরা বেঞ্জোয়িনৈ-কাম্পাসিটা ।	। কম্পৌণ্ড টিঙ্কট্যুর আব্-বেঞ্জোয়িন্ ।

। বাঙ্গালা ।

। লোবানারিষ্ট ।

বেঞ্জোয়িন্ অর্থাৎ লোবান	৩॥০	ঔন্স
ষ্টৌরাক্স অর্থাৎ শিলারস বস্ত্রপুত ..	২॥০	ঔন্স
বাল্সম আব্ টৌলু	১০	ড্রাম
মুসব্বর	৫	ড্রাম
রিক্টিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজল সুরা ...	২	পৈণ্ট

। লাটিন্ ।	। ইংরাজী ।
। টিঙ্কট্যুরা কেলম্বী ।	। টিঙ্কট্যুর আব্ কলম্বা ।

। কলম্বারিষ্ট ।

কলম্বার টুক্‌রা	৩	ঔন্স
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	২	পৈণ্ট

। লাটিন্ ।	। ইংরাজী ।
। টিঙ্কট্যুরা কান্থারিডিস্ ।	। টিঙ্কট্যুর আব্ কান্থারেডিজ্ ।

। তেলনী মক্ষিকার অরিষ্ট ।

কান্থারেডিজ অর্থাৎ তেলনী মক্ষিকা কুটিতা ...	৪	ড্রাম
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	২	পৈণ্ট

। লাটিন্ ।	। ইংরাজী ।
টিঙ্কট্যুরা ক্যাপ্সিসৈ ।	। টিঙ্কট্যুর আব্ ক্যাপ্সিকম্ ।

। বাঙ্গালা ।

। লঙ্কারিষ্ট ।

লঙ্কা কুট্টিতা	১০	ড্রাম
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	২	পৈণ্ট

। লাটিন্ ।	। ইংরাজী ।
টিঙ্কট্যুরা কার্ডেমোমৈ ।	। টিঙ্কট্যুর আব্ কার্ডেমম ।

। বাঙ্গালা ।

। এলারিষ্ট ।

কুট্টিত এলাচ	৩॥০	ঔন্স
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	২	পৈণ্ট

। লাটিন্ ।	। ইংরাজী ।
। টিঙ্কট্যুরা কার্ডেমোমৈ-কাম্পাসিটা ।	। কম্পৌণ্ড টিঙ্কট্যুর আব্-কার্ডেমম ।

। বাঙ্গালা ।

। এলাদ্যরিষ্ট ।

এলাচ্ কুট্টিত	২॥০	ড্রাম
কেরাবে অর্থাৎ বিলাতীজীরা কুট্টিত ...	২॥০	ড্রাম
কাচিনীল্ অর্থাৎ ক্রিমিদানা চূর্ণ	১	ড্রাম

দারচিনী কুট্টিত	...	...	...	৫	ড্রাম
নির্বীজ কিসমিস্	...	...	...	৫	ঔন্স
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	...		...	২	পৈণ্ট

। লাটিন্ । । ইংরাজী ।

। টিঙ্কট্যুরা ক্যাস্কেরিল্লী । । টিঙ্কট্যুর আব্ কেস্কেরিল্লা ।

। ক্যাস্কেরিল্লার অরিষ্ট ।

ক্যাস্কেরিল্লা কুট্টিতা	...	...	...	৫	ঔন্স
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা		...	...	২	পৈণ্ট

। লাটিন্ । । ইংরাজী ।

। টিঙ্কট্যুরা কাষ্টোরিয়াই । । টিঙ্কট্যুর আব্ কাষ্টর ।

। কাষ্টরের অরিষ্ট ।

কাষ্টর অর্থাৎ বিবর নামক খট্টাশের মেদোংশ তৎ চূর্ণ	২॥০	ঔন্স
রিক্টি ফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজল সুরা ...	২	পৈণ্ট

। লাটিন্ । । ইংরাজী ।

। টিঙ্কট্যুরা কেটিক্যু । । টিঙ্কট্যুর আব্ কেটিক্যু ।

। বাঙ্গালা ।

। খদিরারিষ্ট ।

খদির অর্থাৎ খএর	...	...	...	৩॥০	ঔন্স
দারচিনী কুট্টিতা	...	...	...	২॥০	ঔন্স
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	...		...	২	পৈণ্ট

।লাটিন্।	।ইংরাজী।
।টিঙ্কটুর‍্যা সিঙ্কোনী।	।টিঙ্কট্যুর্ আব্ সিঙ্কোনা।

।সিঙ্কোনার অরিষ্ট।

হার্টলিবু সিনকোনা বার্ক অর্থাৎ তাহার ছাল কুট্টিত	৮	ঔন্স
প্রুফস্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	২	পৈণ্ট

।লাটিন্।	।ইংরাজী।
।টিঙ্কটুর‍্যা সিঙ্কোনী-কম্পাসিটা।	।কম্পৌণ্ড টিঙ্কট্যুর আব্-সিঙ্কোনা।

।সিঙ্কোনাদির অরিষ্ট।

লেমসলিবু সিনকোনা বার্ক অর্থাৎ তাহার ছাল কুট্টিত	৪	ঔন্স
কমলা লেবুর খোষা	৩	ড্রাম
সর্পেণ্টর‍্যা কুট্টিতা	৬	ড্রাম
কুঙ্কুম	২	ড্রাম
কাচীনীল অর্থাৎ কৃমিদানা চূর্ণ	১	ড্রাম
প্রুফ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	২	পৈণ্ট

।লাটিন্।	।ইংরাজী।
।টিঙ্কটুর‍্যা সিন্নামোমৈ।	।টিঙ্কট্যুর আব্ সিন্নামন্।

।বাঙ্গালা।

।দারচিনির অরিষ্ট।

দারচিনী কুট্টিতা...	৩॥০	ঔন্স
প্রুফ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা ...	২	পৈণ্ট

। লাটিন্ ।	। ইংরাজী ।
। টিঙ্কট্যুরা সিন্নামোমৈ-কাম্পাসিটা ।	। কম্পৌণ্ড টিঙ্কট্যুর আব্-সিন্নামন্ ।

। বাঙ্গালা ।

। দারচিরন্যাদির অরিষ্ট ।

দারচিনী কুট্টিতা	১	ঔন্স
এলাচ্ কুট্টিত	॥০	ঔন্স
পিপ্পলী চূর্ণ	২॥০	ড্রাম
শুণ্ঠীর টুকরা	২॥০	ড্রাম
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	২	পৈণ্ট

। লাটিন্ ।	। ইংরাজী ।
। টিঙ্কট্যুরা কাল্টিসে ।	। টিঙ্কট্যুর আব্ মেডোসাফরন্ ।

। কাল্চিকমের অরিষ্ট ।

মেডোসাফরন্ বীজ কুট্টিত	৫	ঔন্স
প্রথমতঃ এক কাচের পাত্রে জল রাখিয়া ইহাতে অল্প অল্প সল্ফ্যুরিক্ এসিড্ নিক্ষেপ করত মিলিত করিয়া ইহাতে লৌহ চূর্ণ সমস্ত দিয়া অগ্নিসন্তাপদ্বারা শোষণ করিবেক এবং যখন বুদ্বুদোদ্গম রহিত হইবেক তখন নামাইয়া ছাঁকিয়া লইয়া ঐ দ্রব নির্জন স্থানে রাখিবেক এবং দানা বান্ধিলেপর উপরিস্থ জল পৃথক্ করিয়া দানা সমস্ত গ্রহণ করিবেক এবং ঐ জল পুনর্ব্বার শোষণ করিবেক কারণ তাহাতেও ঐ রূপ দানা উৎপন্ন হইবেক তৎপরে ঐ দুই প্রকার দানা সমস্ত একত্র করিয়া শুষ্ক করিয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। ফেরৈ সেস্কুয়ি আক্সিডম্। । সেস্কুই আক্সৈড্ আব্-ঐরন্।

হিরাকশ	৪ পৌণ্ড
কার্বোনেট্ আব্ সোডা	৪ পৌণ্ড ২ ঔন্স
অত্যুষ্ণ জল	৬ গ্যালন্

হিরাকশ ও কার্বোনেট্ আব্ সোডা পৃথগ্রূপে তিন তিন্ গ্যালন্ জলেতে দ্রব করিবেক পশ্চাৎ একত্র করিয়া

রাখিলে যাহা অধঃপতিত হইবেক তাহার উপরিস্থ জল ত্যাগ করিবেক অধঃস্থ বস্তু জলে ধৌত করিয়া পশ্চাৎ শুষ্ক করিয়া রাখিবেক।

লাটিন্।	ইংরাজী।
টিঙ্কটুরা ফেরৈ সেস্কুই-ক্লোরিডৈ।	টিঙ্কট্যর্ আব্ সেস্কুই-ক্লোরৈড্ আব্ ঐরন্।

সেস্কুই আক্সৈড আব ঐরন ...	...	...	৬	ঔন্স
হৈড্রোক্লোরিক্ এসিড্ অর্থাৎ লবণ	...	...	১	পৈণ্ট
রিক্টিফৈড স্পিরিট্ আব বৈন	...	...	৩	পৈণ্ট

এক কাচের বোতলে লবণদ্রাবক এবং সেস্কুই আক্সৈড্ আব্ ঐরন্ নিক্ষিপ্ত করিয়া তিন দিবস মৃদু-সন্তাপোপরি রাখিবেক এবং প্রতিদিন ঐ কাচ বোতল পুনঃ পুনঃ লাড়িবেক পরে উহাতে উক্ত স্পিরিট্ অর্থাৎ সুরা প্রক্ষেপ করিয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন ।	। ইংরাজী ।
। ফেরৈ পোটাস্সিয়ো-টার্ট্রাস ।	। পোটাস্সিয়ো টার্ট্রেট্ আব্-ঐরন্ ।

সেস্কুই আক্সৈড আব্ ঐরন্ অর্থাৎ লৌহ ভস্ম ...	৩	ঔন্স
হৈড্রোক্লোরিক্ এসিড্ অর্থাৎ লবণ দ্রাবক	॥৽	পৈণ্ট
সোলূশন্ আব্ পোটাস ... ... অথবা যত প্রয়োজন হইবেক তত লইবেক ...	৪॥৽	পৈণ্ট
বৈটার্ট্রেট্ আব পোটাস্	১১॥৽	ঔন্স
সোলূশন্ আব্ সেস্কুই কার্বোনেট্ আব অম্মোনিয়া অথবা ইহা যত প্রয়োজন হইবেক তত লইবেক	১	পৈণ্ট
পরিস্রুত জল	৩	গ্যালন

সেস্কুই আক্সৈড্ আব্ ঐরন্ লবণ দ্রাবকের সহিত মিশ্রিত করিয়া বালুকাযন্ত্রের উপরি দুইঘণ্টাপর্য্যন্ত রাখিবেক এবং ইহাতে দুই গ্যালন্ জল নিক্ষেপ করিয়া ঐ সমস্ত দ্রব একঘণ্টা নির্জন স্থানে রাখিয়া উপরিস্থ স্বচ্ছদ্রব ঢালিয়া ইহাতে সোলূশন্ আব্ পোটাস প্রক্ষেপ করিলে যাহা অধঃপতিত হইবেক তাহা পুনঃ পুনঃ জলে ধৌত করিবেক এবং আর্দ্র থাকিতে উহার সহিত এক গ্যালন্ জল মিশ্রিত করিয়া এবং বৈটার্ট্রেট্ আব্ পোটাস তাহাতে সংযোগ করিয়া পাক করিবেক

যদ্যপি লিট্মস পেপর অর্থাৎ লিট্মস নামক এক প্রকার কাগজ্ দ্বারা পরীক্ষা করত ইহাতে অম্লতা বোধ হয় তবে সোল্যুশন্ আব্ সেস্কুই কার্বোনেট্-আব্ এম্মোনিয়া তাবৎ বিন্দু বিন্দু করিয়া নিক্ষেপ করিবেক যাবৎ ঐ দ্রব নিরম্ল না হয় পরে ইহা ছাঁকিয়া লইয়া মৃদুসন্তাপ দ্বারা শুষ্ক করিয়া রাখিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। ফের্রৈ এম্মোনিয়ো-ক্লোরিডম্।	। এম্মোনিয়ো ক্লোরৈড্-আব্ ঐরন্।

সেস্কুই আক্স্রৈড্ আব্ ঐরন্ (লৌহভস্ম) ...	৩	ঔন্স
হৈড্রোক্লোরিক্ এসিড্ অর্থাৎ লবণ দ্রাবক ...	।।০	পৈণ্ট
হৈড্রোক্লোরেট্ আব্ এম্মোনিয়া অর্থাৎ নিশাদল	২।।০	পৌণ্ড
পরিস্রুত জল	৩	পৈণ্ট

এক উপযুক্ত পাত্রেতে হৈড্রোক্লোরিক্ এসিড্ ও সেস্কুই আক্স্রৈড্ আব্ ঐরন্ মিশ্রিত করিয়া দুই ঘণ্টা পর্য্যন্ত বালুকাযন্ত্রের উপরি রাখিয়া পাক করিবেক পরে নিশাদল পরিস্রুত জলে গলাইয়া ইহাতে প্রক্ষেপ

করিয়া ছাঁকিয়া লইয়া সমস্ত দ্রবাংশ শোষণ করিবেক শোষণান্তর যাহা থাকিবেক তাহা চূর্ণ করিয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। টিঙ্কটু্যর ফের্রৈ এম্মোনিয়ো ক্লোরিডৈ। । টিঙ্কটু্যর আব্ এম্মোনিয়ো ক্লোরৈড্ আব্ ঐরন্।

এম্মোনিয়ো ক্লোরৈড্ আব্ ঐরন্	৪	ঔন্স
প্রুফ স্পিরিট্ অর্থাৎ অল্পজল সুরা	১	পৈণ্ট

এই সুরাতে এম্মোনিয়ো ক্লোরৈড্ আব্ ঐরন্ গলাইয়া ছাঁকিয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। ফের্রৈ ঐয়োডিডম্। । ঐয়োডৈডেড্ আব্ ঐরন্।

ঐয়োডৈন্	৩	ঔন্স
ঐরন্ ফৈলিংস অর্থাৎ লৌহ চূর্ণ	২	ঔন্স
পরিস্রুত জল	৪।।০	পৈণ্ট

চার পৈণ্ট জলেতে ঐয়োডৈন্ মিশ্রিত করিয়া ইহাতে লৌহ চূর্ণ দিয়া বালুকাযন্ত্রের উপরি রাখিয়া

সন্তাপ দিবেক যখন হরিদ্বর্ণ হইবেক তখন দ্রবাংশ ঢালিয়া লইবেক যাহা অবশিষ্ট থাকিবেক তাহাও অর্দ্ধ পৈণ্ট অত্যুষ্ণ জল দ্বারা ধৌত করিয়া লইবেক তদনন্তর এই দুই দ্রব মিলিত করিয়া এক লৌহ পাত্রে এমত সন্তাপদ্বারা শুষ্ক করিবেক যাহার উষ্ণতা উষ্মামাপক যন্ত্রের দুইশত ও দ্বাদশ ডিগ্রির অধিক না হয়, শুষ্ক হইলে পর এক বোতলে রাখিয়া কাচের ছিপী দ্বারা উত্তম বন্ধ করিয়া এমত স্থানে রাখিবেক যে ঐ বোতলে অধিক আলোক না লাগিতে পায়।

। লাটিন্। । ইংরাজী।

। প্রিপেরাটা এক্স হৈড্রার্জিরো। প্রিপেরেসন্স আব্-মর্ক্যুরী।

। বাঙ্গালা।

। পারদ হইতে যে ঔষধ প্রস্তুত হয় তাহার প্রকরণ।

। লাটিন্। । ইংরাজী।

। হৈড্রার্জিরম্ কম্ক্রীটা। । মর্কুরী বিথ চাক্।

। বাঙ্গালা।

। খড়ীমিশ্র পারদ।

পারা	৩ ঔন্স
শোধিত খড়ী	৫ ঔন্স

এই দুই দ্রব্য মিলিত করিয়া তাবৎ খলে মর্দন করিবেক যেপর্য্যন্ত পারা নিশ্চন্দ্র না হইবেক অর্থাৎ খড়ীর সহিত উত্তম মিশ্রিত না হইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। হৈড্রার্জিরৈ বৈক্লোরিডম্।। বৈক্লোরৈড্ আব্ মর্কুরী।

(কোরোসিব্ সব্লীমেট)

। সংস্কৃত। । বাঙ্গালা।

। রসকর্পূর। । রসকাপর।

পারদ	তুলাগৃহীত ...	২	পৌণ্ড
সল্ফ্যুরিক্ এসিড্ অর্থাৎ গন্ধকদ্রাবক	তুলাগৃহীত	৩	পৌণ্ড
শুষ্ক লবণ	..	১॥০	পৌণ্ড

এক উপযুক্ত চীনার পাত্রে কিম্বা কাচের পাত্রে পারা ও সল্ফ্যুরিক্ এসিড্ একত্র পাক করিবেক পাকের শেষে উহা শুভ্র বর্ণ হইয়া শুষ্ক হইলে নামাইবেক ঐ শুভ্র বস্তু ইংরাজীতে বৈপর সল্ফেট্ আব্ মর্ক্যুরী কহে ইহা শীতল হইলে পর উক্ত লবণের সহিত মৃত্তিকার খলে সুন্দর রূপ মর্দন করিবেক মর্দনান্তর উর্দ্ধপাতন যন্ত্র দ্বারা উর্দ্ধপাতিত করিবেক উর্দ্ধপাতন কালীন জ্বাল ক্রমশঃ বৃদ্ধি করিবেক, যাহা উপরিস্থ পাত্রে উঠিয়া লগ্ন হইবেক তাহাই রসকাপর।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। লৈক্কার্ হৈড্রার্জিরৈ-বৈক্লোরিডৈ ।	। সোলূশন্ আব্ বৈক্লোরৈড্-আব্ মর্ক্যুরী ।

। বাঙ্গালা ।

। রসকর্পূরের দ্রব ।

বৈক্লোরৈড্ মর্ক্যুরী অর্থাৎ রসকর্পূর	...	১০	গ্রেন্
হৈড্রোক্লোরেট্ আব্ এম্মোনিয়া অর্থাৎ নিশাদল		১০	গ্রেন্
পরিস্রুত জল	...	১	পৈণ্ট

এই দুই বস্তু জলের সহিত উত্তম রূপ মিশ্রিত করিয়া রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। হৈড্রার্জিরৈ ক্লোরিডম্ ।	। ক্লোরৈড্ আব্ মর্ক্যুরী । । কেলোমেল ।

। বাঙ্গালা ।

। রসভস্ম ।

পারদ	তুলাগৃহীত	...	৪	পৌণ্ড
সল্ফ্যুরিক্ এসিড্ অর্থাৎ গন্ধকদ্রাবক	তুলাগৃহীত		৩	পৌণ্ড
লবণ		...	১৷৷০	পৌণ্ড
পরিস্রুতজল	যত আবশ্যক হইবেক তত লইবেক ।			

এক উপযুক্ত পাত্রে দুই পৌণ্ড পারা গন্ধকদ্রাবকের সহিত তাবৎ পাক করিবেক যাবৎ পর্য্যন্ত বৈপরসল্ফেট্ আব্ মর্ক্যুরী প্রস্তুত হইয়া শুষ্ক না হয় অর্থাৎ পারা শুষ্ক হইয়া শুভ্রবর্ণ হইলে নামাইবেক এবং উহা শীতল হইলে অবশিষ্ট দুই পৌণ্ড পারার সহিত মিলিত করিয়া মৃত্তিকার খলে রাখিয়া উত্তম রূপে মর্দন করিবেক ভাল মিশ্রিত হইলে ইহাতে লবণ দিয়া পুনর্ব্বার ঐ সমস্ত দ্রব্য তাবৎ খলে মর্দন করিবেক যাবৎ পারদ নিশ্চন্দ্র হইয়া না জায় পারা নিশ্চন্দ্র হইলে ঐ চূর্ণ উর্দ্ধপাতন করিয়া যাহা উর্দ্ধপাতিত হইবেক তাহা সূক্ষ্ম চূর্ণ করিয়া পরিস্রুত জল দ্বারা উত্তম রূপে ধৌত করিয়া শুষ্ক করিয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। হৈড্রার্জিরৈ এম্মোনিয়ো-ক্লোরিডম্। । এম্মোনিয়ো ক্লোরৈড্-আব্ মর্ক্যুরী।

বৈক্লোরৈড্ আব মর্ক্যুরী অর্থাৎ পারদ ভস্ম ..	৬	ঔন্স
সোল্যুশন্ আব্ অম্মোনিয়া	৮	ঔন্স
পরিস্রুত জল	৬	পৈণ্ট

জলেতে বৈক্লোরৈড্ আব্ মর্ক্যুরী সন্তাপ দ্বারা দ্রবীভূত করিয়া নামাইবেক শীতল হইলে

ইহাতে সোল্যুশন্ আব্ অম্মোনিয়া নিক্ষেপ করিয়া বারম্বার লাড়িবেক পরে যাহা অধঃপতিত হইবেক তাহা তাবৎ ধৌত করিবেক যাবৎ কোন স্বাদ না থাকে পরে শুষ্ক করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	ইংরাজী ।
। হৈড্রার্জিরৈ আক্সিডম্ ।	। আক্সৈড্ আব্ মর্কুরী ।

ক্লোরৈড আব মর্কুরী অর্থাৎ পারদ ভস্ম ...	১ ঔন্স
লৈমবাটর অর্থাৎ চূনের জল	১ গ্যালন

এই দুই বস্তু মিশ্রিত করিয়া পুনঃ পুনঃ লাড়িয়া নির্জনে রাখিবেক এবং আক্সৈড্ আব্ মর্কুরী অধঃপতিত হইলে দ্রবাংশ ত্যাগ করিয়া অধঃপতিত বস্তুকে তাবৎ পরিস্রুত জল দ্বারা ধৌত করিবেক যাবৎ ইহাতে ক্ষারাস্বাদ থাকিবেক তদনন্তর বিবুলস্ পেপর অর্থাৎ শোষক কাগজে বেষ্টিত করিয়া বাতাসে শুষ্ক করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। হৈড্রার্জিরৈ বৈনাক্স্রিডম্ ।	। বৈনাক্স্রৈড্ আব্ মর্কু্যরী ।

বৈক্লোরৈড্ আব্ মর্কু্যরী (কোরোসিব্ সব্লিমেট্) অর্থাৎ রসকাপর ৪ ঔন্স

সোলু্যশন্ আব্ পোটাস্ ... ... ২৮ ঔন্স

পরিস্রুত জল .. .. ৬ পৈণ্ট

জলেতে বৈ ক্লোরৈড্ আব্ মর্কু্যরী দ্রবীভূত করিয়া ছাঁকিয়া লইয়া ইহাতে সোলু্যশন্ আব্ পোটাস্ নিক্ষেপ করিলে যে বস্তু অধঃপতিত হইবেক তাহার উপরিস্থ দ্রবাংশ ঢালিয়া ঐ অধঃপতিত বস্তুকে পরিস্রুত জল দ্বারা এমত ধৌত করিবেক যে তাহাতে কোন ক্ষারাস্বাদ না থাকে পরে উহা মৃদু সন্তাপ দ্বারা শুষ্ক করিয়া রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। হৈড্রার্জিরৈ নৈট্রিকো-আক্সিডম্ ।	। নৈট্রিক্ আক্সিড্ আব্-মর্কু্যরী ।

পারদ ... ... ৩ পৌণ্ড

নৈট্রিক্ এসিড্ অর্থাৎ যবক্ষার দ্রাবক তুলাগ্রহীত ১।।০ পৌণ্ড

পরিস্রুত জল ... . ২ পৈণ্ট

এক উপযুক্ত কাচের পাত্রে অথবা চীনার পাত্রে এই তিন বস্তু মিলিত করিয়া মৃদু সন্তাপে রাখিয়া পারা গলাইয়া লইবেক এই দ্রবীভূত পারা শুষ্ক করিয়া চূর্ণ করিবেক পরে ইহা পূর্ব্বাপেক্ষা অন্য এক অগম্ভীর অর্থাৎ চেট্‌কাল পাত্রে রাখিয়া প্রথমতঃ মৃদু জ্বাল দিবেক ক্রমশঃ ঐ জ্বাল তাবৎ বৃদ্ধি করিবেক যাবৎ পর্য্যন্ত ইহা হইতে অরুণ বর্ণ ধূম উঠিবেক ঐ ধূমোদ্গম রহিত হইলে জ্বাল রহিত করিয়া শোণিত বর্ণ ঔষধ গ্রহণ করিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। হৈড্রার্জিরৈ বৈসৈয়েনিডম্। । বৈসৈয়েনেড্ আব্-মর্কুরী।

পর্‌সৈয়েনৈড্ আব্ ঐরন্	৮	ঔন্স
বৈনাক্সৈড আব্ মর্কুরী	১০	ঔন্স
পরিস্রুত জল	৪	পৈণ্ট

জলেতে এই তিন বস্তু অর্দ্ধঘণ্টা পাক করিয়া ছাঁকিয়া লইবেক, এবং ইহা এমত শোষণ করিবেক যে ইহাতে দানা বান্ধিতে পারিবেক, যাহা অবশিষ্ট থাকিবেক তাহা অত্যুষ্ণ পরিস্রুত জল দ্বারা অনেকবার ধৌত করিবেক এবং ঐ মিশ্রিত ধৌত জল সকল পুন-

র্ব্বার এমত শোষণ করিবেক যে ইহাতেও দানা বান্ধিতে পারিবেক পরে ঐ দানা সমস্ত গ্রহণ করিবেক।

দ্বিতীয় নির্ম্মাণ বিধি।

ডৈল্যুটিড্ সল্ফ্যুরিক এসিড্ অর্থাৎ সজল গন্ধক দ্রাবকের সহিত ফেরোসৈয়ানৈড্ আব্ পোটাস্সিয়ম্ মিশ্রিত করিয়া চুয়াইলে হৈড্রো সৈয়ানিক্ এসিড্ প্রস্তুত হয় এই হৈড্রো সৈয়ানিক্ এসিড্তে এমত পরিমাণে বৈনাক্সৈড্ আব্ মর্ক্যুরী দিবেক যে ঐ এসিডের সহিত মিশ্রিত হইলে তাহার ক্ষারতা ও অম্লতা না থাকে তাহা হইলে বৈসৈয়ানৈড্ আব্-মর্ক্যুরী প্রস্তুত হইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। হৈড্রার্জিরৈ ঐয়োডৈডম্। । ঐয়োডৈড্ আব্ মর্ক্যুরী।

পারদ	... ...	১ ঔন্স
ঐয়োডৈন	... ...	৫ ড্রাম
অল্কোহল্ অর্থাৎ সুরা	... যত আবশ্যক হইবেক তত লইবেক।	

পারদ ও ঐয়োডৈন্ এক খলে রাখিয়া অল্প অল্প সুরা ইহাতে দিয়া তাবৎপর্য্যন্ত মর্দন করিবেক যাবৎ পর্য্যন্ত পারদ নিশ্চন্দ্র না হয় অর্থাৎ উত্তম মিশ্রিত না হয় নিশ্চন্দ্র হইলে এই চূর্ণ শীঘ্র মৃদু সন্তাপ দ্বারা এমত স্থানে শুষ্ক করিবেক যে সেখানে অতিশয় আলোক না যাইতে পারে শুষ্ক হইলে এক শীশীতে রাখিয়া তাহার মুখ সুন্দররূপে কাচের ছিপী দ্বারা বন্ধ করিয়া রাখিবেক।

। লাটিন্। । হৈড্রার্জিরৈ বৈন্ ঐয়োডৈডম্।

। ইংরাজী। । বৈন্ আব্ ঐয়োডৈড্ আব্ মর্কুরী।

পারদ	১	ঔন্স
ঐয়োডৈন্	১০	ড্রাম
অল্কোহল্ অর্থাৎ সুরা ...	যত প্রয়োজন হইবেক তত লইবেক।	

পারদ ও ঐয়োডৈন্ এক খলে রাখিয়া অল্প অল্প অল্কোহল্ দিয়া তাবৎপর্য্যন্ত মর্দন করিবেক যাবৎ পারা নিশ্চন্দ্র না হয় নিশ্চন্দ্র হইলেই মৃদু সন্তাপ দ্বারা শুষ্ক করিয়া এক শীশীতে রাখিয়া তাহার মুখ কাচের ছিপী দ্বারা বন্ধ করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। হৈদ্রার্জিরৈ বৈ সল্ফ্যুরেটম্ ।	। বৈ সল্ফ্যুরেট্ আব-মর্কু্যরী ।

পারদ	... ...	২ পৌণ্ড
গন্ধক	... ...	৫ ঔন্স

এক পাত্রে গন্ধক রাখিয়া অগ্নিতে গলাইয়া ইহাতে পারদ নিক্ষেপ করিয়া মিশ্রিত করিবেক মিশ্রিত হইলে পিণ্ডাকৃতি হইবেক যখন ঐ পিণ্ড স্ফীত হইয়া উঠিবেক সেই সময়ে নামাইয়া পাত্রের মুখ সুন্দররূপে ঢাকা দিবেক নতুবা জ্বলিয়া উঠিবেক শীতল হইলে পর ঐ পিণ্ড চূর্ণ করিয়া ঊর্দ্ধপাতন করিবেক এবং ঊর্দ্ধপাতন দ্বারা যাহা ঊর্দ্ধস্থ পাত্রে লগ্ন হইবেক তাহা বৈসল্ফ্যুরেট্ আব্ মর্ক্যুরী ইহা গ্রহণ করিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। হৈদ্রার্জিরৈ সল্ফ্যুরীটম্-কম সল্ফ্যুরী ।	। সল্ফ্যুরেট্ আব্ মর্ক্যুরী-বিথ্সল্ফর ।

। বাঙ্গালা ।

। কজ্জলী ।

পারদ	... ...	১ পৌণ্ড
গন্ধক	... ...	১ পৌণ্ড

গন্ধকের সহিত পারা তাবৎ খলে মর্দন করিবেক যাবৎ নিশ্চন্দ্র না হয় উত্তম মিশ্রিত হইলে তুলিয়া রাখিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। প্রিপেরাটা এক্স ম্যাগ্নিসিয়ো।	। প্রিপেরেসন্স আব্-ম্যাগ্নিসিয়ম্।

। অর্থাৎ।

ম্যাগ্নিসিয়ম্ নামক ধাতু হইতে যে ঔষধ প্রস্তুত হয় তাহার প্রকরণ।

। লাটিন্।	। ইংরাজী।
। ম্যাগ্নিসিয়া।	। ম্যাগ্নিসিয়া।

কার্বোনৈট্ আব্ ম্যাগ্নিসিয়া ... ... ৪ ঔন্স

কার্বোনেট্ আব্ ম্যাগ্নিসিয়াকে দুই ঘণ্টা অতি তীক্ষ্ণ অগ্নিতে দগ্ধ করিলে ম্যাগ্নিসিয়া প্রস্তুত হয়।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ম্যাগ্নিসিয়ি কার্বোনাস্ ।	। কার্বোনেট্ আব্ ম্যাগ্নি-সিয়া ।

সল্ফেট্ আব্ ম্যাগ্নিসিয়া অর্থাৎ এপ্সম্ সাল্ট	...	৪ পৌণ্ড
কার্বোনেট্ আব সোডা	.. ...	৪ পৌণ্ড ৮ ঔন্স
পরিস্রুত জল	... ...	৪ গ্যালন্

এপ্সমসাল্ট ও কার্বোনেট্ আব্ সোডা এই দুই দ্রব্য দুই দুই গ্যালন জলেতে পৃথক্ মিশ্রিত করিবেক এবং পৃথক্ ছাঁকিয়া লইবেক তদনন্তর এই দুই দ্রব একত্র করিয়া পাদঘটিকা পর্য্যন্ত পাক করিবেক এবং পাক-কালীন সর্ব্বদা লাড়িবেক পাকান্তর জল ঢালিয়া ফেলি-বেক এবং অধঃপতিত বস্তু অত্যুষ্ণ পরিস্রুত জল দ্বারা ধৌত করিয়া সন্তাপ দ্বারা শুষ্ক করিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। প্রিপেরাটা ইপ্লম্বো ।	। প্রিপেরেসন্স আব্ লেড্ ।

। বাঙ্গালা ।

। সীসক ধাতু হইতে যে ঔষধ প্রস্তুত হয় তাহার প্রকরণ ।

। লাটিন্।	। ইংরাজী।
। প্লম্বৈ অসীটাস্।	। অসীটেট্ আব্ লেড্। বা। সুগর আব্ লেড্।

আক্সৈড্ আব্ লেড্ অর্থাৎ মুদ্রাশঙ্খ চূর্ণ	৪	পৌণ্ড ২ ঔন্স
অসিটিক্ এসিড্ অর্থাৎ পরিস্রুত সির্কা	৪	পৈণ্ট
পরিস্রুত জল	৪	পৈণ্ট

অসিটিক্ এসিড্ জলে মিশ্রিত করিয়া ইহাতে আক্সেইড্ আব্ লেড্ প্রক্ষেপ করিবেক এবং মৃদু জ্বাল দিয়া গলাইয়া ছাঁকিয়া লইয়া ঐ দ্রবাংশকে সন্তাপ দ্বারা এমত শোষণ করিবেক যে ইহাতে দানা বান্ধিতে পারিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। লৈক্বার প্লম্বৈ ডৈ অসিটাটিস্।	। সোল্যুশন্ আব্ ডৈ এসিটেট্ আব্ লেড্।

অসিটেট্ আব্ লেড্ (সুগর লেড্) ...	২ পৌণ্ড ৩ ঔন্স
আক্সৈড্ আব্ লেড্ অর্থাৎ মুদ্রাশঙ্খ ইহার চূর্ণ	১ পৌণ্ড ৪ ঔন্স
জল	৬ পৈণ্ট

এই তিন দ্রব্য একত্র অর্দ্ধঘটিকা পর্য্যন্ত পাক করিবেক এবং পাককালীন সর্ব্বদা লাড়িবেক শীতল

হইলে পর ইহাতে পরিস্রুত জল এমত পরিমাণে নিক্ষেপ করিবে যে ৬ ছয় পৈণ্ট জল পূর্ব্ববৎ থাকিবে তদনন্তর ছাঁকিয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

লৈক্কার প্লম্বে অসিটাটিস্- ডৈলূটস্। । ডৈলুটেড্ সোলূশন্ আব্-ডৈ অসিটেট্ আব্ লেড্।

সোলূশন্ আব্ ডৈ অসিটেট্ আব্ লেড্	...	১।।০	ড্রাম
প্রূফ্স্পিরিট্ অর্থাৎ বহুজল সুরা	..	২	ড্রাম
পরিস্রুত জল	...	১	পৈণ্ট

এই তিন দ্রব্য মিশ্রিত করিয়া রাখিবেক।

। লটিন্। । ইংরাজী।

। প্লম্বে ক্লোরিডম্। । ক্লোরৈড্ আব্ লেড্।

অসিটেট্ আব্ লেড্	...	১৯	ঔন্স
ক্লোরৈড্ আব্ সোডিয়ম্ অর্থাৎ লবণ	...	৬	ঔন্স
অত্যুষ্ণ পরিস্রুত জল	...	৩	পৈণ্ট

দুই পৈণ্ট জলেতে অসিটেট্ আব্ লেড্ এবং এক পৈণ্ট জলে ক্লোরৈড্ আব্ সোডিয়ম্ (লবণ) পৃথক্ পৃথক্

দ্রবীভূত করিয়া মিলিত করিবেক এবং এই দুই দ্রব্যের মিশ্রিতাজন্য উষ্ণতা রহিত হইলে যাহা অধঃ পতিত হইবেক তাহা পরিস্রুত জল দ্বারা ধৌত করিয়া শুষ্ক করিয়া রাখিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। প্লম্বি ঐয়োডৈডম্।	। ঐয়োডৈড্ আব্ লেড্।

অসিটেট আব্ লেড্ (সুগর লেড)	. . .	৩	ঔন্স
ঐয়োডৈড্ আব পোটাস্সিয়ম্	.. ..	২	ঔন্স
পরিস্রুত জল	... .	১	গ্যালন্

ছয় পৈণ্ট জলেতে অসিটেট্ আব্ লেড্ দ্রবীভূত করিয়া ছাঁকিয়া লইয়া ইহাতে ঐয়োডৈড্ আব্ পোটাস্সিয়ম্ দুই পৈণ্ট জলেতে মিশ্রিত করিয়া নিক্ষেপ করিবেক মিশ্রিত হইলে যাহা অধঃপতিত হইবেক তাহা ধৌত করিয়া শুষ্ক করিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। প্লম্বৈ আক্সিডম্ হৈড্রাটম্ ।	। হৈদ্রাটিড্ আক্সৈড্-আব্ লেড্ ।

সোলূশন্ আব্ ডৈ অসিটেট্ আব্ লেড্ ...	৬	পৈণ্ট
সোলূশন্ আব্ পোটাস্	৬	পৈণ্ট
কিম্বা ইহা যত আবশ্যক হইবেক তত লইবেক ...		
পরিস্রুত জল	৩	গ্যালন্

এই তিন দ্রব্য মিশ্রিত করিয়া রাখিলে যাহা অধঃপতিত হইবেক তাহা লইয়া জল দ্বারা এরূপ ধৌত করিবেক যে ইহাতে কিছুমাত্র ক্ষারস্বাদ থাকিবে না ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। প্রিপেরাটা ই পোটাস্সিয়ো ।	। প্রিপেরেসন্স আব্-পোটাস্সিয়ম্ ।

। পোটাস্সিয়ম্ নামক ধাতু হইতে যে ঔষধ প্রস্তুত হয় তাহার প্রকরণ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পোটাস্সি কার্বোনাস্ ।	। কার্বোনেট্ আব্ পোটাস ।

। বাঙ্গালা ।

। শোধিত ক্ষার ।

ইম্প্যুর কার্বোনেট্ আব্ পোটাস্ অর্থাৎ অশোধিত ক্ষার	...	২ পৌণ্ড
পরিস্রুত জল	... ...	১॥০ পৈণ্ট

উষ্ণজলে অশোধিত ক্ষার গলাইয়া ছাঁকিয়া লইয়া এক প্রশস্ত পাত্রে রাখিয়া ইহাতে এমত জ্বাল দিবেক যে ইহার জল শুষ্ক হইবেক এবং গাঢ় হইলে লোহার খুন্তী দ্বারা তাবৎপর্য্যন্ত লাড়িবেক যাবৎপর্য্যন্ত দানা না বান্ধে ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। লৈকার পোটাস্সি-কার্বোনাটিস্ ।	। সোল্যুশন্ আব্ কার্বোনেট্-আব্ পোটাস্ ।

কার্বোনেট্ আব্ পোটাস্	... ...	২০ ঔন্স
পরিস্রুত জল	... ...	১ পৈণ্ট

জলেতে কার্বোনেট্ আব্ পোটাস্ গলাইয়া ছাঁকিয়া রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। পোটাস্সি বৈ কার্বোনাস্ ।	। বৈ কার্বোনেট্ আব্-পোটাস ।

কার্বোনেট্ আব্ পোটাস	... ...	৩ পৌণ্ড
পরিস্রুত জল	... ...	১ গ্যালন

জলেতে কার্বোনেট্ আব্ পোটাস্ গলাইয়া ইহাতে কার্বোনিক্ অসিড্* সংযোগ করাইবেক এবং ঐ এসিড্ তাবৎপর্য্যন্ত সংযোগ করাইবেক যাবৎপর্য্যন্ত উক্ত দ্রবেতে ক্ষারতা ও অম্লতা থাকিবেক ক্ষারতা এবং অম্লতা ত্যাগ হইলে ঐ দ্রব মৃদু সন্তাপে রাখিলে দানা বান্ধিবেক এবং ঐ দানা সকল গলাইয়া পুনর্ব্বার নির্জ্জনে রাখিবেক কারণ পুনর্ব্বার দানা দানা হইবেক দানা বান্ধিলে পর জল ঢালিয়া দানা সমস্ত শুষ্ক করিয়া লইবেক।

* কার্বোনিক্ অসিড্ এক প্রকার বায়ু ইহা এই রূপে প্রস্তুত করিবেক। খড়ী চূর্ণ ও জল মিশ্রিত করিয়া লেহবৎ করিবেক এবং ইহাতে সল্ফ্যুরিক্ অসিড্ অর্থাৎ গন্ধক দ্রাবক তুল্যাংশ জলের সহিত মিশ্রিত করিয়া ইহাতে প্রক্ষেপ করিবামাত্র উক্ত বায়ু উদ্গত হইতে আরম্ভ হইবেক পরন্তু যৎকালীন ঐ কার্বোনিক্ অসিড্ কোন দ্রবীভূত বস্তুতে প্রবেশ করাইতে হয় তখন কাচ যন্ত্রে ইহার প্রস্তুত করণের দ্রব্য দিয়া ঐ যন্ত্রের নল কাচকূপীস্থ সেই দ্রবেতে সংযোগ করিবেক।

ফার্মাকোপিয়া।

অর্থাৎ

ঔষধকল্পাবলী।

এই ঔষধকল্পাবলী লণ্ডননগরের রাজকীয় বিদ্যালয়ের চিকিৎসকগণেরা ১৮৩৬ ইংরাজী সনে প্রস্তুত করিয়াছেন এক্ষণে বঙ্গভাষাতে অনুবাদিত হইল।

। পরিমাণেরপরিভাষা।

ইংলণ্ডদেশে দুইপ্রকার তুলামান চলিত আছে এক সুবর্ণ রৌপ্যাদির পরিমাণার্থক দ্বিতীয় অন্যান্যবাণিজ্য দ্রব্যাদির পরিমাণ নিমিত্তক পরন্তু যে তুলামান সুবর্ণাদি বিষয়ে ব্যবহৃত হয় তদ্দ্বারা চিকিৎসকেরা ঔষধাদি তোলন করেন এবং ইংরাজী ভাষাতে তাহাকে ট্রয়ওয়েট্

কহে ইহার সংজ্ঞা বিশেষ ও প্রত্যেকের সঙ্কেত চিহ্ন এই।

* ১ গ্রেন্	...	...	..	Gr.i
২০ গ্রেন্	...	...	... ১ স্ক্রুপল	℈i
৩ স্ক্রুপল	...	...	... ১ ড্রাম	ʒi
৮ ড্রাম	..	...	... ১ ঔন্স	℥i
১২ ঔন্স	...	...	.. ১ পৌণ্ড	lb.i

ইংলণ্ডদেশে তৈলমদ্যাদি দ্রবদ্রব্যের পরিমাণার্থ যে ভাণ্ডমান ব্যবহৃত হয় তাহাকে ইংরাজী ভাষাতে ইম্পিরিয়েলমেজর কহে অর্থাৎ রাজকীয়পরিমাণ যেহেতুক ইহা তদ্দেশীয় রাজানুমত ঐ ভাণ্ডমানের নাম ও চিহ্ন এই। যথা।

১ গ্যালন	C	..	...	... ৮	পৈণ্ট
১ পৈণ্ট	O	...	...	... ২০	ঔন্স
১ ঔন্স	f℥i	...	...	... ৮	ড্রাম
১ ড্রাম	fʒi	...	...	... ৬০	বিন্দু
১ ড্রাপ	♏	...	...	... ১	বিন্দু

* কোম্পানীর নূতন এক শিকিতে ৪৫ গ্রেন হয় যদ্যপি ঐ শিকীর পরিমিত এক পিত্তলতারকে সমান তিন ভাগ করিয়া কাটা জায় তবে এক এক ভাগ ১৫ গ্রেন হয় পুনর্ব্বার ঐ ১৫ গ্রেন্ পরিমিত তারকে সমান তিন ভাগ করাজায় তবে পঞ্চ গ্রেন্ হয় এবং ঐ পঞ্চ গ্রেন্ তারকে পঞ্চ ভাগ সমান করিয়া কাটিলে এক এক গ্রেন্ হইবেক।

। ঔষধ রাখিবার পাত্রাদির নিয়ম ।

যেসকল পাত্রাদিতে ঔষধ প্রস্তুত করিবেক কিম্বা রাখিবেক তাহা এমত ধাতুদ্বারা নির্ম্মিত হইবেক যাহার সংযোগে ঐ ঔষধ বিকৃতি প্রাপ্ত নাহয়।

কাচের পাত্র ও প্রস্তরময় খল্ল এবং মৃণ্ময়পাত্র এবং লৌহের হামামদিস্তা প্রভৃতি ব্যবহার্য্য এবং তাম্রময় ও সীসকময় পাত্রাদি অব্যবহার্য্য ।

যে সমস্ত অম্ল ও ক্ষার এবং ধাতুঘটিত ঔষধ আর সকল প্রকার লবণ এই সকল দ্রব্য কেবল কাচের সিসীতে কিম্বা বোতলে রাখিবে ও তাহারদিগের মুখ কাচের ছিপি দ্বারা সুন্দররূপে রুদ্ধকরিয়া রাখিবেক ।

। * থর্ম্মামেটর অর্থাৎ উষ্মপরিমাপক যন্ত্রের বিবরণ।

বায়ু ও জল ইত্যাদি বস্তুর উষ্ণতার তারতম্য অবগত হইবার কারণ এক যন্ত্র ব্যবহৃত হয় তাহার

* থর্ম্মামেটরযন্ত্রের স্থূল বিবরণ এই এক সূক্ষ্ম কাচনল উহার নীচেরমুখ রুদ্ধ ও কিঞ্চিদ্বিস্তৃত এবং ঊর্দ্ধমুখদ্বারা যথা প্রমাণ পারা প্রবেশ করাইয়া ঐ মুখ রুদ্ধকরে এবং ঐ নল যে পিত্তলের দীর্ঘ পত্রেতে সংযুক্ত থাকে তাহাতে ১ একাদি ২১২ অঙ্কদ্বারা সমান বিভক্ত এই রেখা সমূহের নাম ইংরাজীতে ডিগ্রি কহে এবং সংস্কৃততে কলা কহা যাইতেপারে ঐ যন্ত্রস্থ পারা উষ্মপ্রাপ্তহইলে উপরি উঠে এবং শীতস্পর্শে নীচে পতিত হয়।

নাম ফানহৈট্স্থর্মামেটর কারণ ঐ যন্ত্র ফার্নহৈটনামক সাহেবদ্বারা প্রথমতঃ সৃষ্ট হইয়া ছিল।

ঔষধ প্রস্তুত করণ সময়ে যত উত্তাপ আবশ্যক হইবেক তাহার সীমা ঐ যন্ত্রদ্বারা অবগত হইবেক। যখন পক্ব জলের অর্থাৎ অত্যুষ্ণজলের উত্তাপ প্রয়োজন হইবেক তাহার অত্যুষ্ণতা ২১২ ডিগ্রি অর্থাৎ কলা পর্য্যন্ত গ্রাহ্য এবং যে স্থলে মৃদুসন্তাপ নির্দ্দেশ করাযাইবেক তথা ৯০ ডিগ্রি হইতে ১০০ এক শত ডিগ্রি পর্য্যন্ত জানিতে হইবেক।

। ওয়াটরবাথ্ অর্থাৎ জলস্বেদনযন্ত্র।

এক পাত্র জলপূর্ণ করিয়া উষ্ণ করিবেক ঐ জলোপরি পাত্রান্তর স্থাপন করিয়া তাহাতে ঔষধ দ্রব্য রাখিয়া নীচেরপাত্রে সন্তাপ প্রদান করিবেক এই যন্ত্রকে ইংরাজী ভাষাতে ওয়াটর বাথ্ কহে. কোন কোন দ্রব ঔষধ গাঢ় করিতে ও শুষ্ক করিতে এবং কখন কখন চুয়ায়বার নিমিত্তে জলস্বেদন যন্ত্রের প্রয়োজন হয়।

। বালুকাযন্ত্র ।

প্রথমত এক লৌহপাত্র বালুকাপূর্ণ করিয়া ক্রমে ক্রমে সন্তাপ প্রদান করিবেক এবং ঐ বালুকোপরি যথোচিত পাত্র স্থাপিত করিয়া ঐ পাত্রে ঔষধাদি রাখিবেক এবং তদ্দ্বারা ঐ ঔষধাদির শোষণাদি ক্রিয়া নির্ব্বাহ হইবেক বালুকা যন্ত্রকে ইংরাজী ভাষাতে সেণ্ড-বাথ্ কহে ।

। ঔষধ নির্মাণ বিধি ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। অসিডা ।	। অসিডস ।
। বাঙ্গালা ।	। হিন্দি ।
। অম্ল অথবা দ্রাবক ।	। তেজাব্ ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। অসিটম্ ডিষ্টিল্লেটম্ ।	। ডিষ্টিলেড বিনিগর ।
। বাঙ্গালা ।	। সংস্কৃত ।
। পরিস্রুত সির্কা ।	। চুক্র ।

সির্কা ... ... ৮ পৈণ্ট

এই সির্কা এক গ্লাসরিটার্ট অর্থাৎ কাচের বকযন্ত্রে রাখিয়া বালুকাযন্ত্রোপরি বকযন্ত্র রাখিবেক এবং ঐ যন্ত্রের মুখে এক কাচভাণ্ড সংলগ্ন করিয়া সপ্ত পৈণ্ট সির্কা চুয়াইয়া লইবেক।

লাটিন্	ইংরাজী
অসিডম্ এসিটিকম্	অসিটিক্অসিড
সংস্কৃত	বাঙ্গালা
চুক্রাম্ল	সির্কাদ্রাবক

অসিটেট্ আব সোডা	... ...	২ পৌণ্ড
সল্ফ্যুরিক অসিড্ অর্থাৎ গন্ধক দ্রাবক	..	৯ ঔন্স
পরিস্রুত জল অর্থাৎ চুয়ান জল	...	৯ ঔন্স

এক কাচের বকযন্ত্রে অসিটেট্ আব সোডা নিক্ষেপ করিবেক এবং জলের সহিত সল্ফ্যুরিকঅসিড মিশ্রিত করিয়া উহাতে ঢালিবেক তদনন্তর বালুকা যন্ত্রোপরি ঐ বকযন্ত্র রাখিয়া অসিড চুয়াইয়া লইবেক এবং চুয়ানের শেষ সময়ে অত্যন্ত অধিক জ্বাল যাহাতে না পায় তদ্বিষয়ে মনোযোগী হইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। অসিডম্ কান্থারেডিস্।	। বিনিগর আব কান্থারেডিজ্।

। বাঙ্গালা ।

। তেল্লী মক্ষিকামিশ্র সির্কা।

ব্লিষ্টরিং ফ্লাই অর্থাৎ তেল্লী মক্ষিকা তচ্চূর্ণ	২ ঔন্স
অসিটিক অসিড অর্থাৎ সির্কাদ্রাবক ...	১ পৈণ্ট

তেল্লী মক্ষিকা চূর্ণ অসিটিক অসিড তেমিশ্রিত করিয়া অষ্টদিবস পর্য্যন্ত ভিজাইয়া রাখিবেক এবং মধ্যে মধ্যে প্রতিদিন তাহা লাড়িবেক অষ্টমদিবসের পর ছাঁকিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। অসিডম কাল্কিসাই	। বিনিগর আব মিডোসাফরান্।

মিডোসাফরানের অভিনব গ্রন্থি পেশীকৃত ...	১ ঔন্স
পরিস্রুত সির্কা	১৬ ঔন্স
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ জলাধিকসুরা ...	১ ঔন্স

এক কাচের পাত্রে মিডোসাফরানের গ্রন্থি সমস্ত ও সির্কা মিলিত করিয়া রাখিবেক ঐ পাত্র মুখ শিথিল রূপে আবৃত করিয়া তিন দিবস ভিজাইয়া রাখিবেক চতুর্থ দিবসে ছাঁকিয়া নির্জনে রাখিবেক তদনন্তর উপরিস্থ স্বচ্ছাংশ ঢালিয়া লইবেক এবং ঐ দ্রবাংশের সহিত প্রুফ্ স্পিরিট্ মিশ্রিত করিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। অসিটম্ সিল্লী ।	। বিনিগর আব স্কুইল্ ।

। বাঙ্গালা ।

। কন্দরা মিশ্রু সির্কা ।

অভিনব ও শুষ্ক স্কুইল অর্থাৎ কন্দরা ...	১৫	ঔন্স
পরিস্রুত সির্কা	৬	পৈণ্ট
প্রুফ্ স্পিরিট অর্থাৎ জলাধিক সুরা ...	।।০	পৈণ্ট

এক কাচের পাত্রে স্কুইল ও সির্কা মিলিত করিয়া ঐ পাত্র মুখ শিথিলরূপে ঢাকিয়া চব্বিশ ঘণ্টা পর্য্যন্ত মৃদু সন্তাপোপরি ভিজাইয়া রাখিবেক তদনন্তর ক্বাথ ছাঁকিয়া রাখিবেক পরে যে মলাংশ অধঃপতিত হইবেক তাহা ত্যাগকরিয়া উপরিস্থ স্বচ্ছ্দ্রবভাগ লইয়া সুরা মিশ্রিত করিয়া রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। অসিডম্ বেঞ্জোয়েকম্ ।	। বেঞ্জোয়িক্ অসিড্ ।

। বাঙ্গালা ।

। ঊর্দ্ধপাতিত লোবান ।

বেঞ্জোয়েকম্ অর্থাৎ লোবান	১	পৌণ্ড

এক পাত্রে লোবান রাখিয়া পাত্রান্তর উহার উপর দিয়া মুখে মুখে ঐ দুই পাত্র উত্তমরূপে সংযুক্ত করিয়া

বালুকা যন্ত্রোপরি স্থাপিত করিবেক এবং উষ্মাপরিমাপক যন্ত্রের ৩০০ তিনশত ডিগ্রি অর্থাৎ কলা পর্য্যন্ত জ্বাল দিবেক ঐ সন্তাপদ্বারা লোবানের যে অংশ ঊর্দ্ধস্থ পাত্রে লাগিবেক ঐ ঊর্দ্ধপাতিত ভাগ সংগ্রহ করিয়া বিব্যুলস পেপর অর্থাৎ শোষক কাগজে রাখিয়া এরূপ নিষ্পীড়ন করিবেক যে তদ্দ্বারা ঐ দ্রব্যের তৈলাংশ পৃথক্ হইয়া ঐ কাগজে লাগিবেক পরে ঐ নিষ্পীড়িত লোবান পুনর্ব্বার ঊর্দ্ধ পাতিত করিবেক পরন্তু দ্বিতীয় বার ঊর্দ্ধপাতন কালীন এরূপ সন্তাপ প্রদান করিবেক যে তাহা থর্মামেটর অর্থাৎ উষ্মমাপক যন্ত্রের ৪০০ শত ডিগ্রির অধিক না হয় তৎপরে উপরিস্থ ভাণ্ডে যাহা সংলগ্ন হইবেক তাহা লইয়া কাচ ভাণ্ডে রাখিবেক।

লাটিন	ইংরাজী
অসিডম্ সিট্রিকম্	সিট্রিক্ অসিড্

। অর্থাৎ ।

। গাঢ়ীকৃত লেবুররস।

জুস আব লিমন্স অর্থাৎ লেবুররস	৪	পৈণ্ট
প্রিপেরেড্ চাক্ অর্থাৎ শোধিত খড়ী. ...	৪।।০	ঔন্স
পরিস্রুত জল	২	পৈণ্ট
ডৈল্যুটেড্ সল্ফ্যুরিক অসিড্ অর্থাৎ জলমিশ্র গন্ধকদ্রাবক	২৭।।০	ঔন্স

লেবুর রস উষ্ণ করিয়া ইহাতে সমস্ত খড়ী অল্প অল্প করিয়া নিক্ষেপ করত লেবুর রসের সহিত মিশ্রিত করিয়া নির্জনস্থানে রাখিবেক তদ্দ্বারা লেবুর রসের অম্লাংশ খড়ীর সহিত মিলিত হইয়া অধঃপতিত হইবেক তদনন্তর উপরিস্থ স্বচ্ছদ্রবাংশ ঢালিয়া ফেলিবেক এবং যাহা অধঃস্থ থাকিবেক তাহা ইংরাজী ভাষাতে সৈট্রেট্ আব লৈম কহে অর্থাৎ চূনমিশ্র লেবুর রস ঐ গাঢ় বস্তুকে অনেক বার উষ্ণ জলদ্বারা ধৌত করিবেক তাহারপর ঐ ধৌত বস্তু উক্ত পরিস্রুত জল ও ডৈল্যুটেড সল্ফ্যুরিক অসিডের সহিত মিশ্রিত করিয়া পাদঘণ্টা পর্য্যন্ত পাক করিবেক পশ্চাৎ উহা বলপূর্ব্বক বস্ত্রনিষ্পীড়িত করিয়া দ্রবাংশ লইবেক ঐ দ্রবকে মৃদুসন্তাপ দ্বারা এরূপ শোষিত করিয়া নিভৃতস্থানে রাখিবেক যে তাহাতে দানা বান্ধিতে পারে ঐ দানা সমুদয় দ্বিতীয়বার জলেতে দ্রবীভূত করিয়া ছাঁকিয়া লইবেক এবং ইহা পাক করিয়া নির্জনে রাখিবেক তাহাতে যে দানা বান্ধিবেক তাহাও তৃতীয়বার ঐ রূপ করিবেক তাহা করিলে দানা সমস্ত অতি পরিষ্কৃত হইবেক।

লাটিন্	ইংরাজী
অসিডম হৈদ্রোক্লোরিকম্	হৈদ্রোক্লোরিক্ অসিড্

। বাঙ্গালা ।

। লবণদ্রাবক ।

শুষ্ক লবণ	২	পৌণ্ড
সল্ফ্যুরিক্ অসিড্ অর্থাৎ গন্ধক দ্রাবক ...	২০	ঔন্স
পরিস্রুত জল	২৪	ঔন্স

এক কাচের বকযন্ত্রে লবণ রাখিয়া সল্ফ্যুরিক্ অসিড্ ১২ ঔন্স জলের সহিত মিশ্রিত করিয়া ঐ লবণে নিক্ষেপ করিবেক অবশিষ্ট ১২ ঔন্স জল এক রিসিবর অর্থাৎ এক ধারক ভাণ্ডে রাখিয়া ঐ ধারকের মুখে বক যন্ত্রের নল মিলিত করিবেক এবং যন্ত্রকে বালুকাযন্ত্রোপরি রাখিয়া ক্রমশঃ জ্বাল বৃদ্ধি করত উক্ত ধারকস্থ জলেতে দ্রাবক চোয়াইয়া লইবেক ।

লাটিন্	ইংরাজী
অসিডম হৈদ্রোক্লোরিকম্-ডৈল্যুটম্	ডৈল্যুটেড্ হৈদ্রোক্লোরিক্-অসিড্

। বাঙ্গালা ।

। জলমিশ্রলবণ দ্রাবক ।

হৈদ্রোক্লোরিক্ অসিড্ অর্থাৎ লবণ দ্রাবক ..	৪ ঔন্স
পরিস্রুত জল	১২ ঔন্স

এই দুই দ্রব্য মিশ্রিত করিয়া রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। অসিডম নৈট্রিকম্ ।	। নৈট্রিক্ অসিড্ ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। যবক্ষার দ্রাবক ।	। শোরার দ্রাবক ।

শুষ্কশোরা ... ... ২ পৌণ্ড

সল্‌ফ্যুরিক্ অসিড্ অর্থাৎ গন্ধকদ্রাবক ... ২ পৌণ্ড

এক কাচের বকযন্ত্রে শোরা ও অসিড মিলিত করিয়া বালুকাযন্ত্রোপরি ঐ যন্ত্র রাখিয়া জ্বাল দিবেক তদ্দ্বারা নৈট্রিক অসিড চোয়াইয়া লইবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। অসিডম্ নৈট্রিকম্ ডৈল্যুটম্ ।	। ডৈল্যুটেড্ নৈট্রিক্-অসিড্ ।

। বাঙ্গালা ।

। জলমিশ্রশোরার দ্রাবক ।

নৈট্রিক্ অসিড্ ... . ১ ঔন্স

পরিস্রুত জল ... . ৯ ঔন্স

এই দুই দ্রব্য একত্র মিশ্রিত করিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। অসিডম্ ফাস্ফরিকম্-ডৈল্যুটম্ ।	। ডৈল্যুটেড্ ফাস্ফরিক্-অসিড্ ।

ফাস্ফরস্	...	..	...	১ ঔন্স
নৈট্রিক্ অসিড অর্থাৎ শোরারদ্রাবক			...	৪ ঔন্স
পরিস্রুত জল	...	...	...	১০ ঔন্স

প্রথমতঃ জলের সহিত নৈট্রিক্অসিড্ মিশ্রিত করিবেক এবং কাচের বকযন্ত্রে ফাস্ফরস প্রক্ষেপ করিয়া ইহাতে ঐ জলমিশ্রিত অসিড্ নিক্ষেপ করিবেক ও বালুকাযন্ত্রোপরি বকযন্ত্র রাখিয়া জ্বালদিবেক প্রথমতঃ যে অষ্ট ঔন্স নির্গত হইবেক তাহা পুনর্বার ঐ বকযন্ত্রে নিক্ষিপ্ত করিয়া অষ্ট ঔন্স চোয়াইবেক এই অষ্ট ঔন্স পরিত্যাগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবেক তাহা বকযন্ত্র হইতে প্লাটিনা ধাতু নির্ম্মিত কেপস্যুল্ অর্থাৎ কটোরাতে রাখিয়া শোষণ করিবেক এবং ২ ঔন্স ৬ ড্রাম অবশিষ্ট থাকিতে নামাইয়া শীতল হইলে ইহাতে এমত পরিমাণে জলনিক্ষেপ করিবেক যে ইহার সহিত ২৮ ঔন্স পরিপূর্ণ হয় ।

।লাটিন্।	।ইংরাজী।
।অসিডম্ সল্ফ্যুরিকম্ ডৈল্যুটম্।	।ডৈল্যুটেড্ সল্ফ্যুরিক্ অসিড্।

।বাঙ্গালা।

।জলমিশ্র গন্ধকদ্রাবক।

সল্ফ্যুরিক্ অসিড্	... ...	১॥০ ঔন্স
পরিস্রুত জল	... ...	১৪॥০ ঔন্স

জলেতে সল্ফ্যুরিক্ অসিড অল্প অল্প নিক্ষেপ করিয়া মিশ্রিত করিবেক।

।লাটিন্।	।ইংরাজী।
।অসিডম্ টার্টরিকম্।	।টার্টারিক্ অসিড্।

বৈটার্ট্রেট্ আব পোটাস্	... ...	৪	পৌণ্ড
অত্যুষ্ণ পরিস্রুত জল	... ...	২॥০	গ্যালন
শোধিত খড়ী	... ...	২৫	ঔন্স ৬ ড্রাম
ডৈল্যুটেড সল্ফ্যুরিক্ অসিড্	...	৭	পৈণ্ট ১৭ ঔন্স
হৈদ্রোক্লোরিক্ অসিড্ অর্থাৎ লবণদ্রাবক অথবা যত আবশ্যক হইবেক তত লইবেক		২৬	॥০ ঔন্স

বৈটার্ট্রেট্ আব্ পোটাস ২ গ্যালন পরিস্রুত জলেতে পাক করিয়া নামাইবেক এবং এই দ্রবেতে অর্দ্ধভাগ খড়ী অল্প অল্প প্রক্ষেপ করিবেক উৎথলন রহিত হইলে ইহাতে

অবশিষ্ট অৰ্দ্ধ ভাগ খড়ীকে হৈদ্রোক্লোরিক্ অসিড্ এবং ৪ পৈণ্ট পরিস্রুত জলের সহিত দ্রবীভূত করিয়া নিক্ষেপ করিয়া নির্জন স্থানে রাখিবেক তদনন্তর ইহার নীচে যাহা পতিত হইবেক তাহার নাম টার্ট্রেট্ আব লৈম ইহার উপরিস্থ জল ঢালিয়া ফেলিবেক এবং অধঃপতিত ভাগ অর্থাৎ টার্ট্রেট্ আব লৈম্‌কে অনেকবার পরিস্রুত জলদ্বারা তাবৎ ধাবন করিবেক যাবৎ উহাতে কোন স্বাদ না থাকে তদনন্তর ঐ ধৌত টার্ট্রেট্ আব্ লৈম্‌তে সল্ফ্যুরিক্ অসিড্ নিক্ষেপ করিয়া পাদঘণ্টা পর্য্যন্ত পাক করিবেক পশ্চাৎ ঐ দ্রব বস্ত্রে ছাকিয়া মৃদুসন্তাপ-দ্বারা এরূপ শোষিত করিবেক যাহাতে ঐ শোষিত দ্রবেতে দানা বান্ধিতে পারে. ঐ দানা সমূহকে পুনর্ব্বার পরিস্রুত জলেতে দ্রবীভূত করিয়া ছাঁকিয়া লইবেক এবং পাক করিয়া নির্জনে রাখিবেক তাহাতে যে দানা বান্ধিবেক তাহাও তৃতীয় বার এইরূপ করিবেক তাহা করিলে ঐ দানা সমস্ত অতি পরিষ্কৃত হইতে পারিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ইথীরিয়া ।	। প্রিপেরেসন্স আব্ ইথর ।

অর্থাৎ ইথর নামক আরকের নির্ম্মাণ প্রকরণ।

।লাটিন্।	।ইংরাজী।
।ইথর্ সল্ফ্যুরিকম্।	।সল্ফ্যুরিক্ ইথর্।

রিকটিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজলসুরা ..	..	৩ পৌণ্ড
সল্ফ্যুরিক্ অসিড্ অর্থাৎ গন্ধকদ্রাবক ...	...	২ পৌণ্ড
অগ্নিদগ্ধ কার্বোনেট্ আব পোটাস্ ..	...	১ ঔন্স

কাচের বকযন্ত্রে দুই পৌণ্ড স্পিরিট্ নিক্ষেপ করিয়া ইহাতে অল্প অল্প করিয়া সল্ফ্যুরিক অসিড মিশ্রিত করিবেক এবং ঐ যন্ত্রকে বালুকাযন্ত্রোপরি রাখিয়া এরূপ অধিক সন্তাপ দিবেক যে ঐ মিশ্রিত দ্রব শীঘ্র পক্ক হইতে পারে এবং যে ধারক ভাণ্ডে চুয়িয়া পড়িবেক ঐ পাত্রের উপর হিম অর্থাৎ বরফ্ অথবা জল সেচন করত শীতল রাখিবেক এবং তাবৎ পর্য্যন্ত চোয়াইবেক যেপর্য্যন্ত ঘনভাগ নির্গত হইতে আরম্ভ না হয় ঘনভাগ নির্গত দেখিলেই চোয়ান রহিত করিবেক এবং যে দ্রব যন্ত্রমধ্যে থাকিবেক তাহা শীতল হইলে পুনর্ব্বার ঐ যন্ত্রের ভিতর অবশিষ্ট স্পিরিট্

নিক্ষেপ করিয়া পূর্ব্ববৎ ইথর্ চোয়াইয়া লইবেক তদনন্তর উক্ত চোয়ান দুই দ্রব মিলিত করিয়া উপরিস্থ ভাগ ঢালিয়া লইয়া ইহাতে কার্বোনেট্ আব্ পোটাস্ প্রক্ষেপ করিয়া একঘণ্টা পর্য্যন্ত ইহাকে অনেকবার লাড়িবেক পরে ইহা এক বড় বকযন্ত্রে রাখিয়া চোয়াই-বেক এবং ঐ চোয়ান ইথর্ এক কাচের বোতলেতে রাখিয়া তাহার মুখ সুন্দররূপে বন্ধ করিয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। ওলিয়ম ইথীরিয়ম্। । ইথীরিয়েল্ আইল্।

রিক্টিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজলসুরা	...	২ পৌণ্ড
সল্ফ্যুরিক্ অসিড্ অর্থাৎ গন্ধক দ্রাবক...	...	৪ পৌণ্ড
সোল্যুশন্ আব পোটাস ... ... অথবা যত আবশ্যক হইবেক তত লইবেক	... ...	১ ঔন্স
চোয়ান জল ... ... অথবা যত আবশ্যক হইবেক তত লইবেক	... ...	১ ঔন্স

সুরাতে এসিড্ সাবধানে মিশ্রিত করিবেক এবং এই দুই দ্রব্য মিলিত করিয়া কাচের বকযন্ত্র দ্বারা চুয়াইবেক যখন কৃষ্ণবর্ণ ফেণোদ্গম হইবেক তখন যন্ত্রকে সন্তাপ হইতে শীঘ্র নামাইবেক ঐ চোয়ান অংশের উপরিস্থ লঘু ভাগকে গুরুতরাংশ হইতে পৃথক্ করিয়া এক দিবস বায়ুতে রাখিবেক অর্থাৎ অনাবৃত

করিয়া রাখিবেক এবং জলের সহিত সোল্যুশন আব্ পোটাস্ মিশ্রিত করিয়া ঐ লঘু দ্রবাংশেতে নিক্ষেপ করিয়া এই মিশ্রিত বস্তু কাচভাণ্ডে রাখিয়া ঐ ভাণ্ডকে পুনঃ পুনঃ লাড়িবেক যখন দেখিবেক যে ইথিরিয়েল্ আইল ভালরূপ ধৌত হইয়া অধঃ পতিত হইয়াছে তখন তাহা পৃথক্ করিয়া লইবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। স্পিরিটস্ ইথিরিস্ নৈট্রিসৈ।	। স্পিরিট আব্ নৈট্রিক্-ইথর্।

রিক্টিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজলসুরা	...	৩ পৌণ্ড
নৈট্রিক্ অসিড্ অর্থাৎ শোরার দ্রাবক	...	৪ ঔন্স

ঐ সুরাতে ক্রমে ক্রমে শোরার দ্রাবক মিশ্রিত করিয়া কাচের বকযন্ত্রদ্বারা বত্তিশ ঔন্স আরক চুয়াইয়া লইবেক।

। লাটিন্ ।		। ইংরাজী ।
স্পিরিটস্ ইথিরিস্ সল্ফ্যু-রিসৈ কম্পাজিটস্	...	কম্পৌণ্ড স্পিরিট্ আব্-সল্ফ্যুরিক্ ইথর্।

সল্ফ্যুরিক্ ইথর	...	...	...	...	৮ ঔন্স
রিকটিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজলসুরা			...	...	১৬ ঔন্স
ইথীরিয়েল্ আইল্	...	...	...	...	৩ ড্রাম

এইতিন বস্তু মিশ্রিত করিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। অল্কেলা ।	। অল্কেলিজ্ ।

। ক্ষারৌষধি প্রকরণ ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। অকানিটৈনা ।	। অকানিটৈনা ।

। বাঙ্গালা ।

। কাট্‌বিষের পালো ।

অকানৈট্ অর্থাৎ কাট্‌বিষ শুষ্ক এবং কুট্টিত ...		...	২ পৌণ্ড
রিক্‌টিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজলসুরা		...	৩ গ্যালন

জলমিশ্র গন্ধক দ্রাবক। সোল্যুসন আব্ অম্মোনিয়া পশ্বস্থির পরিষ্কৃত অঙ্গার।	এই প্রত্যেক তিনদ্রব্যের যত প্রয়োজন হইবেক তাহা লইবেক।

এক বকযন্ত্রে এক গ্যালন উক্ত সুরা এবং ঐ কাট্‌বিষ একত্র করিয়া ঐ যন্ত্রের নলের সহিত এক ধারক ভাণ্ড সংলগ্ন করিবেক এবং ইংরাজী এক ঘণ্টা পর্য্যন্ত পাক করিয়া দ্রবাংশ ঢালিয়া লইবেক এবং অন্য এক গ্যালন সুরা এবং যাহা প্রথমকার চোয়ানদ্বারা ধারক ভাণ্ডে পরিস্রুত সুরা তাহার সহিত ঐ কাট্‌বিষ পুনর্ব্বার ঐরূপ পাক করিবেক এবং দ্রবাংশ ঢালিয়া লইবেক তৃতীয়বার ও পূর্ব্ববৎ করিয়া ঐ কাট্‌বিষ বস্ত্রনিষ্পীড়িত করিয়া ফেলিয়াদিবেক এবং উক্ত দ্রবসমস্ত একত্র করিয়া ছাঁকিয়া লইয়া ইহা হইতে স্পিরিট অর্থাৎ সুরা চুয়াইয়া লইবেক যন্ত্রমধ্যে যাহা অবশিষ্ট থাকিবেক তাহা সন্তাপ দ্বারা সারবৎ গাঢ় করিয়া পুনর্ব্বার জলেতে দ্রবীভূত করিয়া ছাঁকিয়া লইবেক এবং ইহাকেও মৃদুসন্তাপদ্বারা এরূপ ঘন করিবেক যে তদ্দ্বারা ইহা লেহবৎ হইবেক তদনন্তর ইহাতে ডৈল্যুটিড্ সল্ফ্যুরিক-অসিড্ পরিস্রুত জলের সহিত মিশ্রিত করিয়া এতাদৃশ পরিমাণে নিক্ষেপ করিবেক যে তাহাতে অকানিটৈনা

দ্রবীভূত হইবেক তাহার পর ইহাতে সোল্যুশন্ আব্ অম্মোনিয়া অল্প অল্প করিয়া প্রক্ষেপ করিলে একোনিটৈনা অধঃ পতিত হইবেক এবং ইহাতেও পূর্ব্ববৎ ডৈল্যুটেড্ সল্ফ্যুরিক অসিড্ পরিস্রুত জলের সহিত মিলিত করিয়া নিক্ষেপ করিয়া অকানিটৈনা গলাইয়া লইবেক তদনন্তর এইদ্রবের সহিত উক্ত অঙ্গার মিশ্রিত করিয়া ইংরাজী পাদঘণ্টাপর্য্যন্ত পুনঃ পুনঃ লাড়িয়া ছাঁকিয়া লইবেক এবং এই ছাঁকিত দ্রবেতে পুনর্ব্বার সোল্যুশন্ আব্ অম্মোনিয়া প্রক্ষেপ করিলে অকানিটৈনা অধঃ পতিতা হইবেক ঐ অধঃ পতিত অকানিটৈনা ধৌত করিবেক এবং শুষ্ক করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। লৈক্বার অম্মোনিয়ি ।	। সোল্যুশন্ আব্ অম্মোনিয়া।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। নরসারদ্রব ।	। নিশাদলদ্রব ।

হৈদ্রোক্লোরেট আব্ অম্মোনিয়া অর্থাৎ নিশাদল	১০ ঔন্স
চূন	৮ ঔন্স
জল	২ পৈণ্ট

প্রথমতঃ চূনকে কিঞ্চিৎ জলদ্বারা ফুটাইয়া লইবেক ও এক কাচের বকযন্ত্রে রাখিবেক এবং এই যন্ত্রেতে নিশাদলের ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড ও অবশিষ্টজল নিক্ষেপ করিয়া পঞ্চদশ ঔন্স সোল্যুশন আব্ অম্মোনিয়া চুয়াইয়া লইবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। অম্মোনিয়ি সেস্কুই কার্বোনস্।	। সেস্কুয়ি কার্বোনেট্-আব্ অম্মোনিয়া।

নিশাদল	... ...	১ পৌণ্ড
পরিষ্কৃত খড়ী	...	১।।০ পৌণ্ড

এই দুই দ্রব্য পৃথক্ গুঁড়াইয়া মিলিত করিয়া এক বিস্তৃতমুখ পাত্রে রাখিয়া যথারীত্যনুসারে ঊর্দ্ধ্বপাতন করিবেক এবং ঊর্দ্ধ্বপাতনের সময়ে উত্তাপ ক্রমশঃ বাড়াইবেক যে বস্তু ঊর্দ্ধ্বস্থপাত্রে সংলগ্ন হইবেক তাহাকে সেস্কুয়ি কার্বোনেট্ আব্ অম্মোনিয়া কহে ইহা লইয়া বোতলে রাখিবেক।

সেস্কুয়ি কার্বোনেট্ আব্ অম্মোনিয়া		৪ ঔন্স
পরিস্রুত জল	....	১ পৈণ্ট

পরিস্রুতজলেতে সেস্কুয়ি কার্বোনেট্ আব্ অম্মোনিয়া দ্রবীভূত করিয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন্। । লৈক্কার অম্মোনিয়ি-অসিটেটিস্।

। ইংরাজী। । সোল্যুশন্ আব্ অসিটেট্-আব অম্মোনিয়া।

সেস্কুয়ি কার্বোনেট আব্ অম্মোনিয়া ... অথবা ইহা যত প্রয়োজন হইবেক তত লইবেক	...	৪॥০ ঔন্স
ডিষ্টীলেড্ বিনিগর অর্থাৎ পরিস্রুত সির্কা ...	...	৪ পৈণ্ট

সির্কাতে তাবৎপর্য্যন্ত সেস্কুয়ি কার্বোনেট্ আব্-অম্মোনিয়া প্রক্ষেপ করিবেক যাবৎ উত্থলন রহিত না হয় উত্থলন রহিত হইলেই এই ঔষধ প্রস্তুত হইবেক।

। লাটিন্। লৈক্কার অম্মোনিয়ি সেস্কুই কার্বোনেটিস্।

। ইংরাজী। সোল্যুশন্ আব্ সেস্কুয়ি-কার্বোনেট্ আব্ অম্মোনিয়া।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। মার্ফিয়া ।	। মার্ফিয়া ।

। বাঙ্গালা ।

। আফিঙ্গের পালো ।

হৈড্রো ক্লোরেট্ আব্ মার্ফিয়া	১ ঔন্স
সোল্যুশন আব্ অম্মোনিয়া	৫ ড্রাম
পরিস্রুত জল	১ পৈণ্ট

একপৈণ্ট জলেতে হৈদ্রোক্লোরেট্ আব্ মার্ফিয়া দ্রবীভূত করিবেক এবং ইহাতে সোল্যূশন আব্ অম্মোনিয়া ও আর এক ঔন্স জল প্রক্ষেপ করিয়া মিশ্রিত করিবেক এবং এক কাচভাণ্ডে রাখিয়া লাড়িবেক তদনন্তর যাহা নীচে পতিত হইবেক তাহা গ্রহণ করিয়া পরিস্রুত জলদ্বারা ধৌত করিবেক এবং মৃদু-সন্তাপদ্বারা শুষ্ক করিয়া রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। মার্ফিয়া অসিটাস্ ।	। অসিটেট্ আব মার্ফিয়া ।

মার্ফিয়া	৬ ড্রাম
অসিটিক্ অসিড অর্থাৎ সির্কা দ্রাবক	৩ ড্রাম
পরিতস্রুত জল	৪ ঔন্স

জলের সহিত অসিটিক্ অসিড্ মিশ্রিত করিয়া মার্ফিয়ার সহিত মিলিত করিবেক এবং মার্ফিয়া দ্রবী-

ভূতা হইলে এই মিলিত দ্রবকে মৃদুসন্তাপদ্বারা এরূপ শোষণ করিবেক যে ইহাতে দানা বান্ধিতে পারিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। মার্ক্রিয়া হৈদ্রোক্লোরস্। হৈদ্রোক্লোরেট্ আব্ মার্ক্রিয়া।

আফিঙ্গ	... ...	১ পৌণ্ড
ক্লোরৈড আব্ লেড ... ... অথবা যত প্রয়োজন হইবেক তত লইবেক	...	২ ঔন্স
পাশ্বস্থির পরিষ্কৃত অঙ্গার	... ...	৩।।০ ঔন্স
হৈদ্রোক্লোরিক্অসিড্ অর্থাৎ লবণদ্রাবক	এই তিন দ্রব্যের যত প্রয়োজন হইবেক তত লইবেক।	
পরিস্রুত জল		
সোলুশন আব্ অম্মোনিয়া ...		

আফিঙ্গ খণ্ড খণ্ড করিয়া চারপৈণ্ট জলেতে ত্রিশ ঘণ্টা ভিজাইয়া হস্তমর্দিত করিয়া লইবেক পুনর্ব্বার ইহা বিশঘণ্টা পর্য্যন্ত মৃদুসন্তাপোপরি রাখিয়া বস্ত্রে ছাঁকিয়া লইবেক. ঐ আফিঙ্গের যে অংশ অবশিষ্ট থাকিবেক তাহাকেও আর দুইবার ঐরূপ জলে ভিজাইয়া রাখিবেক এবং হস্তমর্দিত করিবেক ও বস্ত্রে ছাঁকিয়া লইবেক এবং অবশিষ্ট অংশেতে কোন স্বাদানুভব না হইলে তাহা দূরীকৃত করিবেক. উক্তদ্রবাংশ সমস্ত একত্র করিবেক এবং ১৪০ একশত চল্লিশ ডিগ্রি পর্য্যন্ত যে সন্তাপ

তদ্দ্বারা ঐ দ্রব শোষণ করিকে এবং লেহবৎ গাঢ় হইলে নামাইবেক. এই লেহাংশেতে তিন পৈণ্ট পরিস্রুত জল প্রক্ষেপ করিবেক তদ্দ্বারা ইহার মলাংশ অধঃ পতিত হইবেক তদনন্তর উপরিস্থ স্বচ্ছদ্রবাংশ ঢালিয়া লইয়া ইহাতে ক্লোরৈড্ আব্ লেড্ দুই ঔন্স অথবা যত প্রয়োজন হইবেক তত লইয়া প্রথমতঃ উষ্ণ চার পৈণ্ট পরিস্রুত জলেতে দ্রবীভূত করিয়া ক্রমে ক্রমে তাবৎ পর্য্যন্ত প্রক্ষেপ করিবেক যাবৎ পর্য্যন্ত অধঃ পতন রহিত না হয়. তদনন্তর অধঃ পতিতাংশের উপরিস্থ দ্রবাংশ ঢালিয়া ঘনাংশকে পুনঃ পুনঃ পরি-স্রুত জলদ্বারা ধৌত করিয়া উক্ত স্বচ্ছাংশ ও ধৌত দ্রবাংশ মিলিত করিয়া পূর্ব্ববৎ মৃদুসন্তাপদ্বারা এরূপ শোষণ করিবেক যে তদ্দ্বারা দানা বান্ধিতে পারিবেক. ঐ দানা সমস্ত বস্ত্রনিষ্পীড়িত করিয়া এক পৈণ্ট পরি-স্রুত জলেতে দ্রবীভূত করিবেক এবং এই দ্রবেতে ডের ঔন্স উক্ত পাশবাঙ্গার প্রক্ষেপ করিয়া এতাদৃশ মৃদু সন্তাপদ্বারা সিদ্ধ করিবেক যে তাহার তীক্ষ্ণতা ১২০ ডিগ্রির অধিক না হয় সিদ্ধ করিয়া ছাঁকিয়া লইবেক. তদনন্তর এই দ্রবহইতে অঙ্গার ধৌত করিয়া দ্রবভাগ সমুদয় যত্নপূর্ব্বক এরূপ শোষণ করিবেক যে ইহাতে নির্ম্মল দানা সমুৎপন্ন হইতে পারে. যে দ্রব প্রথম-বারের দানা হইতে ঢালিত হইবেক ঐ দ্রব এক পৈণ্ট

জলের সহিত মিলিত করিয়া ইহাতে সোল্যুশন আব্-অম্মোনিয়া ক্রমশঃ বিন্দু বিন্দু করিয়া এমত পরিমাণে প্রক্ষেপ করিবেক এবং পুনঃ পুনঃ লাড়িবেক যদ্দ্বারা সমস্ত মার্ফিয়া অধঃ পতিত হইবেক এই অধঃ পতিত বস্তু পরিস্রুত জলদ্বারা ধৌত করিয়া লইবেক এবং ইহার সহিত এত পরিমাণে হৈড্রোক্লোরিক-অসিড্ মিশ্রিত করিবেক যে এই দ্রবেতে ক্ষার বা অম্লাস্বাদ না থাকে তদনন্তর এইদ্রব পাশবাঙ্গারের সহিত মৃদুসন্তাপে সিদ্ধ করিয়া ছাঁকিয়া লইবেক এবং ইঙ্গার অঙ্গার ভাগ উত্তমরূপে ধৌত করিয়া ঐ দ্রব-সমস্ত যত্নপূর্ব্বক এরূপ শোষণ করিবেক যে তাহাতে নির্ম্মল দানা বান্ধিতে পারিবেক।

। লাটিন্ ।　　　　। ইংরাজী ।

। কৈনী ডৈসল্ফাস্ ।　　। ডৈসল্ফেট্ আব্ কৈনা ।

সিঙ্কোনা কার্ডিফোলিই অর্থাৎ
সিঙ্কোনা কার্ডিফোলিইবৃক্ষেরবল্ক কুট্টিতা } ... ... ৭ পৌণ্ড
সল্ফ্যুরিক অস্লিড্ অর্থাৎ গন্ধক দ্রাবক . . ৯ ঔন্স
পরিষ্কৃত পশ্বস্থির অঙ্গার ... ... ২ ঔন্স

হৈদ্রোটিড আক্সৈড্ আবলেড্
সাল্যুশন আব্ অম্মোনিয়া ...
পরিস্রুত জল ... ... } এই তিন দ্রব্য যত আবশ্যক হইবেক তত লইবেক।

ছয় গ্যালন পরিস্রুত জলেতে চার ঔন্স দুই ড্রাম সল্ফ্যুরিক অসিড মিশ্রিত করিবেক ইহাতে কুট্টিত সিঙ্কোনা নিক্ষেপ করিয়া একঘণ্টাপর্য্যন্ত পাক করিয়া ছাঁকিয়া লইবেক. পূর্ব্বতুল্যভাগ অসিড্ ও জল মিশ্রিত করিয়া ইহাতে ঐ সিঙ্কোনা পুনর্ব্বার পূর্ব্ববৎ পাক করিয়া ছাঁকিয়া লইবেক. তদনন্তর ঐ সিঙ্কোনাকে অষ্ট গ্যালন পরিস্রুত জলে তিন ঘণ্টাপর্য্যন্ত পাককরিয়া ছাঁকিয়া লইবেক. অবশিষ্টও যে সিঙ্কোনা থাকিবেক তাহাও অত্যুষ্ণ পরিস্রুত জলদ্বারা অনেকবার ধৌত করিবেক তদনন্তর ঐ সিঙ্কোনার অবশিষ্টাংশ ত্যাগ করিয়া ঐ সমস্ত দ্রব মিলিত করিবেক এবং এই মিলিত দ্রবেতে আর্দ্র আক্সৈড্ আব লেড্ এমত পরিমাণে নিক্ষেপ করিবেক যে ঐ দ্রব প্রায় নিরম্ল হইবেক. পশ্চাৎ ইহার উপরিস্থ স্বচ্ছ দ্রব ঢালিয়া রাখিবেক অধঃস্থ অংশ পরিস্রুত জলদ্বারা ধৌত করিয়া দ্রব গ্রহণ করিবেক. তাহারপর উক্ত স্বচ্ছদ্রব এবং এই ধৌত দ্রব মিলিত করিয়া পাদ ঘণ্টাপর্য্যন্ত পাক করিবেক এবং ইহা ছাঁকিয়া লইয়া ইহাতে ক্রমে ক্রমে সোল্যুশন আব্ অম্মোনিয়া প্রক্ষেপ করিবেক তদ্দ্বারা ক্বৈনা অর্থাৎ সিঙ্কোনার পালো নীচে পতিত হইবেক. অধঃপতনান্তর ঐ ক্বৈনাকে এরূপ ধৌত

করিবেক যে ইহাতে কোন প্রকারে ক্ষারাস্বাদ না থাকে. ধাবনান্তর অবশিষ্ট যাহা থাকিবেক তাহাতে অবশিষ্ট সল্ফ্যুরিক অসিড্ জলমিশ্রিত করিয়া এমত পরিমাণে প্রক্ষেপ করিবেক যে ঐ মিশ্রিত দ্রবের ক্ষারতা ও অম্লতা দূরীভূতা হয়. পশ্চাৎ এই দ্রবকে দুই ঔন্স পাশবাঙ্গের সহিত মিশ্রিত করিয়া মৃদুসন্তাপে সিদ্ধ করিয়া ছাঁকিয়া লইবেক অবশেষে এই অঙ্গার উত্তম রূপে ধৌত করিয়া ঐ দ্রবকে যত্নপূর্ব্বক এরূপ শোষণ করিবেক যদ্দ্বারা ইহাতে দানা সমুৎপন্ন হইতে পারে।

। লাটিন্।	। ইংরাজী।
। ষ্ট্রিক্নিয়া।	। ষ্ট্রিক্নীয়া।

। বাঙ্গালা।

। কুচিলাবীজের পালো।

কুট্টিত কুচিলা বীজ ... ... ২ পৌণ্ড

রিক্টিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজল সুরা ... ... ৩ গ্যালন

ডৈল্যুটেড্ সল্ফ্যুরিক অসিড্ অর্থাৎ জলমিশ্রিত গন্ধকদ্রাবক	এই তিন বস্তু যত আবশ্যক হইবেক তত লইবেক
ম্যাগনিশিয়া	
সোল্যুসন্ আব অম্মোনিয়া ...	

এক বকযন্ত্রে এক গ্যালন স্পিরিট্ নিক্ষেপ করিয়া ইহাতে কুচিলাবীজ প্রক্ষেপ করিবেক এবং যন্ত্রনলেতে এক ধারকভাণ্ড উত্তমরূপে সংলগ্ন করিয়া এক ঘণ্টা-পর্য্যন্ত পাক করিবেক. তদনন্তর যন্ত্র মধ্যে যে কুচিলা থাকিবেক তাহার দ্রবাংশ ঢালিয়া রাখিবেক এবং ঐ কুচিলা আর এক গ্যালন সুরার সহিত এবং প্রথম পাক কালীন যে সুরা ধারকভাণ্ডে পরিস্রুত হইবেক তাহার সহিত পুনর্ব্বার পাক করিবেক এবং দ্রব ভাগ পূর্ব্ববৎ ঢালিয়া রাখিবেক এবং তৃতীয়বার ঐরূপ পাক করিয়া দ্রব ঢালিয়া লইবেক এবং কুচিলাকে বস্ত্র নিষ্পীড়িত করিয়া দ্রব গ্রহণ করিবেক. উক্ত সমস্ত দ্রবাংশ মিলিত করিয়া ইহা হইতে বকযন্ত্রদ্বারা স্পিরিট্ অর্থাৎ সুরা চুয়াইয়া লইবেক. এবং যন্ত্রমধ্যে যে বস্তু থাকিবেক তাহা শোষণ করিয়া সারবৎ গাঢ় করিবেক. তদনন্তর ইহা শীতল জলে দ্রবীভূত করিয়া বস্ত্রে ছাঁকিয়া লইবেক এবং মৃদুসন্তাপে শোষণ করিয়া অবলেহবৎ গাঢ় হইলে উষ্ণতা থাকিতে ইহাতে ম্যাগ্নিশিয়া তাবৎ পর্য্যন্ত অল্প অল্প করিয়া প্রক্ষেপ করিবেক যাবৎ ইহার অম্লতা ও ক্ষারতা দূর না হয় এবং ম্যাগ্নিশিয়া দিবার কালীন উত্তমরূপে একত্র লাড়িবেক. পরে ঐ দ্রব দুই দিবসের নিমিত্তে নির্জন স্থানে রাখিবেক তদনন্তর উপরিস্থ দ্রবাংশ

ঢালিয়া. রাখিবেক অধঃ পতিত ভাগ বস্ত্র নিষ্পীড়িত করিয়া স্পিরিট্ অর্থাৎ সুরার সহিত পাক করিবেক পাকানন্তর ইহা পুনর্ব্বার ছাঁকিয়া লইবেক এবং এই দ্রব হইতে স্পিরিট্ অর্থাৎ সুরা চুয়াইয়া লইবেক. অবশিষ্ট যে অংশ যন্ত্রমধ্যে থাকিবেক তাহাতে কিঞ্চিৎ ডৈলুট্যেড্ সল্ফ্যুরিক্ অসিড্ জলের সহিত মিশ্রিত করিয়া নিক্ষেপ করিয়া মৃদুসন্তাপে কিঞ্চিৎ-কাল রাখিয়া সিদ্ধ করিয়া লইবেক. তদনন্তর ইহা চব্বিশঘণ্টা নির্জ্জনে রাখিলে ইহাতে যে দানা বান্ধিবেক ঐ দানা সমস্ত বস্ত্রনিষ্পীড়িত করিয়া দ্রবাংশ পৃথক করিয়া রাখিবেক. পরে ঐ দানা সকল জলেতে দ্রবীভূত করিয়া ইহাতে সোল্যুশন আব্ অম্মোনিয়া নিক্ষেপ করত পুনঃ পুনঃ লাড়িবেক তদ্দ্বারা ষ্ট্রিক্নিয়া অধঃপতিতা হইবেক. তদনন্তর এই অধঃপতিত ষ্ট্রিক্নিয়াকে পচ্যমান অর্থাৎ অতুষ্ণ সুরাতে গলাইয়া নির্জ্জন স্থানে রাখিলে পরিষ্কৃত দানা সমূহ সমুৎপন্ন হইতে পারিবেক ঐ দানা সমস্ত গ্রহণ করিবেক এবং উহাকেই ষ্ট্রিক্নিয়া কহে ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। বিরেট্রিয়া ।	। বিরেট্রিয়া ।

। বাঙ্গালা ।

। শাদাকট্‌কীর পালো ।

সিবাদিল্লা অর্থাৎ শাদা কট্‌কী ... ... ২ পৌণ্ড
রিক্‌টিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পোজল সুরা ... ... ৩ গ্যালন

ডৈল্যুটিড্ সল্‌ফ্যুরিক্ অসিড্ অর্থাৎ জলমিশ্র গন্ধকদ্রাবক।
সোল্যুশন আব্ অম্মোনিয়া।
প্যুরিফৈড্ এনিমেলচার্কোল অর্থাৎ পশ্বস্থির পরিষ্কৃত অঙ্গার।
ম্যাগনিশিয়া।
} এই চার বস্তুর যতপ্রয়োজন হইবেক তত লইবেক।

কট্‌কী কুট্টিতা করিয়া এক গ্যালন সুরার সহিত এক বকযন্ত্রে নিক্ষেপ করিয়া যন্ত্রের নলে এক ধারক ভাণ্ড সংলগ্ন করিবেক এবং এক ঘণ্টাপর্য্যন্ত পাক করিয়া দ্রবভাগ ঢালিয়া লইবেক এবং যন্ত্রমধ্যে যাহা থাকিবেক তাহাতে আর এক গ্যালন সুরা নিক্ষেপ করিবেক এবং প্রথম পাক কালীন যে সুরা ধারকভাণ্ডে চুয়াইয়া আসিবেক তাহাও উহাতে নিক্ষেপ করিয়া পুনর্ব্বার পূর্ব্ববৎ পাক করিয়া দ্রবাংশ ঢালিয়া লইবেক এবং

তৃতীয়বার ঐ প্রকার পাক করিয়া দ্রবাংশ ঢালিয়া লইবেক তদনন্তর ঐ সুরা পক্ব কট্‌কীকে বস্ত্রে ছাঁকিয়া দ্রবাংশ লইবেক ও পূর্ব্বঢালিত যে দ্রব সকল এবং এই বস্ত্রস্রুত দ্রব মিলিত করিয়া ইহাহইতে সুরা চুয়াইয়া লইবেক ও যন্ত্রমধ্যে যাহা থাকিবেক তাহা সন্তাপদ্বারা সারবৎ গাঢ় করিবেক এই গাঢ় সারকে তিনবার কিম্বা অধিকবার কিঞ্চিৎ কিঞ্চিৎ ডৈল্যুটেড্ সল্ফ্যুরিক্ অসিড্ মিশ্রিত যে জল তাহাতে পাক করিবেক এবং প্রত্যেক পাকের পর দ্রবাংশ ছাঁকিয়া লইবেক এবং মৃদুসন্তাপদ্বারা শোষণ করিয়া চিনির রসের ন্যায় ঐ দ্রব সমস্তকে গাঢ় করিবেক. শীতল হইলেপর ইহাতে এমত পরিমাণে ম্যাগ্‌নিসিয়া প্রক্ষেপ করিবেক যদ্দ্বারা ঐ দ্রবের ক্ষারতা ও অম্লতা দূরীভূতা হয় এবং ম্যাগনিসিয়া প্রক্ষেপকালীন পুনঃপুনঃ লাড়িবেক তদনন্তর বস্ত্রনিষ্পীড়িত করিবেক এবং ধৌত করিবেক এইরূপ দুই তিনবার ধৌত করিবেক ও বস্ত্রদ্বারা নিষ্পীড়িত করিবেক তদনন্তর যাহা অবশিষ্ট থাকিবেক তাহা শুষ্ক করিয়া সুরার সহিত দুই তিনবার মৃদু-সন্তাপোপরি ভিজাইয়া রাখিবেক এবং যতবার সুরাতে ভিজাইবেক ততবার ছাঁকিয়া লইবেক তৎ-পরে ইহা হইতে ঐ স্পিরিট্ অর্থাৎ সুরা চুয়াইয়া

লইবেক. এবং যন্ত্রেতে যাহা অবশিষ্ট থাকিবেক তাহা কিঞ্চিৎ সল্‌ফ্যুরিক্ অসিড্ ও কিঞ্চিৎ পশ্বস্থির অঙ্গার-মিশ্রিত জলেতে পাদ ঘণ্টাপর্য্যন্ত পাক করিয়া ছাঁকিয়া লইবেক. তদনন্তর জল দ্বারা ঐ অঙ্গার উত্তমরূপে ধৌত করিয়া ফেলিয়া দিবেক এবং উক্ত দ্রব সমস্ত একত্র করিয়া সাবধানরূপে এরূপ পাক করিবেক যে তাহা চিনির রসের ন্যায় হইয়া জাইবেক এবং ইহাতে সোল্যুশন্ আব্ অম্মোনিয়া এরূপে অল্প ২ প্রক্ষেপ করিবেক যদ্দ্বারা বিরেট্রিয়া অধঃ পতিতা হইবেক তদনন্তর বিরেট্রিয়া পৃথক্ করিয়া শুষ্ক করিয়া লইবেক.

লাটিন্	ইংরাজী
আনিমেলিয়া	প্রিপেরেসন্ন্ ফ্রাম্ আনিমেল্স

। বাঙ্গালা ।

। পশুহইতে যে সকল অংশ ঔষধার্থ গৃহীত হয় তাহার নির্ম্মাণ প্রকরণ ।

। লাটিন্।	। ইংরাজী।
। কার্ব্বো আনিমালিস্-প্যুরিফৈকেটস্ ।	। প্যুরিফৈড্ অনিমেল্-চার্কোল্।
। সংস্কৃত ।	। বাঙ্গালা।
। পরিষ্কৃত পাশবাঙ্গার ।	। পশ্বস্থির পরিষ্কৃত অঙ্গার ।

পশ্বস্থির অঙ্গার	১ পৌণ্ড
হৈদ্রোক্লোরিক্ এসিড্ অর্থাৎ লবণ দ্রাবক	১২ ঔন্স
জল	১২ ঔন্স

জলের সহিত হৈদ্রোক্লোরিক্ এসিড্ মিশ্রিত করিয়া উক্ত অঙ্গারেতে ক্রমে ক্রমে প্রক্ষেপ করিবেক তদনন্তর দুই দিবসপর্য্যন্ত ইহাকে মৃদুসন্তাপের সহিত ভিজাইয়া রাখিবেক এবং ঐ দুই দিন দণ্ডদ্বারা পুনঃ পুনঃ লাড়িবেক. পরে ইহাকে নির্জনে রাখিবেক এবং উপরিস্থ স্বচ্ছদ্রব ত্যাগ করিয়া ঐ অঙ্গারকে বারম্বার জলেতে ধাবন করিবেক এবং ধাবন দ্বারা অত্রস্থ অম্লতা দূর হইলে অঙ্গার শুষ্ক করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। কর্ন্যু অষ্টম্ ।	। বর্ণ্ট হার্ন।

। বাঙ্গালা ।

। দগ্ধ শৃঙ্গ ।

শৃঙ্গকে ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড করিয়া এক অনাবৃত ভাণ্ডে রাখিয়া এরূপ জ্বালদিবেক যে তদ্দ্বারা ইহা চূনের ন্যায় শুভ্রবর্ণ হইবেক এবং যে রীতিক্রমে খড়ী পরিষ্কার করাজায় ঐরূপে ইহাকেও পরিষ্কৃত করিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী।
। টেষ্টী প্রিপেরাটী।	। প্রিপেরেড শেল্স ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। শুক্তিচূর্ণক ।	। কস্তুরার চূন ।

প্রথমে কস্তুরা সকলের মল উষ্ণজলদ্বারা দূরীকৃত করিয়া খড়ী পরিষ্কারের রীত্যনুসারে ইহাকেও পরিষ্কৃত করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। আক্কি ডিষ্টিল্লাটী ।	। ডিষ্টীলেড্‌বাটর্স ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। পরিস্রুতজলাদি ।	। চোয়ান জলাদি ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। আক্কা ডিষ্টিলাটা ।	। ডিষ্টীলেড্ বাটর ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। পরিস্রুত জল ।	। চোয়ান জল ।

জল ... ... ১০ গ্যালন

প্রথমে যে দুই পৈণ্ট জল চুইয়া আসিবেক তাহা ফেলিয়া দিবেক পশ্চাৎ আগত অষ্ট পৈণ্ট জল কাচভাণ্ডে বদ্ধ করিয়া রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। আক্কা অনীথৈ ।	। ডিল্ বাটর ।

। বাঙ্গালা ।

। বিলাতী মহুরীর আরক ।

ডিল্ অর্থাৎ বিলাতী মহুরী কুট্টিত ... ১৷৷০ পৌণ্ড

প্রুফ্ স্পিরিট অর্থাৎ বহুজলসুরা ... ৬ ঔন্স

জল .. .. ২ গ্যালন

এই সকল দ্রব্য একত্র করিয়া ইহা হইতে এক গ্যালন জল চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। আক্কা কেরুআই। । কেরুবে বাটর।

। বাঙ্গালা।

। বিলাতী জীরার আরক।

কেরুবে অর্থাৎ বিলাতীজীরা	১।।০	পৌণ্ড
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজলসুরা ...	৭	ঔন্স
জল	২	গ্যালন

এই সকল বস্তু হইতে এক গ্যালন জল চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। আক্কা ফিনিক্যুলৈ। । ফেনেল্ বাটর।

। বাঙ্গালা।

। মহুরীর আরক।

ফেনেল সিডস (একপ্রকার মহুরী) কুট্টিত ...	১।।০	পৌণ্ড
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ জলসুরা	৭	ঔন্স
জল	২	গ্যালন

এই সকল বস্তু হইতে একগ্যালন জল চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। আক্বা ফ্লোরম্ ঔরান্সিই। । আরঞ্জফ্লোর্ বাটর্।

।বাঙ্গালা।

। কমলাপুষ্পের আরক্।

কমলা লেবুর পুষ্প	১০	পৌণ্ড
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজলসুরা ...	৭	ঔন্স
জল	২	গ্যালন

এই সকল বস্তু হইতে এক গ্যালন জল চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। আক্বা সিনামোমৈ। । সিনামন্ বাটর।

। বাঙ্গালা।

। দারচিনির আরক্।

দারচিনি কুট্টিত	১৷৷০	পৌণ্ড
অথবা দারচিনির তৈল	২	ড্রাম
প্রুফ্ স্পিরিট্...	৭	ঔন্স
জল	২	গ্যালন

এই সকল বস্তু হইতে এক গ্যালন জল চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। আক্বামেন্থী পিপরিটী। । পিপর্ম্মিণ্ট বাটর্।

। অর্থাৎ পিপর্ম্মেণ্টের আরক।

পিপর্ম্মিণ্টের শুষ্কপত্র	...	..	২ পৌণ্ড
অথবা পিপর্ম্মিণ্ট তৈল	...	..	২ ড্রাম
প্রুফ্ স্পিরিট্ ...	...	...	৭ ঔন্স
জল ...	...	...	২ গ্যালন

এই সকল বস্তু হইতে এক গ্যালন জল চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। আক্বা মেন্থী প্যুলিজিআই। । পেন্নিরায়েল্ বাটর।

। লাটিন্। । ইংরাজী।

। আক্বা মেন্থীবিরিডিস্। । স্পিয়র্ম্মিণ্ট বাটর।

। বাঙ্গালা।

। স্পিয়র্ম্মিণ্টের আরক্।

উক্ত দুই প্রকার আরক পিপর্ম্মিণ্ট বাটরেরন্যায় প্রস্তুতকরা জায় কিন্তু সরস পত্র হইলে দ্বিগুণমাত্রা লইয়া চুয়াইবেক।

। লাটিন্। ইংরাজী।

। আক্বা পৈপমেণ্টী। । পৈপমেণ্টা বাটর্।

অর্থাৎ

। পৈপমেণ্টার আরক।

পৈপমেণ্টা বীজ কুট্টিত	১	পৌণ্ড
অথবা পৈপমেণ্টা তৈল	১	ড্রাম
প্রুফস্পিরিট অর্থাৎ বহুজলসুরা	৭	ঔন্স
জল	২	গ্যালন

এই সকল বস্তু হইতে এক গ্যালন জল চুয়াইয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। আক্বা রোজী। । রোজ্বাটর্।

। বাঙ্গালা।

। গোলাপজল।

গোলাপ পুষ্পের দল অর্থাৎ গোলাপের পাকড়ী	১০	পৌণ্ড
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজলসুরা ..	৭	ঔন্স
জল	২	গ্যালন

এই সকল বস্তু হইতে এক গ্যালন জল চুয়াইয়া লইবেক।

। লাটিন্ । । ইংরাজী ।

। আক্বা সাম্বুসৈ । । এল্ডরবাটর ।

এল্ডুর পুষ্প	১০	পৌণ্ড
অথবা এল্ডুর আইল অর্থাৎ এল্ডুর তৈল ..	২	ড্রাম
প্রুফ্ স্পিরিট্ অর্থাৎ বহুজলস্থুরা	৭	ঔন্স
জল	২	গ্যালন

এই সকল বস্তু হইতে এক গ্যালন জল চুয়াইয়া লইবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। কটাপ্লাজ্মাটা । । কাটাপ্লাজমস্ ।

। সংস্কৃত । । বাঙ্গালা ।

। উৎকারিকা । । লেপ বা পুলেপ । (পুল্টিস্)

। লাটিন্ । । ইংরাজী ।

। কাটাপ্লাজ্মা কোনাই । । কাটাপ্লাজম্ আব্ হেমলাক্ ।

এক্স্ট্রাক্ট্ আব হেমলাক্	২	ঔন্স
জল	১	পৈণ্ট

এই দুই দ্রব্য মিলিত করিয়া ইহাতে এমত পরিমাণে মসীনা চূর্ণ প্রক্ষেপ করিবেক যে তদ্দ্বারা লেপ গাঢ় হইবেক ।

। লাটীন্ ।	। ইংরাজী ।
। কাটাল্লাজ্মা ফর্মেণ্টৈ ।	। ইষ্ট কাটাল্লাজম্ ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। সুরামণ্ডোৎ কারিকা ।	। খমীরের লেপ ।

ময়দা ... ... ১ পৌণ্ড
ইষ্ট আব বিএর অর্থাৎ বিএর নামক মদ্যের খমীর ... ... ।।০ পৈণ্ট

এই দুই দ্রব্য মিলিত করিয়া মৃদু অগ্নিতে পাক করিবেক ও যখন ফাঁপিয়া উঠিবেক তখন নামাইয়া রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। কাটাপ্লাজ্মা লেনৈ ।	। কাটাপ্লাজম্ আব্ লিন্সিড্ ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। অতস্যুৎকারিকা ।	। মসিনার লেপ ।

উষ্ণজল ... . ১ পৈণ্ট

এইজলে কুট্টিত মসিনার যথোপযুক্ত ভাগ দিয়া লেপ প্রস্তুত করিবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। কাটাপ্লাজ্মা সৈনেপিস্ । । মষ্টর্ড কাটাপ্লাজম্ ।

। সংস্কৃত । । বাঙ্গালা ।

। সর্ষপোৎকারিকা । । সর্ষপপ্রলেপ ।

রাইসর্ষপ চূর্ণ	||০ পৌণ্ড
মসিনা চূর্ণ	||০ পৌণ্ড

এই দুই চূর্ণ একত্র করিয়া ইহাতে এত উষ্ণ শির্কা দিবেক যে তাহাতে লেপ প্রস্তুত হইতে পারে ।

। লাটিন্। । ইংরাজী ।

। সিরেটা । । সিরেট্স ।

অর্থাৎ

। মোমযুক্ত মলম প্রকরণ ।

। লাটিন্ । । ইংরাজী ।

। সিরেটম্ । । সিরেট্ট ।

। বাঙ্গালা ।

। মোমের মলম ।

ওলীব আইল (জিত্ফলের তৈল)	৪ ঔন্স
মোম	৪ ঔন্স

মোম গলাইয়া ইহাতে উক্ত তৈল দিয়া মিশ্রিত করিলে উক্ত মলম প্রস্তুত হইবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। সিরেটম্ কলামিনী ।	। সিরেট্ আব্ কালামৈন্ ।

কালামৈন্	...	...	...	||০	পৌণ্ড
মোম	...	...	...	||০	পৌণ্ড
ওলীব আইল	...	...	...	১৬	ঔন্স

মোম গলাইয়া ইহাতে তৈল প্রক্ষেপ করিয়া মিশ্রিত করিবেক পরে অগ্নি হইতে নামাইবেক যখন গাঢ় হইতে আরম্ভ হইবেক তৎকালীন কিঞ্চিৎ কিঞ্চিৎ কলামৈন ইহাতে প্রক্ষেপ করত যে পর্য্যন্ত শীতল না হইবেক সেপর্য্যন্ত ঘুঁটিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। সিরেটম্ কান্থারেডিস্ ।	। সিরেট্ আব্ কান্থারিডিজ্ ।

। বাঙ্গালা ।

। তৈল্লীমক্ষিকা যুক্ত মোমের মলম ।

কান্থারেডিজ্ অর্থাৎ তৈল্লীমক্ষিকা ইহার উত্তম চূর্ণ			...	১	ঔন্স
স্পর্মাসিটী সিরেট্	...	...	...	৬	ঔন্স

স্পার্মাসিটীসিরেট্কে গলাইয়া ইহাতে কান্থারিডিজ্ চূর্ণ অর্থাৎ তৈল্লীমক্ষিকা চূর্ণের সহিত মিশ্রিত করিয়া রাখিবেক।

। লাটিন্ । । ইংরাজী ।

। সিরেটম্ সিটেসিআই । । স্পার্মাসিটী সিরেট্ ।

। বাঙ্গালা ।

। তিমিবসাযুক্ত মোমের মলম ।

স্পার্মাসিটী অর্থাৎ তিমিমৎস্যের চর্বী	... ...	২ ঔন্স
শুভ্র মোম	... ...	৮ ঔন্স
ওলীব আইল	... ...	১ পৈণ্ট

স্পার্মাসিটী এবং মোমকে একত্র গলাইয়া ইহাতে ওলীব আইল দিয়া মিশ্রিত করিবেক এবং যেপর্য্যন্ত শীতল না হইবেক সেপর্য্যন্ত স্পোচুল্যা অর্থাৎ খুন্তী দ্বারা লাড়িবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। সিরেটম্ হৈড্রার্জিরৈ-কাম্পাজিটম্ । । কম্পৌণ্ড সিরেট্ আব্-মর্ক্যুরী ।

। বাঙ্গালা ।

পারাসংযুক্ত মোমের মলম ।

স্ট্রঙ্গর আইণ্টমেণ্ট আব মর্ক্যুরী অর্থাৎ পারাঘটিততীক্ষ্ণ মলম		৪ ঔন্স
সোপ সিরেট	... ...	৪ ঔন্স
কর্পূর	... ...	১ ঔন্স

এই কএক দ্রব্য একত্র করিয়া তাবৎ ঘুঁটিবেক যাবৎ পর্য্যন্ত উত্তম মিশ্রিত না হয় ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। সিরেটম্ প্লম্বি এসিটেটীস্ ।	। সিরেট্ আব্ অসিটেট্ আব্ লেড্ ।

অসিটেড্ আব্ লেড্ চূর্ণ	২	ড্রাম
শুভ্র মোম	২	ঔন্স
ওলীব আইল অর্থাৎ (জিতফল তৈল)	৮	ঔন্স

সাত্ ঔন্স তৈলে মোমকে গলাইয়া লইবেক এবং অগ্নি ইহতে নামাইয়া অবশিষ্ট এক ঔন্স ওলীব আইলে অসিটেড্আব্লেড্কে মিশ্রিত করিয়া উহাতে নিক্ষেপ্ত করিবেক, এবং খুন্তী দ্বারা এমত ঘুঁটিবেক যে তদ্দ্বারা সমস্ত একীভূত হইয়া যাইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। সিরেটম্ প্লম্বি কম্পাসিটম্ ।	। কম্পৌণ্ডলেড্ সিরেট্ ।

সোল্যুসন আব্ ডৈ অসিটেট্ আব লেড্ ...	৩	ঔন্স
মোম...	৪	ঔন্স
ওলীব আইল	১০	ঔন্স
কর্পূর...	৷৷০	ড্রাম

অষ্ট ঔন্স উক্ত তৈলে মোমকে গলাইয়া অগ্নি হইতে নামাইয়া শীতলতা ও গাঢ়তা আরম্ভ হইলে ইহাতে সোল্যুশন আব্ ডৈ অসিটেট্ আব্লেড কিঞ্চিৎ কিঞ্চিৎ করিয়া নিক্ষেপ করিবেক এবং যেপর্য্যন্ত শীতল না হয় সেপর্য্যন্ত খুন্তী দিয়া অনবরত ঘুঁটিবেক তদনন্তর কর্পূর অবশিষ্ট দুই ঔন্স তৈলে মিশ্রিত করিয়া উহার সহিত মিলাইবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। সিরেটম্ রেজিনী।	। রেজিন্ সিরেট্।

। বাঙ্গালা।

। ধূনাযুক্ত মোমের মলম।

রেজিন্ অর্থাৎ ধূনা	... ...	১ পৌণ্ড
মোম	.. ..	১ পৌণ্ড
ওলীব আইল (জিতফল তৈল)	... ...	১৬ ঔন্স

মোম এবং ধূনা মৃদু অগ্নিতে একত্র গলাইবেক এবং ইহাতে ওলিব আইল প্রক্ষেপ করিয়া মিশ্রিত করিবেক এবং উষ্ণতা থাকিতে বস্ত্রদ্বারা ছাঁকিয়া লইবেক।

লাটিন্	ইংরাজী
সিরেটম্ সাবৈনী	সিরেট্ আব্ সেবাইন্

সেবাইন কুট্টিত	১ পৌণ্ড
মোম	॥০ পৌণ্ড
পরিষ্কৃত বসা অর্থাৎ চর্ব্বী	২ পৌণ্ড

মোম এবং চর্ব্বীকে একত্র গলাইয়া ইহার সহিত সেবাইন্ চূর্ণ মিশ্রিত করিবেক এবং উষ্ণতা থাকিতে শীঘ্র বস্ত্রে ছাঁকিয়া লইবেক।

লাটিন্	ইংরাজী
সিরেটম্ সাপোনিস্	সিরেট্ আব্ সোপ্

সাবান	১০ ঔন্স
মোম	১২॥০ ঔন্স
আক্সৈড্ আব্ লেড্ (মুদ্রাশঙ্খ) চূর্ণীকৃত ...	১৫ ঔন্স
ওলিব আইল	১ পৈণ্ট
সির্কা	৮ পৈণ্ট

সির্কাকে মুদ্রাশঙ্খের সহিত মৃদু অগ্নিতে পাক করিবেক এবং যে পর্য্যন্ত এই দুই বস্তু উত্তম রূপে না মিশ্রিত হইবেক তাবৎ অনবরত ঘুঁটিবেক তদনন্তর ইহাতে সাবান প্রক্ষেপ করিয়া পূর্ব্ববৎ পুনর্ব্বার পাক

করিবেক এবং যখন দেখিবেক যে ইহার জলীয়ভাগ শুষ্ক হইয়াছে তখন মোম ওলিব আইলেতে গলাইয়া ইহাতে নিক্ষেপ করিবেক এবং মিশ্রিত করিবেক।

লাটিন্	ইংরাজী
কানফেক্‌সিয়োনিজ্	কান্‌ফেক্‌সন্ন
সংস্কৃত	বাঙ্গালা
খণ্ড	মোরব্বা বা খণ্ড

লাটিন্	ইংরাজী
কাফেক্সিয়ো অমিগ্‌ডেলী	কান্ফেক্‌সন্ আব্ আমন্

। বাঙ্গালা ।

। বাদাম খণ্ড ।

মিষ্টবাদামের বীজের মজ্জ অর্থাৎ শাঁস ...	৮ ঔন্স
গম আরেবিক (আরব দেশীয় গঁদ) তচ্চূর্ণ ...	১ ঔন্স
মিস্ত্রী	৪ ঔন্স

বাদাম সকল শীতল জলে ভিজাইয়া ইহার বাহ্যত্বক্ অর্থাৎ খোসা দূরীকৃত করিয়া ইহার সহিত গঁদ ও মিস্রী মিলিত করিয়া তাবৎ পর্য্যন্ত মাড়িবেক যাবৎ উত্তমরূপে মিশ্রিত না হয়।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। কান্‌ফেক্‌সিয়ো আরোমাটিকা ।	। আরোমেটিক্‌কান্‌ফেকশন্ ।

। বাঙ্গালা ।

। সুগন্ধি খণ্ড ।

দারচিনি	২	ঔন্স
জায়ফল	২	ঔন্স
লবঙ্গ	১	ঔন্স
এলাইচ	৷৹	ঔন্স
কুঙ্কুম	২	ঔন্স
পরিষ্কৃত খড়ী	১৬	ঔন্স
মিস্রী	২	পৌণ্ড

শুষ্ক বস্তু সকল একত্র পেষণ করিয়া সূক্ষ্মচূর্ণ লইবেক এবং এক শিশিতে বন্ধ করিয়া রাখিবেক যখন প্রয়োজন হইবেক তখন ঐ চূর্ণ লইয়া ক্রমে ক্রমে অল্প অল্প জলদিয়া উত্তম মিশ্রিত করিয়া খণ্ডতুল্য হইলে ব্যবহার করিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। কান্‌ফেক্সিয়ো আরান্সিয়াই ।	। কান্‌ফেক্‌শন্ আব্-আরেঞ্জ (পীল) ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। নাগরঙ্গ খণ্ড ।	। কমলা খণ্ড ।

কমলালেবুর নূতন খোসার কুরো	১	পৌণ্ড
মিস্রী	৩	পৌণ্ড

প্রস্তরের খলেতে কমলার খোসার কুরো রাখিয়া কাষ্ঠের ঘোটনা দ্বারা কুট্টিত করিবেক এবং ইহাতে মিস্রী দিয়া এমত পেষণ করিবেক যে এই দুই দ্রব্য মিশ্রিত হইয়া যাইবেক।

।লাটিন্। ।ইংরাজী।

।সংস্কৃত। ।বাঙ্গালা।

।কান্‌ফেক্‌ক্সিয়ো ক্যাসিই। কান্‌ফেক্‌শন্ আব্ ক্যাসিয়া।

।সংস্কৃত। ।বাঙ্গালা।

।আরগ্বধ খণ্ড। ।সোদালের খণ্ড।

সোদালের ফলমজ্জ অর্থাৎ আঠা	॥০	পৌণ্ড
ম্যানা (সিরখেস্তা)	২	ঔন্স
তিন্তিড়ীর ফল মজ্জ অর্থাৎ তেঁতুলের শাঁস ...	১	ঔন্স
সিরপ আব্ রোজেস্ (অর্থাৎ গোলাপেরপাক)	৮	ঔন্স

ম্যানা কুট্টিত করিয়া গোলাপের পাকের সহিত গলাইবেক পরে ইহাতে সোদালের আঠা ও তেঁতুলের শাঁসদিয়া মিশ্রিত করিবেক এবং ইহার জলীয় ভাগ এমত শোষণ করিবেক যে তাহা খণ্ডবৎ গাঢ় হইবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। কান্‌ফেক্‌স্ক্রিয়ো ওপিয়াই।	। কান্‌ফেক্‌শন্ আব্-ওপিয়ম্।
। সংস্কৃত।	। বাঙ্গালা।
। অহিফেণ খণ্ড।	। আফিঙ্গের খণ্ড।

আফিঙ্গ চূর্ণ	৬	ড্রাম
পিপ্পলী	১	ঔন্স
শুণ্ঠী	২	ঔন্স
ক্যারবে অর্থাৎ বিলায়তী জীরা	৩	ঔন্স
ট্রাগাকান্থা চূর্ণ	২	ড্রাম
মিস্রীর রস	১৬	ঔন্স

এই সমস্ত শুষ্ক দ্রব্যকে একত্র গুঁড়াইবেক সুন্দর চূর্ণ হইলে কাচ ভাণ্ডে বন্ধ করিয়া রাখিবেক প্রয়োজন হইলে ১৬ ঔন্স মিস্রীররস উষ্ণ করিয়া এই চূর্ণের সহিত মিশ্রিত করিয়া খণ্ড প্রস্তুত করিবেক।

। লাটিন্ । । ইংরাজী ।

কান্‌ফেক্‌সিও পিপিরিস্ নৈগ্রে ।। কান্‌ফেক্‌শন্ আব্-ব্লাক্ পিপর্ ।

। বাঙ্গালা ।

। কাল মরিচের খণ্ড ।

কালমরিচ	১ পৌণ্ড
ইলিকেম্পেন্ রুট্ অর্থাৎ ইলিকেম্পানাখ্যবৃক্ষেরমূল	১ পৌণ্ড
ফেনিল সিডস অর্থাৎ মহুরীবিশেষের বীজ ...	৩ পৌণ্ড
পরিষ্কৃত মধু	২ পৌণ্ড
মিস্ত্রী	২ পৌণ্ড

শুষ্ক দ্রব্য সকল একত্র গুঁড়াইবেক সূক্ষ্মচূর্ণ হইলে কাচ ভাণ্ডে বন্ধ করিয়া রাখিবেক এবং প্রয়োজনানুসারে উক্ত চূর্ণ মধুর সহিত মিশ্রিত করিয়া এরূপ ঘুঁটিবেক যে সমস্ত দ্রব্য সুন্দররূপ মিলিত হইতে পারে।

লাটিন্ । । ইংরাজী ।

। কান্‌ফেক্‌সিয়ো-রোজী কানৈনী । । কানফেক্‌শন্ আব্ ডাগ্ রোজ (হিফ্‌স) ।

। বাঙ্গালা ।

। শুভ্র গোলাপের খণ্ড ।

ডাগ রোজ্ অর্থাৎ শুভ্র গোলাপের ফুল পিষ্ট ...	১ পৌণ্ড
মিস্ত্রী চূর্ণ	২০ ঔন্স

এক মৃণ্ময় পাত্রে উক্ত গোলাপের পুষ্প পিষ্ট রাখিয়া মৃদুঅগ্নির সন্তাপ দিবেক এবং ক্রমে ক্রমে

উহাতে মিস্রীদিয়া ঘুঁটিবেক যেপর্য্যন্ত একীভূত না হয় সেপর্য্যন্ত ঐরূপ মর্দন করিবেক।

লাটিন্।	ইংরাজী।
। কান্‌ফেক্‌সিয়ো রোজী-গ্যাল্লিসি।	। কান্‌ফেক্‌শন্ আব্-রেড্ রোজ্।

। বাঙ্গালা।

। রক্তগোলাপের খণ্ড।

রক্ত গোলাপের পুষ্পাদল অর্থাৎ পাকড়ী	...	১ পৌণ্ড
মিস্রী	.. ..	৩ পৌণ্ড

পুস্তরের খলে গোলাপ পুষ্পের পাকড়ী সমস্ত কুট্টিত করিয়া ইহাতে অল্প অল্প মিস্রীচূর্ণ প্রক্ষেপ করত উত্তমরূপে পেষণ করিয়া মিশ্রিত করিয়া রাখিবেক।

লাটিন্।	ইংরাজী।
। কান্‌ফেক্‌সিয়ো রূটী।	। কান্‌ফেক্‌শন্ আব্ রূ।

। বাঙ্গালা।

। রূর খণ্ড।

শুষ্করূ	... ...	১৷৷০ ঔন্স
ক্যারবে অথাৎ বিলাতীজীরা	...	১৷৷০ ঔন্স
বেবেরিজ্	... ...	১৷৷০ তথা
সাগাপিনম্	... ...	৷৷০ ঔন্স
কালমরিচ	... .	২ ড্রাম
পরিষ্কৃত মধু	... .	১৬ ঔন্স

শুষ্কদ্রব্য সকল একত্র সূক্ষ্ম চূর্ণ করিয়া কাচভাণ্ডে বন্ধ করিয়া রাখিবেক প্রয়োজনানুসারে মধুর সহিত খলে মাড়িয়া ব্যবহার করিবেক।

।লাটিন্।	।ইংরাজী।
কান্‌ফেক্‌সিয়ো স্ক্যামোনিয়াই।	।কান্‌ফেক্‌শন্ আব্‌স্ক্যামোনী।

।বাঙ্গালা।

।সাক্‌মোনিয়ার খণ্ড।

স্ক্যামোনী চূর্ণ অর্থাৎ সাক মোনিয়া চূর্ণ		...	১॥০	ঔন্স
লবঙ্গচূর্ণ	... ...	...	৬	ড্রাম
শুণ্ঠীচূর্ণ	... ...	...	৬	ড্রাম
আইল আব্ ক্যারবে অর্থাৎ বিলাতী জীরার তৈল			॥০	ড্রাম

কান্‌ফেক্‌শন আব রোজ্ অর্থাৎ গুলকন্দ যত প্রয়োজন হইবেক তত লইবেক।

শুষ্কদ্রব্য সকল একত্র পেষণ করিবেক অতিসূক্ষ্ম চূর্ণ হইলে কাঁচের পাত্রে বদ্ধ করিয়া রাখিবেক প্রয়োজন হইলে ঐ চূর্ণেতে ক্রমশঃ গুলকন্দদিয়া মাড়িবেক তাহার পর আইল আব্ ক্যারবে প্রক্ষেপ করিয়া একত্র মর্দন করিবেক।

। লাটিন্ । । ইংরাজী ।

। কান্‌ফেক্সিয়ো সেন্নী । । কান্‌ফেক্‌শন্ আব্ সেন্না ।

। বাঙ্গালা ।

। সোনামুখির খণ্ড ।

সোনামুখী	৮	ঔন্স
ফীগ্‌স অর্থাৎ ডুম্বর বিশেষ (হিন্দী) অঞ্জীর	১	পৌণ্ড
তিন্তিড়ীর মজ্জা অর্থাৎ তেঁতুলের শাঁস ...	॥০	পৌণ্ড
সোঁদালের আঠা	॥০	পৌণ্ড
প্রুন্স অর্থাৎ কুলবিশেষ (হিন্দী) আলুবখারা ...	॥০	পৌণ্ড
ধন্যা	৪	ঔন্স
যষ্টিমধু	৩	ঔন্স
মিশ্রী	২॥০	পৌণ্ড
জল	৩	পৈণ্ট

ধন্যা এবং শোনামুখীকে একত্র চূর্ণ করিয়া বস্ত্রের চালনীতে চালিয়া দশ ঔন্স চূর্ণ লইবেক ঐ জলেতে ফীগ্স ও যষ্টিমধু একত্র পাক করিবেক এবং অর্দ্ধাবশিষ্ট হইলে নিষ্পীড়িত করিয়া ক্বাথ ছাঁকিয়া লইবেক. এই ক্বাথ জলস্বেদন যন্ত্রের উপর রাখিয়া শোষণ করিবেক যখন ২৪ ঔন্স শেষ থাকিবেক তখন ইহাতে মিস্রী দিয়া পাক প্রস্তুত করিবেক. এই রসেতে উক্ত তেঁতুলের শাঁস ও সোদালের আঠা মাড়িবেক এবং চূর্ণ সকলের সহিত মিশ্রিত করিয়া খণ্ড প্রস্তুত করিয়া রাখিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ডিকাক্টা ।	। ডিকাক্সন্স ।
। সংস্কৃত ।	।বাঙ্গালা ।
। ক্বাথ ।	। পাচন ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
ডিকাক্টম আলোইজ্-কম্পাজিটম্ ।	। কম্পৌণ্ড ডিকাক্শন্ আব্ অলোজ্ ।

। বাঙ্গালা ।

। মুসব্বরাদির ক্বাথ ।

এক্সট্রাক্ট আব্ লিকুরিস অর্থাৎ যষ্টিমধুর সার	২	ড্রাম
কার্বোনেট্ আব্ পোটাস্	১	ড্রাম
মুসব্বর চূর্ণ	১৷৷০	ড্রাম
গন্ধবোল চূর্ণ	১৷৷০	ড্রাম
কুঙ্কুম	১৷৷০	ড্রাম
কম্পৌণ্ড টিঙ্কচ্যুর আব্ কার্ডেমম্	২	ঔন্স
পরিস্রুত জল	১৷৷০	পৈণ্ট

যষ্টিমধুর সার, কার্বোনেট্ আব্ পোটাস্ মুসব্বর, গন্ধরোল ও কুঙ্কুম এই দ্রব্য সকলকে জলেতে পাক করিয়া এক পৈণ্ট অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাঁকিয়া

লইবেক এবং ইহাতে টিঙ্কট্যুর আব্ কার্ডেমম্ মিশ্রিত করিয়া রাখিবেক।

।লাটিন্।	।ইংরাজী।
ডিকাক্টম্ অমিলৈ।	।ডিকাক্শন আব্ ষ্টার্চ।

ষ্টার্চ (মাঢ) অর্থাৎ গমের পালো	...	..			৪ ড্রাম
জল	..	...	...	...	১ পৈণ্ট

গমের পালোতে ক্রমে ক্রমে জল দিয়া মর্দন করিবেক পরে অল্পক্ষণ পাক করিয়া নামাইয়া রাখিবেক।

।লাটিন্।	।ইংরাজী।
ডিকাক্টম্ শিট্রারিই।	।ডিকাক্শন্ আব্ লিবরবর্ট।

লিবরবর্ট	...	...	...	...	৫ ড্রাম
জল	...	....	...	...	১॥০ পৈণ্ট

জলেতে লিবরবর্ট পাক করিয়া এক পৈণ্ট থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
ডিকাক্টম চিমাফিলী ।	। ডিকাক্শন্ আব্ বিণ্টরগ্রিন্ ।

বিণ্টরগ্রিন্	...	...	...	...	১ ঔন্স
পরিস্রুত জল	...	...	...	..	১॥০ পৈণ্ট

জলেতে বিণ্টরগ্রিন্ পাক করিয়া এক পৈণ্ট থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
ডিকাক্টম্ সিন্কোনি-কার্ডি ফোলিই।	। ডিকাক্শন্ আব্ হার্ট-লিব্ভ সিঙ্কোনা ।

। অর্থাৎ ।

। বার্কের ক্বাথ ।

সিঙ্কোনার ত্বক্ যাহাকে ইংরাজীতে বার্ক কহে ইহা কুট্টিত					১০ ড্রাম
জল	....	...	...	..	১ পৈণ্ট

বার্ক এবং জল একপাত্রে রাখিয়া ঐ পাত্রের মুখ অল্প ঢাকিয়া দশ মিনিট অর্থাৎ সাড়েবার পলপর্য্যন্ত পাক করিয়া উষ্ণ থাকিতে ছাঁকিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ডিকাক্‌টম সিঙ্কোনি লেন্সি-ফোলিয়ি ।	। ডিকাক্‌শন্ আব্ লেন্স-লিভ্ড সিঙ্কোনা ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
ডিকাক্‌টম সিঙ্কোনি-অবলাঞ্জি ফোলিয়ি ।	। ডিকাক্‌শন্ আব্ অবলাং-লিভ্ড সিঙ্কোনা ।

এই দুই প্রকার সিঙ্কোনার ক্বাথ প্রস্তুত করিবার নিয়ম ইহার পূর্ব্বের সিঙ্কোনার ন্যায় জানিবেন।

। লাটিন্ ।	। ইংরাজী
ডিকাক্‌টম্ সৈডোনিয়ি ।	। ডিকাক্‌শন্ আব্ কুযিন্স (সিড্স)

। বাঙ্গালা ।

। বিহীদানার ক্বাথ ।

বিহীদানা	...	...	...	২ ড্রাম
পরিস্রুত জল	...	...	...	১ পৈণ্ট

এই জলেতে বিহীদানা মৃদুঅগ্নিতে দশ মিনিট্ পাক করিয়া ছাঁকিয়া লইবেক।

।লাটিন্।	।ইংরাজী।
ডিকাক্টম দল্কামারী।	।ডিকাক্শন্ আব্ বুডীনৈট্সেড্।

বোডিনৈট্সেড্ কর্ত্তিত	...	১০	ড্রাম
পরিস্রুত জল	...	১৷৷০	পৈণ্ট

এই দুই দ্রব্য একত্র পাক করিয়া এক পৈণ্ট শেষ থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক।

।লাটিন্।	।ইংরাজী।
ডিকাক্টম্ গ্রানাটৈ।	।ডিকাক্শন্ আব্ পম্গ্রানেট্।

।বাঙ্গালা।

।দাড়িম্ব ক্বাথ।

দাড়িম্বফলের ত্বক্ অর্থাৎ খোষা	...	২	ঔন্স
পরিস্রুত জল	...	১৷৷০	পৈণ্ট

এই দুই দ্রব্য একত্র পাক করিয়া এক পৈণ্ট শেষ থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
ডিকাক্টম্ হার্ডিআই ।	। ডিকাক্শন্ আব্ বার্লী ।

। বাঙ্গালা ।

। বিলাতীযবের ক্বাথ ।

পর্লবার্লি অর্থাৎ বিলাতী যব ..		...	২॥০ ঔন্স
জল ...	...	...	৪॥০ পৈণ্ট

প্রথমতঃ শীতল জল দ্বারা যব সকলকে এমত ধৌত করিবেক যে তাহার মল দূরীভূত হইবেক পরে অর্দ্ধ পৈণ্ট জলেতে কিঞ্চিৎ কাল ঐ যব পাক করিয়া জল ফেলিয়া দিবেক তদনন্তর অবশিষ্ট যে ৪ চার পৈণ্ট জল তাহা উষ্ণ করিয়া ঐ যবেতে দিয়া পাক করিবেক এবং দুই পৈণ্ট থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

ডিকাক্টম্ হার্ডিয়াই-কম্পাজিটম্ । । কম্পৌণ্ড ডিকাক্শন্ আব্-বার্লী ।

। বাঙ্গালা ।

। বিলাতীযবাদি ক্বাথ ।

বিলাতীযবের ক্বাথ	২	পৈণ্ট
ফীগ্স (অঞ্জীর) ইহার ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড ...	২৷৷০	ঔন্স
যষ্টিমধু কুট্টিত	৫	ড্রাম
বীজরহিত কিসমিস্	২৷৷০	ঔন্স
জল	১	পৈণ্ট

এই সকল দ্রব্য একত্র করিয়া পাক করিবেক এবং এক পৈণ্ট ক্বাথ থকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন্ । । ইংরাজী ।

ডিকাক্টম্ মাল্বী কম্পাজিটম্ । । কম্পৌণ্ডডিকাক্শন্ । মাল্লো ।

শুষ্ক মাল্লো (থংমী)	১	ঔন্স
কেমোমাইল ফ্লোর অর্থাৎ কেমোমাইলফুল (বাবুনেকা ফুল) ...	৷৷০	ঔন্স
জল	১	পৈণ্ট

উক্ত দুই বস্তুকে জলের সহিত পাদঘণ্টা পর্য্যন্ত পাক করিয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন্ । । ইংরাজী ।

। ডিকাক্টম্ পাপাবিরিস্ । । ডিকাক্শন্ আব্ পপ্পী ।

। সংস্কৃত । । বাঙ্গালা ।

। খাখসফলবল্কলক্কাথ । । পোস্তের ঢেঢ়ীর ক্বাথ ।

পোস্তের ঢেঢ়ীর ক্ষুদ্র খণ্ড	...	...	৪	ঔন্স
জল	...	...	৪	পৈণ্ট

পোস্তেরঢেঢ়ী জলেতে পাদঘণ্টা পর্য্যন্ত পাক করিয়া ছাঁকিয়া লইবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। ডিকাক্টম্ ক্বার্কস্ । । ডিকাক্শন্ আব্ ওক্ (বার্ক) ।

। ওক্ নামক বৃক্ষের ছালের ক্বাথ ।

ওক্‌বার্ক অর্থাৎ ওকবৃক্ষের ত্বক্ কুট্টিতা	...	১০	ড্রাম
পরিস্রুত জল	...	২	পৈণ্ট

জলেতে ওক্ বৃক্ষের ত্বক্ পাক করিয়া অর্দ্ধাবশেষ হইলে ছাঁকিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ডিকাক্‌টম্ সার্জি।	ডিকাক্‌শন্ আব্ সার্সাপারিল্লা।

। বাঙ্গালা ।

। সাল্সা ক্বাথ ।

সাল্সার ক্ষুদ্র খণ্ড অর্থাৎ কুচান সাল্সা	...	...	৫	ঔন্স
অত্যুষ্ণ পরিস্রুত জল	...	... ...	৪	পৈণ্ট

উক্ত জলে সাল্সা প্রক্ষেপ করিয়া পাত্রের মুখ ঢাকিয়া অগ্নির নিকট চারঘণ্টা ভিজাইয়া রাখিবেক তদনন্তর সাল্সাকে জল হইতে উঠাইয়া কুট্টিত করিবেক পুনর্ব্বার ঐ জলে প্রক্ষেপ করিয়া অগ্নির নিকট দুইঘণ্টা ভিজাইয়া রাখিবেক পরে অগ্নিতে পাক করিয়া দুই পৈণ্ট থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ডিকাক্‌টম্ সার্জি-কম্পাসিটম্ ।	। কম্পৌণ্ড ডিকাক্‌শন্-আব্ সার্সাপারিল্লা ।

। বাঙ্গালা ।

। সাল্সাদি ক্বাথ ।

সাল্সার অত্যুষ্ণ ক্বাথ	...	... ...	৪	পৈণ্ট
সাসাফ্রাস্ অর্থাৎ সাচিফরাস ইহার ক্ষুদ্র খণ্ড		...	১০	ড্রাম
গ্বাকমের ছিল্কা	...	... ...	১০	ড্রাম
যষ্টিমধু কুট্টিত	...	... ...	১০	ড্রাম
মিজিরিয়ম	...	... ...	৩	ড্রাম

এই সকল বস্তু পাদঘণ্টা পর্য্যন্ত একত্র পাক করিয়া ছাঁকিয়া লইবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। ডিকাক্‌টম্ স্কোপারিয়াই-কাম্পাসিটম্ । । কম্পৌণ্ড ডিকাক্‌শন্-আব্ ব্রুম্ ।

। ব্রুম নামক বৃক্ষের ক্বাথ।

ব্রুম্	...	...	... ...	॥০ ঔন্স
জুনিপরের ফল	...	...	...	॥০ ঔন্স
ডাণ্ডিলৈএন্	...	...	...	॥০ ঔন্স
পরিস্রুত জল	...	...	...	১॥০ পৈণ্ট

এই সকল বস্তু একত্র পাক করিবেক এবং এক পৈণ্ট জল থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। ডিকাক্‌টম্ সৈনিগী । । ডিকাক্‌শন্ আব্ সেনীগা ।

। সেনীগা নামক বৃক্ষের ক্বাথ ।

সেনীগা	...	..	...	১০ ড্রাম
পরিস্রুত জল	...	...	..	২ পৈণ্ট

জলেতে সেনীগা পাক করিবেক এবং এক পৈণ্ট থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। ডিকাক্‌টম্ টার্মিণ্টিল্লী। ডিকাক্‌শন্ আব্ টার্মিণ্টিল্।

। টর্মিণ্টিল্ নামকবৃক্ষের ক্বাথ।

টার্মিণ্টিল্ কুট্টিত	...	...	...	২	ঔন্স
পরিস্রুত জল	...	...	...	১॥০	পৈণ্ট

জলেতে টার্মিণ্টিল পাক করিবেক এবং এক পৈণ্ট শেষ থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। ডিকাক্‌টম্ অল্মৈ। । ডিকাক্‌শন্ আব্ এল্ম (বার্ক)

। এল্ম নামক বৃক্ষের ছালের ক্বাথ।

এল্মের নূতন ছাল কুট্টিত	...	.	২॥০	ঔন্স
পরিস্রুত জল	... ...	...	২	পৈণ্ট

জলের সহিত উক্ত ছাল পাক করিয়া এক পৈণ্ট শেষ থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। ডিকাক্‌টম্ যুবী অর্সৈ। । ডিকাক্‌শন্ আব্ হ্বাটল-বেরী।

। হ্বার্টল বেরী নামক বৃক্ষের ক্বাথ।

হ্বার্টল বেরী কুট্টিতা	...	...	..	১	ঔন্স
পরিস্রুত জল	..	...	...	১॥০	ঔন্স

জলেতে হ্বার্টলবেরী প্রক্ষেপ করিয়া পাক করিবেক এবং এক পৈণ্ট জল থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবেক।

।লাটিন্। ।ইংরাজী।

।ডিকাক্টম্ বিরাট্রৈ। ।ডিকাক্শন্ আব্ হ্বৈট্হে-লোবর্।

।বাঙ্গালা।

।শুক্ল কট্কীর ক্বাথ।

হ্বৈট্ হেলোবোর অর্থাৎ শুক্লকট্কী কুট্টিতা	...	১০ ড্রাম
পরিস্রুত জল	...	২ পৈণ্ট
রিক্টিফৈড্ স্পিরিট্ অর্থাৎ অল্পোজলসুরা	...	৩ ঔন্স

এই কট্কী জলেতে পাক করিয়া এক পৈণ্ট জল থাকিতে নামাইবেক এবং শীতল হইলে ইহাতে রিক্টিফৈড্ স্পিরিট্ দিয়া মিশ্রিত করিবেক পরে ঐ ক্বাথ ছাঁকিয়া লইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এম্প্লাষ্ট্রা ।	। প্লাষ্টর্স ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। উপনাহ ।	। পলস্ত্রা ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এম্প্লাষ্ট্রুম্ অম্মোনৈসৈ ।	। প্লাষ্টর্ আব্ অম্মোনীয়েকম্ ।

। এম্মোনিয়েকম্ পলস্ত্রা ।

অম্মোনিয়েকম্	৫	ঔন্স
ডিষ্টিলেড্ বিনিগর অর্থাৎ পরিস্রুত সির্কা ...	৮	ঔন্স

সির্কাতে আম্মোনিয়েকম্ গলাইয়া মৃদু অগ্নিতে ইহার দ্রবাংশ শোষণ করত অনবরত ঘুঁটিবেক এবং পট্টীর উপযুক্ত গাঢ় হইলে নামাইবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এম্প্লাষ্ট্রুম্ অম্মোনৈসৈ-কম্ হৈড্রার্জিরো ।	। প্লাষ্টর্ আব্ অম্মোনীয়েকম্-বিত্মর্ক্যুরী ।

। পারাযুক্ত এমোনিয়েকম্ পলস্ত্রা ।

অম্মোনিয়েকম্	১	পৌণ্ড
শোধিত পারা তুলা দ্বারা মাপিত	৩	ঔন্স
ওলিব আইল অর্থাৎ জিতফলতৈল	১	ড্রাম
গান্ধক	৮	গ্রেন

তৈলেতে গন্ধক ক্রমে ক্রমে প্রক্ষেপ করত উত্তমরূপে তাড়ুদ্বারা ঘুঁটিবেক এবং মিশ্রিত হইলেপর পারা দিয়া এরূপ মাড়িবেক যে পারা নিশ্চন্দ্র হইবেক অর্থাৎ উহার চাক্‌চক্য না থাকে পরে অম্মোনিয়েকম্‌ গলাইয়া উক্ত মিশ্রিত দ্রব্যের সহিত অল্প অল্প করিয়া মিলাইবেক।

। লাটিন্‌ ।	। ইংরাজী ।
। এম্‌প্লাষ্ট্রম্‌ বেল্লাডান্নী ।	। প্লাষ্টর আব্‌ ডেড্‌লী নৈট্‌-শেড্‌ ।

। বেল্লাডোনার পলস্ত্রা ।

প্লাষ্টর আব্‌ রেজিন্‌ অর্থাৎ ধূনার পলস্ত্রা ...	৩	ঔন্স
এক্সট্রাক্ট আব্‌ বেল্লেডানা অর্থাৎ বেল্লেডোনার সার	১॥০	ঔন্স

বাটরবাথ্‌ অর্থাৎ জলস্বেদনযন্ত্রে প্লাষ্টর আব্‌ রেজীনকে গলাইয়া উহাতে এক্সট্রাক্ট আব্‌ বেল্লা ডোনা প্রক্ষেপ করিয়া উত্তমরূপে মিশ্রিত করিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এম্প্লাষ্ট্রম্ ক্যান্থারিডিস্ ।	। প্লাষ্টর আব্ ক্যান্থারিডীজ্ ।

। বাঙ্গালা ।

। তেল্নী মক্ষিকার পলস্ত্রা ।

ক্যান্থারিডীজ্ অর্থাৎ তেল্নী মক্ষিকা ইহার সূক্ষ্ম চূর্ণ	১৷৹ পৌণ্ড
প্লাষ্টর আব বোয়াস্ক অর্থাৎ মোমের পলস্ত্রা ...	১৷৹ পৌণ্ড
চর্বী	৷৹ পৌণ্ড

প্লাষ্টর আব্ বোয়াক্স আর্থাৎ মোমের পলস্ত্রা এবং চর্বী এক পাত্রে গলাইয়া অগ্নি হইতে নামাইবেক ইহা যখন শীতল ও গাঢ় হইতে আরম্ভ হইবেক তৎকালীন তেল্নী মক্ষিকা চূর্ণ অল্প অল্প করিয়া ক্রমশঃ ইহাতে পুক্ষেপ করিয়া মিশ্রিত করিবেকে ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এম্প্লষ্ট্রম্ সীরী ।	। ওয়াক্স প্লাষ্টর ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। মধূচ্ছিষ্টোপনাহ ।	। মোমের পলস্ত্রা ।

মোম	৩ পৌণ্ড
পরিষ্কৃত চর্বী	৩ পৌণ্ড
রেজীন্ অর্থাৎ ধূনা	১ পৌণ্ড

এই তিন বস্তু একত্র করিয়া অগ্নিতে গলাইয়া ছাঁকিয়া লইবেক ।

। লাটিন্।	ইংরাজী।
। এম্প্লাষ্ট্রাম গ্যাল্বানৈ।	। প্লাষ্টর আব্ গ্যাল্বেনম্।

। বাঙ্গালা ।

। গন্ধবুজার পলস্ত্রা ।

খ্যাল্বেনম্ অর্থাৎ গন্ধবুজা	৮	ঔন্স
প্লাষ্টর আব্ লেড্	৩	পৌণ্ড
টার্পিণ্টৈন অর্থাৎ টার্পিন	১০	ড্রাম
রেজীন্ আব্ দি স্প্রুস্ফর অর্থাৎ স্প্রুসফর্নামক বৃক্ষের ধুনা চূর্ণীকৃত ...	৩	ড্রাম

একপাত্রে গন্ধবুজা এবং টার্পিণ্টৈন্ একত্র গলাই-বেক ইহাতে প্রথমতঃ রেজীন্ আব্ দি স্প্রুস্ফর দিবেক তদনন্তর লেড্ প্লাষ্টর মৃদু অগ্নিতে গলাইয়া উহাতে প্রক্ষেপ করিবেক উক্ত সমস্ত দ্রব্য এই রূপে গলাইয়া ও মিশ্রিত করিয়া পলস্ত্রা প্রস্তুত করিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। এম্প্লাষ্ট্রম হৈড্রার্জিরৈ।	। মর্ক্যুরিয়েল্ প্লাষ্টর।
। সংস্কৃত।	। বাঙ্গালা।
। পারদোপনাহ।	। পারার পলস্ত্রা।

শুদ্ধ পারা তুলামানদ্বারা পরিমিত ...	৩	ঔন্স
ওলিব আইল অর্থাৎ জিত্ফল তৈল ...	১	ড্রাম.
প্লাষ্টর আব্ লেড্ অর্থাৎ মুদ্রাশঙ্খের পলস্ত্রা	১	পৌণ্ড
গন্ধক	৮	গ্রেন

উক্ত তৈল উষ্ণ করিয়া ইহাতে ক্রমে ক্রমে গন্ধক দিয়া তাবৎ অনবরত ঘুঁটিবেক যাবৎ উত্তমৰূপে মিশ্রিত না হয় পরে ইহাতে পারা দিয়া এমত মাড়িবেক যে পারা নিশ্চন্দ্র হইয়া মিলিয়া যাইবেক তদনন্তর প্লাষ্টর আব্ লেড্কে মৃদু অগ্নিতে গলাইয়া উক্ত মিলিত দ্রব্য সকলের সহিত ক্রমশঃ মিলাইবেক এবং উত্তমৰূপে মিশ্রিত করিবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। এম্প্লাষ্ট্রম্ ওপিয়াই।	। প্লাষ্টর আব্ ওপিয়ম্।
। সংস্কৃত।	। বাঙ্গালা।
। অহিফেণোপদেহ।	। আফিঙ্গের পলস্ত্রা।

আফিঙ্গ চূর্ণ	।।০	ঔন্স
রেজীন আব্ দি স্প্রুসফর অর্থাৎ স্প্রুসফর নামক বৃক্ষের ধূনা চূর্ণ ...	৩	ঔন্স
প্লাষ্টর আব্ লেড্	১	পৌণ্ড
জল	৮	ঔন্স

প্লাষ্টর আব্ লেড্ গলাইয়া ইহাতে উক্ত ধূনা এবং আফিঙ্ ও জল নিক্ষেপ করিবেক এবং মৃদু অগ্নিতে পাক করিয়া পলস্ত্রার উপযুক্ত গাঢ় হইলে নামাইয়া রাখিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। এম্প্লাষ্ট্রম্ পৈসিস্। । প্লাষ্টর আব্ পিচ্।

বর্গন্দী পিচ্	২	পৌণ্ড
রেজীন্ আব্ দি স্প্রুসফর অর্থাৎ স্প্রুসফর নামক বৃক্ষের ধূনা	১	পৌণ্ড
রেজীন্ অর্থাৎ রজন্	৪	ঔন্স
মোম	৪	ঔন্স
জায়ফলের তৈল	১	ঔন্স
ওলিব আইল্ অর্থাৎ জিত্ফল তৈল ...	২	ঔন্স
জল	২	ঔন্স

বর্গন্দী পিচ্ এবং রেজীন্ ও মোম এই তিন দ্রব্য একত্র গলাইয়া ইহাতে প্রথমতঃ রেজীন্ আব্ দি স্প্রুস্ফর যোগ করিবেক পরে জায়ফলের তৈল এবং ওলিব আইল ও জল দিয়া মিলাইবেক এবং মৃদু সন্তাপদ্বারা পাক করিয়া পলস্ত্রার উপযুক্ত গাঢ় হইলে নামাইবেক।

। লাটিন্।	। ইংরাজী।
। এম্প্লাষ্ট্রুম প্লম্বৈ।	। প্লাষ্টর আব্ লেড্। (ষ্টিকিং প্লাষ্টর)

। বাঙ্গালা।

। মুদ্রাশঙ্খের পলস্ত্রা।

আকসৈড আব্ লেড্ অর্থাৎ মুদ্রাশঙ্খ ইহার সূক্ষ্মচূর্ণ	৬	পৌণ্ড
ওলিব আইল (জিতফল তৈল)	৮	পৈণ্ট
জল	২	পৈণ্ট

এই বস্তুত্রয় এক পাত্রে রাখিয়া মৃদু অগ্নিতে পাক করিবেক এবং যেপর্য্যন্ত এই তিন দ্রব্য উত্তমরূপ মিশ্রিত না হয় এবং পট্টীর উপযুক্ত গাঢ় না হয় সেপর্য্যন্ত অনবরত ঘুঁটিবেক যদ্যপি প্রস্তুত হইবার পূর্ব্বে প্রথমের জল তাবৎ শুষ্ক হইয়া জায় তবে আরো কিঞ্চিৎ উষ্ণজল উহাতে প্রক্ষেপ করিবেক কারণ তাহা করিলে ঐ ঔষধ জ্বলিয়া যাইবেক না।

। লাটিন্।	। ইংরাজী।
। এম্প্লাষ্ট্রুম রেজিনী।	। প্লাষ্টর আব্ রেজিন্।

। বাঙ্গালা।

। রজনের পলস্ত্রা।

রেজিন চূর্ণ অর্থাৎ রজন চূর্ণ	।।০	পৌণ্ড
প্লাষ্টর আব লেড	৩	পৌণ্ড

প্লাষ্টর আব্ লেড্ মৃদু সন্তাপ দ্বারা গলাইয়া ইহাতে রজন্ চূর্ণ দিয়া উত্তমরূপে মিশ্রিত করিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। এম্প্লাষ্ট্রুম্ সাপোর্নাস্। । প্লাষ্টর আব্ সোপ্।

। বাঙ্গালা।

। সাবানের পলস্ত্রা।

সাবানের খণ্ড	||০ পৌণ্ড
প্লাষ্টর আব লেড্ অর্থাৎ (মুদ্রাশঙ্খের পলস্ত্রা)	৩ পৌণ্ড

প্লাষ্টর আব্ লেড্ গলাইয়া সাবানের সহিত মিশ্রিত করিবেক এবং যেপর্য্যন্ত পট্টার উপযুক্ত গাঢ় না হয় সেপর্য্যন্ত পাক করিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। ইনিমেটা। । ইনিমাস্।

। সংস্কৃত। । বাঙ্গালা।

। বস্তি দ্রব্য বা নিরূহণ। । পিচ্কারীর ঔষধ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। ইনিমা অলোইজ্ ।	। ইনিমা আব্ অলোজ্ ।

। বাঙ্গালা ।

। মুসব্বরের পিচ্‌কারী ।

মুসব্বর	২	স্ক্রুপল
কার্বোনেট্ আব্ পোটাস	১৫	গ্রেন
ডিকাক্‌সন আব বার্লি অর্থাৎ বিলাতী যবক্কাথ	।।০	পৈণ্ট

এই তিন দ্রব্য একত্র মাড়িয়া মিশ্রিত করিবেক ।

। লাটিন ।	। ইংরাজী ।
। ইনিমা কালোসিন্থিডিস্ ।	। ইনিমা আব্ কালোসিন্থ ।

। বাঙ্গালা ।

। ইন্দ্রবারুণীর পিচ্‌কারী ।

কম্পৌণ্ড এক্‌ট্রাক্ট্ আব্-কালোসিন্থ ... } অর্থাৎ ইন্দ্রবারুণ্যাদির সার	২	স্ক্রুপল্
কোমল সাবান	১	ঔন্স
জল	১	পৈণ্ট

এই তিন দ্রব্য একত্র করিয়া উত্তমরূপে মিশ্রিত করিবেক ।

।লাটিন্।	।ইংরাজী।
।ইনিমা ওপিয়াই।	।ইনিমা আব্ ওপিয়ম্।

।বাঙ্গালা।

।আফিঙ্গের পিচ্‌কারী।

ডিকাক্‌শন্ আব্ ষ্টার্চ অর্থাৎ গমের পালো	...	৪	ঔন্স
লাডেনম্ অর্থাৎ সুরাবাসিত আফিঙ্গ দ্রব	...	৩০	বিন্দু

এই দুই বস্তুকে মিলাইবেক।

।লাটিন্।	।ইংরাজী।
।ইনিমা তবাসৈ।	।ইনিমা আব্ তাবাকো।

।বাঙ্গালা।

।দোক্তার পিচ্‌কারী।

দোক্তাপাতা	...	....	..	...	১	ড্রাম
অত্যুষ্ণ জল	...	..	...	...	১	পৈণ্ট

ঐ জলে দোক্তা এক ঘণ্টাপর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া লইবেক।

। লাটীন্ ।	। ইংরাজী ।
। ইনিমা টিরেবিন্থিনী ।	। ইনিমা আব্ টর্পেণ্টাইন্ ।

। বাঙ্গালা ।

। টাপিনের পিচ্‌কারী ।

টর্পেণ্টাইন্ আইল অর্থাৎ টাপিনতৈল ... ১ ঔন্স

ডিম্বের কুসুম যত প্রয়োজন হইবেক তাহা লইবেক.

উক্ত দুই বস্তুকে একত্র মাড়িয়া ইহাতে ঊনিশ ঔন্স ডিকাক্‌শন্ আব্ বার্লি অর্থাৎ যবক্কাথ দিয়া মিশ্রিত করিবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এক্স্‌ট্রাক্টা ।	। এক্স্‌ট্রাক্টস্ ।
। সংস্কৃত ।	। বাঙ্গালা ।
। রস ক্রিয়া ।	। সার ।

বনজৌষধির ক্বাথ কিম্বা কোন বনজ দ্রব্যের নিষ্পীড়িত রস সন্তাপ দ্বারা শোষণ করিয়া গাঢ় করিলে উহাকে ইংরাজী ভাষাতে এক্স্‌ট্রাক্ট কহে এবং বাঙ্গালাতে সার কহে. সার প্রস্তুত করণের বিধি এই কোন দ্রব্যের ক্বাথ কিম্বা রস এক প্রশস্ত পাত্রে রাখিয়া ওয়াটরবাথ্ অর্থাৎ জলস্বেদন যন্ত্র দ্বারা শোষণ করিয়া এমত গাঢ় করিবেক যে তাহাতে বটিকা করা যাইতে পারে।

সার করিবার কালীন ঐ রস গাঢ় হইতে আরম্ভ হইলে যাবৎ সার প্রস্তুত না হয়, তাবৎ অনবরত স্পেট্যুলা অর্থাৎ খুন্তী দ্বারা লাড়িবেক।

যে যে সারকে কোমল অর্থাৎ নরম রাখিবার প্রয়োজন হইবেক তাহাতে অল্প রিক্‌টিফেড্ স্পিরিট্ অর্থাৎ অল্পজল সুরার ছিটা দিবেক তাহা ইহলে ঐ সারৌষধ অধিক দিন থাকিলেও নষ্ট হইতে পারিবেক না।

লাটিন্।	ইংরাজী।
এক্স্‌ট্রাক্টম্ এলোজ-প্যুরিফিকেটম্।	প্যুরিফৈড্ এক্স্‌ট্রাক্ট আব-এলোজ্।

। বাঙ্গালা।

। মুসব্বরের পরিষ্কৃতসার।

মুসব্বর চূর্ণ	১৫	ঔন্স
উষ্ণজল	৮	পৈণ্ট

এই জলে মুসব্বর নিক্ষেপ করিয়া তিন দিবস পর্য্যন্ত মৃদু সন্তাপের নিকট ভিজাইয়া রাখিবেক তদনন্তর ছাঁকিয়া নির্জনে রাখিবেক এবং মলভাগ অধঃপতিত হইলে স্বচ্ছাংশ ঢালিয়া লইয়া এমত শোষণ করিবেক যাহাতে এই দ্রব গাঢ় হইয়া সার হইতে পারে।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এক্সট্রাক্টম্ বেল্লাডান্নী ।	। এক্সট্রাক্ট আব্ ডৈড্লী-নৈট্সেড্ ।

। বেল্লাডানার সার ।

বেল্লাডানার পত্র এক পৌণ্ড লইয়া প্রস্তরের খলে রাখিয়া উহাতে কিঞ্চিৎ জলের ছিটা দিয়া কুটিবেক পরে নিষ্পীড়ন দ্বারা যে রস নির্গত হইবেক তাহা শোষণ করিয়া এমত গাঢ় করিবেক যে সার হইতে পারে ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
এক্সট্রাক্টম্ সিঙ্কোনী-কার্ডিফোলিই ।	। এক্সট্রাক্ট আব্ হার্টলিবড্-সিঙ্কোনা ।

। সিঙ্কোনা নামক বৃক্ষের ছালের সার ।

সিঙ্কোনা অর্থাৎ যাহাকে বার্ক কহে তাহা	...	১৫	ঔন্স
জল	... ...	৪	গ্যালন্

প্রথমতঃ এক গ্যালন্ জলে সিঙ্কোনা বৃক্ষের ছাল পাক করিবেক এবং ছয় পৈণ্ট জল অবশিষ্ট থাকিতে নামাইয়া উষ্ণ থাকিতে ছাঁকিয়া লইবেক এই প্রকার আর তিনবার তিন গ্যালন জলেতে ঐ ছাল পাক

করিয়া ছাঁকিয়া লইবেক এবং উক্ত ক্বাথ সকল একত্র করিয়া সন্তাপ দ্বারা এরূপ শোষণ করিবেক যে ইহাতে সার প্রস্তুত হইতে পারে ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এক্সট্রাক্টম্ সিঙ্কোনী-লেন্সি ফোলিয়ি ।	। এক্সট্রাক্ট আব্ লেন্স লিভ্-সিঙ্কোনা ।
। এক্সট্রাক্টম্ সিঙ্কোনী-আব্ লাঞ্জি ফোলিয়ি ।	। এক্সট্রাক্ট আব্ লাঙ-লিভ্-সিঙ্কোনা ।

উক্ত দুই প্রকার সিঙ্কোনার সার প্রস্তুত করণের নিয়ম পূর্ব্ববৎ জানিবেন ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
এক্সট্রাক্টম্ কাল্‌সিসাই-অসিটিকম্ ।	। অসিটিক্ এক্সট্রাক্ট আব্-মিডোসাফরন্ ।

। মিডোসাফরানের সার ।

মেডোসাফরনের নূতন গ্রন্থি	... ...	১ পৌণ্ড
অসিটিক্ এসিড্ অর্থাৎ সির্কা দ্রাবক	...	৩ ঔন্স

উক্ত গ্রন্থি সকলেতে এই এসিড অল্প অল্প ছিটাদিয়া কুটিবেক পরে উহার রস নিষ্পীড়ন করিয়া লইবেক এবং এমত মৃণ্ময়পাত্রে ঐ রসকে শোষণ করিয়া গাঢ় করিবেক যাহাতে শীশার সম্পর্কও না থাকে ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এক্স্‌ট্রাক্‌টম্ কাল্‌চিসাই-কার্মৈ ।	। এক্‌ট্রাক্ট আব্ মেডো-সাফরান্ (কার্মস্) ।

। মিডোসাফরানের গুন্থির সার ।

মেডো সাফরানের নূতন গুন্থি ... ... ১ পৌণ্ড

কিঞ্চিৎ জলের ছিটা দিয়া উক্ত গুন্থি সকলকে প্রস্তরের খলে কুট্টিত করিয়া নিষ্পীড়ন করিয়া রস গ্রহণ করিবেক এবং ইহাকে শোষণ করিয়া গাঢ় করিয়া রাখিবেক ।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এক্স্‌ট্রাক্‌টম্ কালো-সিন্থিডিস্ ।	। এক্স্‌ট্রাক্ট আব্-কালোসিন্থ্ ।

। বাঙ্গালা ।

। ইন্দ্রবারুণীর সার ।

কালোসিন্থ্ অর্থাৎ ইন্দ্র বারুণীফলের মজ্জা ... ১ পৌণ্ড
পরিস্রুত জল ... ... ২ গ্যালন্

ইন্দ্রবারুণীফলের মজ্জা অর্থাৎ শাঁস খণ্ড খণ্ড করিয়া ঐ জলে ছয় ঘণ্টাপর্য্যন্ত মৃদু অগ্নিতে পাক করিবেক এবং জল অর্দ্ধাবশেষ হইলে ছাঁকিয়া লইবেক এই ক্বাথকে এমত শোষণ করিবেক যে গাঢ় হইয়া সারভূত হয় ।

।লাটিন্।	।ইংরাজী।
এক্স্‌ট্রাক্টম্ কালোসিন্থিডিস্‌-কম্পাসিটম্।	।কম্পৌণ্ড এক্স্‌ট্রাক্ট-আব্ কালোসিন্থ্।

।বাঙ্গালা।

।ইন্দ্রবারুণ্যাদি সার।

ইন্দ্রবারুণীফলের শাঁস	৬	ঔন্স
প্যুরিফৈড্ এক্স্‌ট্রাক্ট আব্ এলোজ অর্থাৎ মুসব্বরের পরিষ্কৃত সার	১২	ঔন্স
স্ক্যামোনী অর্থাৎ সাকমোনীয়া চূর্ণ .	৪	ঔন্স
এলাইচ চূর্ণ	১	ঔন্স
কঠিন সাবান	৩	ঔন্স
প্রুফস্পিরিট অর্থাৎ বহুজলসুরা . .	৮	পৈণ্ট

ইন্দ্র বারুণীফলের শাঁস খণ্ড খণ্ড করিয়া উক্ত সুরাতে নিক্ষেপ করিবেক এবং চার দিবসপর্য্যন্ত মৃদুসন্তাপোপরি ভিজাইয়া রাখিবেক পরে ছাঁকিয়া লইবেক এবং ঐ পরিস্রুত দ্রবেতে মুসব্বর স্ক্যামোনী ও সাবান দিয়া মিশ্রিত করিবেক তদনন্তর সন্তাপ দ্বারা শোষণ করিবেক এবং গাঢ় হইবার কিঞ্চিৎ পূর্ব্বে এলাইচ চূর্ণ দিয়া সার প্রস্তুত হইলে নামাইয়া লইবেক।

। লাটিন্ । । ইংরাজী ।

। এক্স্‌ট্রাক্‌টম্ কোনিয়াই । । এক্‌স্‌ট্রাক্ট আব্ হেম্‌লাক্ ।

। হেম্‌লাক্ নামক বৃক্ষের সার ।

হেম্‌লাক অর্থাৎ কোনীযমের নূতন পত্র .. ১ পৌণ্ড

ইহা এক পুস্তরের খলে রাখিয়া কিঞ্চিৎ জলের ছিটা দিয়া কুটিবেক তদনন্তর নিষ্পীড়ন করিয়া রস নির্গত করিয়া ঐ রস শোষণ করিয়া এরূপ গাঢ় করিবেক যে সারভূত হইবেক ।

লাটিন্ । । ইংরাজী ।

। এক্স্‌ট্রাক্‌টম্ ডিজিটালিস্ । । এক্‌স্‌ট্রাক্ট আব্ ফাক্সগ্লোব্ ।

। ডিজিটালিসের সার ।

ডিজিটালিসের নূতন পত্র .. ... ১ পৌণ্ড

এই পত্র সকলকে পুস্তরের খলে রাখিয়া কিঞ্চিৎ জলের ছিটা দিয়া কুটিবেক পরে নিষ্পীড়ন করিয়া রস গ্রহণ করিবেক এবং ঐ রস সন্তাপদ্বারা শোষণ করিয়া সারভূত করিবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। এক্সট্রাক্টম্ ইলাটিরীয়াই । । এক্সট্রাক্ট আব্-ইলাটিরীয়ম্ ।

। বাঙ্গালা ।

। বিলাতী রাখাল শশার সার ।

পক্ক ইলাটিরীয়ম ফল সকলকে খণ্ড খণ্ড করিয়া অতি মৃদু রূপে নিষ্পীড়ন করত রস নির্গত করিবেক এবং ঐ রসকে (হেরসিব্) অর্থাৎ কেশ নির্ম্মিত চালনীতে ছাঁকিয়া লইয়া কতিপয়ঘণ্টা-পর্য্যন্ত কাচপাত্রে রাখিবেক এবং নীচে সার পতিত হইলে উপরিস্থ স্বচ্ছ জল পরিত্যাগ করিয়া গাঢ় অংশকে মৃদু সন্তাপে অথবা রৌদ্রে শোষণ করিয়া লইবেক ।

। লাটিন্ । । ইংরাজী ।

। এক্সট্রাক্টম্ জিন্সিয়ানী । । এক্সট্রাক্ট আব্ জিন্সিয়েন্ ।

। জিন্সিয়েনের সার ।

জিন্সিয়েন ইহার খণ্ড	...	...	২৷৹	পৌণ্ড
অত্যুষ্ণ পরিস্রুত জল ...	...	...	২	গ্যালন

চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত জিন্সিয়েনকে জলেতে ভিজাইয়া রাখিবেক তদনন্তর পাক করিবেক এবং অর্দ্ধাবশেষ হইলে ইহাকে ছাঁকিয়া শোষণ দ্বারা সারভূত করিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। এক্স্ট্রাক্টম্ গ্লিশ্রীরেজী। । এক্স্ট্রাক্ট আব্ লৈকোরিস্।

। বাঙ্গালা।

। যষ্টিমধুর সার।

যষ্টিমধু খণ্ড	২॥০ পৌণ্ড
অত্যুষ্ণ পরিস্রুত জল	২ গ্যালন

যষ্টিমধু খণ্ড খণ্ড করিয়া জলেতে চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত ভিজাইয়া রাখিবেক তদনন্তর পাক করিবেক এবং অর্দ্ধাবশেষ হইলে উষ্ণ থাকিতে ছাঁকিয়া এমত শোষণ করিবেক যে তদ্দ্বারা গাঢ়ীভূত হইয়া সার হয়।

। লাটিন্। । ইংরাজী।

। এক্স্ট্রাক্টম্ হীমাটাক্সৈলৈ। । এক্স্ট্রাক্ট আব্ লাগবুড্।

। বাঙ্গালা।

। বকমের সার।

লাগ্‌বুড চূর্ণ অর্থাৎ বকমকাষ্ঠ চূর্ণ	২॥০ পৌণ্ড
অত্যুষ্ণ পরিস্রুত জল	২ গ্যালন

লাগ্‌বুড চূর্ণ জলেতে চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত ভিজাইয়া রাখিবেক পরে পাক করিয়া জল অর্দ্ধাবশেষ হইলে উষ্ণ থাকিতে ছাঁকিয়া শোষণ দ্বারা এরূপ গাঢ় করিবেক যে সারভূত হইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। এক্‌স্‌ট্রাক্‌টম্ হৈয়োসৈয়েমৈ। । এক্‌স্‌ট্রাক্ট আব্ হেন্‌বেন্।

। খরসানী যমানী পত্রের সার।

হেন্‌বেন্ অর্থাৎ খরসানী যমানী ইহার নূতন পত্র ১ পৌণ্ড

লইয়া প্রস্তরের খলে রাখিয়া কিঞ্চিৎ জলের ছিটা দিয়া পেষণ করিবেক এবং রস নিষ্পীড়ন করিয়া ঐ রসকে মৃদু সন্তাপ দ্বারা শোষণ করিয়া সারভূত করিয়া লইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। এক্‌স্‌ট্রাক্‌টম্ জালাপী। । এক্‌স্‌ট্রাক্ট আব্ জালপ্।

জোলাফার সার।

জালপ্ রুট্ অর্থাৎ জোলাফার মূল চূর্ণ ...	২॥০	পৌণ্ড
রিক্‌টিফৈড্ স্পিরিট অর্থাৎ অল্পাজল সুরা ...	১	গ্যালন্
পরিস্রুত জল	২	গ্যালন

এই সুরাতে জোলাফার চূর্ণ চার দিবস ভিজাইয়া রাখিয়া টিঙ্কট্যুর অর্থাৎ শুক্তভাবাপন্ন যে সুরাংশ তাহা ঢালিয়া লইবেক, অধঃপতিতাংশকে উক্ত জলেতে পাক করিয়া চার পৈণ্ট জল থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইয়া সন্তাপদ্বারা গাঢ় করিবেক এবং সুরাযুক্ত প্রথমাংশকে ছাঁকিয়া এমত চুয়াইবেক যে যন্ত্রস্থ ভাগ গাঢ় হইবেক তদনন্তর ঐ দুই সারাংশকে একত্র করিয়া এমত শোষণ করিবেক যে সারভূত হইবেক।

এই সারকে দুই প্রকার করিয়া প্রস্তুত করণ আবশ্যক এক প্রকার এমত গাঢ় করিবেক যে তাহাতে বটিকা প্রস্তুত হইতে পারে দ্বিতীয় প্রকার এমত কঠিন করিবেক যে তাহাকে চূর্ণ করা যাইতে পারে।

। লাটিন্।	। ইংরাজী।
। এক্স্‌ট্রাক্টম লাক্ট্যুসী।	। এক্স্‌ট্রাক্ট আব্ লেট্যুস্।

লেট্যুস্ নামক বৃক্ষের নূতন পত্র ... ... ১ পৌণ্ড

প্রস্তরের খলে ঐ পত্র রাখিয়া জলের ছিটা দিয়া পেষণ করিবেক এবং রস নিষ্পীড়ন করিয়া মৃদু সন্তাপে এমত শোষণ করিবেক যে সারভূত হইবেক।

।লাটিন্।	।ইংরাজী।
। এক্সট্রাক্টম লুপ্যুলৈ ।	। এক্সট্রাক্ট আব্ হাপ্স ।

হাপস	... .	৬ ঔন্স
অত্যুষ্ণ পরিস্রুত জল	... ...	২ গ্যালন

হাপ্স চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত জলেতে ভিজাইবেক পরে পাক করিবেক এবং জল অর্দ্ধাবশেষ হইলে ছাঁকিয়া লইবেক ঐ ক্বাথ সন্তাপ দ্বারা গাঢ় করিয়া সার প্রস্তুত করিবেক।

। লাটিন্।	।ইংরাজী ।
। এক্সট্রাক্টম্ ওপিয়াই-প্যুরিফিকেটম্ ।	। প্যুরিফৈড্ এক্সট্রাক্ট আব-ওপিয়ম্ ।

। বাঙ্গালা ।

। আফিঙ্গের নির্ম্মল সার ।

আফিঙ্গ	... ...	২০ ঔন্স
পরিস্রুত জল	... ...	১ গ্যালন্

আফিঙ্গ খণ্ড খণ্ড করিয়া ইহাতে কিঞ্চিৎ জল দিয়া দ্বাদশ ঘণ্টা ভিজাইয়া রাখিবেক কোমল হইলেপর খলে রাখিয়া অবশিষ্ট জল অল্প অল্প দিয়া এমত পেষণ করিবেক যে জলের সহিত ঐ আফিঙ্গ মিশ্রিত হইয়া

যাইবেক তদনন্তর নির্জনস্থানে রাখিবেক. ইহার মলাংশ অধঃপতিত হইলে দ্রবাংশ ছাঁকিয়া শোষণ করিয়া সার প্রস্তুত করিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। এক্সট্রাক্টম্ পেপাবিরিস্। । এক্সট্রাক্ট আব্ পাপী।

। বাঙ্গালা।

। পোস্তের ডেটীর সার।

বীজ রহিত পোস্তের ডেটী কুট্টিতা	..	১৫	ঔন্স
অত্যুষ্ণ পরিস্রুত জল	... .	১	গ্যালন্

ঐ জলেতে পোস্তের ডেটী চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত ভিজাইয়া রাখিবেক পাক করিয়া জল অর্দ্ধাবশেষ হইলে. ছাঁকিয়া শোষণ করিয়া সার প্রস্তুত করিবেক।

। লাটিন্। । ইংরাজী।

। এক্সট্রাক্টম্ পারৈরী। । এক্সট্রাক্ট আব্ পারৈরা।

কুট্টিত পারৈরা	... ...	২।।০	পৌণ্ড
অত্যুষ্ণ পরিস্রুত জল	... .	১	গ্যালন

ঐ জলেতে পারৈরা চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত ভিজাইয়া রাখিবেক তদনন্তর পাক করিয়া জল অর্দ্ধাবশেষ হইলে উষ্ণতা থাকিতে ক্বাথ ছাঁকিয়া মৃদু সন্তাপদ্বারা এমত গাঢ় করিবেক যে সারভূত হইবেক।

। লাটিন্। । ইংরাজী।

। এক্স্‌ট্রাক্টম্ রিয়াই। । এক্স্‌ট্রাক্ট আব্ রুবার্ব।

। বাঙ্গালা।

। রেউচিনির সার।

রেউচিনি চূর্ণ	১৫	ঔন্স
প্রুফস্পিরিট অর্থাৎ অধিক জল সুরা ...	১	পৈণ্ট
পরিস্রুত জল	৭	পৈণ্ট

সুরাতে এবং জলেতে রেউচিনি চূর্ণ প্রক্ষেপ করিয়া চারদিবসপর্য্যন্ত মৃদুসন্তাপের উপরি ভিজাইয়া রাখিবেক তদনন্তর ইহা ছাঁকিয়া লইয়া নির্জন স্থানে রাখিবে এবং মলাংশ নীচে পতিত হইলে স্বচ্ছাংশ ঢালিয়া লইয়া সন্তাপদ্বারা এমত শোষণ করিবেক যে গাঢ় হইয়া সারবৎ হইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এক্সট্রাক্টম্ সার্সি ।	। এক্সট্রাক্ট আব্ সার্সা-পারিল্লা ।

। বাঙ্গালা ।

। সাল্সার সার ।

সালসার মূল কুচান	...	...	...	২॥৹	পৌণ্ড
অত্যুষ্ণ পরিস্রুত জল	..	.	...	২	গ্যালন্

ঐ জলেতে সাল্সা দিয়া চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত ভিজাইয়া রাখিবেক তদনন্তর পাক করিয়া জল অর্দ্ধাবশেষ হইলে ক্বাথ ছাঁকিয়া লইয়া এমত শোষণ করিবেক যে সারভূত হইবেক।

। লাটিন্ ।	। ইংরাজী ।
। এক্সট্রাক্টম্ স্ট্রামোনিয়াই ।	। এক্সট্রাক্ট আব্ থার্ন-এপ্পিল্ ।

। বাঙ্গালা ।

। ধুস্তূর বীজ সার ।

ধুস্তূর বীজ	...	...	...	...	১৫	ঔন্স
অত্যুষ্ণ পরিস্রুত জল	...	...	...		১	গ্যালন

উক্ত বীজ জলেতে রাখিয়া চারঘণ্টাপর্য্যন্ত অগ্নির নিকট ঢাকিয়া রাখিবেক তদনন্তর ঐ বীজ সকল জল হইতে উদ্ধৃত করিয়া প্রস্তরের খলে কুট্টিত করিবেক পুনর্ব্বার ঐ জলে উহা প্রক্ষেপ করিয়া পাক করিয়া অর্দ্ধাবশেষ হইলে ক্বাথ ছাঁকিয়া লইবেক এবং এমত শোষণ করিবেক যে গাঢ় হইয়া সারভূত হইবেক।

। লাটিন্।	। ইংরাজী।
এক্সট্রাক্টম্ টেরেক্সিসৈ।	। এক্সট্রাক্ট আব্ ডাণ্ডিলিয়ন্।

ডাণ্ডিলিয়ন রুট অর্থাৎ ডাণ্ডিলিয়ন্ নামক বৃক্ষের মূল	২॥০	পৌণ্ড
অত্যুষ্ণ পরিস্রুত জল	২	গ্যালন্

ঐ মূল উক্ত জলে চব্বিশ ঘণ্টা ভিজাইয়া রাখিবেক পরে পাক করিয়া এক গ্যালন্ থাকিতে নামাইয়া উষ্ণ থাকিতে ছাঁকিয়া সন্তাপদ্বারা এরূপ শোষণ করিবেক যে গাঢ় হইয়া সারভূত হইবেক।